মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনেরসার-সংক্ষেপ:

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়	৬	৬	০০	০০	৫	৬	৪০% হতে ১৫৮%	৫	৬০.৬০% হতে ২৬৩.৮৬%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০৬টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল

ক্র: নং	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
১.	পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (২য় সংশোধিত)	১২০০৫.০০	০১ জুলাই, ২০১১ হতে ৩০ জুন, ২০১৮
২.	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো সুবিধাদি উন্নয়ন (২য় সংশোধিত)	১২২৩২.৭৮	০১ জুলাই, ২০১২ হতে ৩০ জুন, ২০১৮
৩.	আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট স্থাপন (২য় পর্যায়)	৪৬৮৫.৮০	০১.১১.২০১১ হতে ৩০.০৬.২০১৮
৪.	সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট (৩য় সংশোধিত) (SEQAEP)	৩৩০২১২.০৭	জুলাই ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭
৫.	মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, লালমাটিয়া মহিলা কলেজ এবং আগারগাঁও তালতলা সরকারি কলোনী স্কুল এন্ড কলেজের উন্নয়ন	২৭৬১.৯২	জানুয়ারি ২০১৩ হতে জুন ২০১৮
৬.	শেখ হাসিনা একাডেমি এন্ড উইমেন্স কলেজ , কালকিনি, মাদারীপুর এর অবকাঠামো উন্নয়ন	১৮১২.০০	জুলাই ২০১৪ হতে জুন ২০১৮

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
(১) ‘‘পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (২য় সংশোধিত)”।	(ক) প্রকল্পের অনুকূলে বছর ভত্তিক প্রযোজনীয় বরাদ্দ না পাওয়া; (খ) চুক্তি মোতাবেক কর্মপরিকল্পনার আলোকে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক যথাসময়ে কাজ সম্পন্ন না করা।
(২) ‘‘খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো সুবিধাদি উন্নয়ন (২য় সংশোধিত)”।	(ক) প্রকল্পের অনুকূলে বছর ভত্তিক প্রযোজনীয় বরাদ্দ না পাওয়া; (খ) চুক্ত মোতাবেক কর্মপরিকল্পনার আলোকে ঠিকাদার প্রতিষ্ঠান

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
	কর্তৃক যথাসময়ে কাজ সম্পন্ন না করা। (গ) প্রকল্প বাস্তবানয়কারী কর্তৃপক্ষের প্রকল্প বাস্তবায়ন সক্ষমতার অভাব।
(৩) "আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট স্থাপন (২য় পর্যায়)"।	(ক) প্রকল্পের অনুকূলে বছর ভিত্তিক প্রয়োজনীয় বরাদ্দ না পাওয়া; (খ) চুক্তি মোতাবেক কর্মপরিকল্পনার আলোকে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক যথাসময়ে কাজ সম্পন্ন না করা।
(৪) "সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট (৩য় সংশোধিত) (SEQAEP)"।	(ক) প্রকল্পের অনুকূলে বছর ভিত্তিক প্রয়োজনীয় বরাদ্দ না পাওয়া; (খ) চুক্তি মোতাবেক কর্মপরিকল্পনার আলোকে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক যথাসময়ে কাজ সম্পন্ন না করা। (গ) ডলার-এসডিআর বিনিময় হারের তারতম্যের কারণে আরপিএ খাতে ঘাটতি।
(৫) "মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, লালমাটিয়া মহিলা কলেজ এবং আগারগাঁও তালতলা সরকারি কলোনী স্কুল এন্ড কলেজের উন্নয়ন"।	(ক) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ সাইট হস্তান্তরে বিলম্ব হওয়া; এবং (খ) যত তলা ভিত তত তলা ভবন নির্মাণের পুনঃসিদ্ধান্ত গ্রহণ।
(৬) "শেখ হাসিনা একাডেমি এন্ড উইমেন্স কলেজ , কালকিনি, মাদারীপুর এর অবকাঠামো উন্নয়ন"।	(ক) নির্মাণ সাইট নিচু হওয়া ও পানিতে নিমজ্জিত থাকার কারণে যথাসময়ে কাজ আরম্ভ করতে না পারা; এবং (খ) নির্মাণ সাইট নির্ধারণ সংক্রান্ত জটিলতায় কাজ আরম্ভে বিলম্ব হওয়া।

সংযুক্তি-১

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ

ক্র:নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
১.	১.১ প্রকল্পের আওতায় সরবরাহকৃত আসবাবপত্র, যন্ত্রপাতি এবং নির্মিত ভৌত অবকাঠামোর যথাযথ ব্যবহার নিশ্চিত না করা; ১.২ উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো নির্ধারিত নিয়মে বিশ্ববিদ্যালয়ের রাজস্ব বাজেটের আওতায় স্থানান্তরের পদক্ষেপ গ্রহণ না করা; ১.৩ উন্নয়ন প্রকল্পের পিসিআর প্রনয়ণের ক্ষেত্রে বাস্তবায়ন পর্যায়ে উদ্ভুতসমস্যাসহ বাস্তবায়নোত্তর পর্যায়ে প্রকল্পের প্রভাব যেমন-উন্নয়নে নারীর অংশগ্রহণ, প্রকল্পের টেকসই, দারিদ্র বিমোচনে ভূমিকা, স্টেকহোল্ডারদের অভিমত সংক্রান্ত তথ্যাদি সংখ্যাগত আকারে সুনির্দিষ্টভাবে সন্নিবেশ করা হয়নি।	১.১ প্রকল্পের নির্ধারিত উদ্দেশ্য অর্জন এবং দীর্ঘমেয়াদে ইতিবাচক প্রভাব নিশ্চিত করার নিমিত্ত প্রকল্পের আওতায় সরবরাহকৃত আসবাবপত্র, যন্ত্রপাতি এবং নির্মিত ভৌত অবকাঠামোর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা; ১.২ উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো নির্ধারিত নিয়মে বিশ্ববিদ্যালয়ের রাজস্ব বাজেটের আওতায় স্থানান্তরের পদক্ষেপ গ্রহণ করা যাতে করে প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ে ভৌত অবকাঠামোর মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা সম্ভব হয়; ১.৩ উন্নয়ন প্রকল্প, বাস্তবায়ন ও বাস্তবায়নোত্তর পর্যায়ে নিয়মানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অডিট কাজ সম্পদান করা; ১.৪ উন্নয়ন প্রকল্পের পিসিআর প্রনয়ণের ক্ষেত্রে

ক্র:নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
		বাস্তবায়ন পর্যায়ে উদ্ভুত সমস্যাসহ বাস্তবায়নোত্তর পর্যায়ে প্রকল্পের প্রভাব যেমন- উন্নয়নে নারীর অংশগ্রহণ, প্রকল্পের টেকসই, দারিদ্র বিমোচনে ভূমিকা, স্টেকহোল্ডারদের অভিমত সংক্রান্ত তথ্যাদি সংখ্যাগত আকারে সুনির্দিষ্টভাবে সন্নিবেশ করা; ১.৫ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সর্বোচ্চ মান নিশ্চিত করার লক্ষ্যে ল্যাবরেটরীগুলোতে আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করার পাশাপাশি শিক্ষকগণের গবেষণা সহায়ক পরিবেশ তৈরী ও প্রশিক্ষণ প্রদান এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা; ১.৬ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ছাত্রসহ ক্যাম্পাসের উক্ত অংশের একাডেমিক , প্রশাসনিক ও আবাসিক ভবন ব্যবহারকারীগণের বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের যাতায়তের ব্যবস্থা নির্বিঘ্ন ও ঝুকিঁমুক্ত করার নিমিত্ত বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের দুইটি অংশের মাঝে অবস্থিত বাজারের রাস্তার ওপর ওভারপাস নির্মাণের বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গুরুত্বসহকারে বিবেচনা করা যেতে পারে;
২.	২.১ অনুমোদিত ডিপিপি (২য় সংশোধিত) ও সরকারী ক্রয় বিধি (পিপিআর-২০০৮) অনুসরণ না করে প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রম সম্পাদন এবং প্রকল্পের আওতায় সম্পাদিত প্রায় সকল কাজের চুক্তিমূল্য (Contract Value) অপেক্ষা অতিরিক্ত মূলে কার্য সম্পাদন; ২.৩ প্রকল্প সমাপ্ত হওয়ার পরও দীর্ঘ ০১ বছর ০৫ মাস যাবত ব্যংক লেনদেন সম্পাদন এবং ২.৩ অনুমোদিত ডিপিপি'র ব্যত্যয় ঘটিয়ে ভৌত কার্যক্রম (নগর ও অঞ্চল পরিকল্পনা ভবন , টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের নতুন ল্যাব ভবন, পুরকৌশল ভবনের সম্প্রসারন) বাস্তবায়ন।	২.১ (ক) আইএমই বিভাগের ২৯/০৩/২০০৬ তারিখের আইএমইডি/সমন্বয়-৩/৬(৩)/২০০৪/১৬২ নং পরিপত্রের নির্দেশনা মোতাবেক সেপ্টেম্বর, ২০১৮ এর মধ্যে প্রকল্পের পিসিআর আইএমইডি'তে প্রেরণ না করে দীর্ঘ ০১ (এক) বছর যাবত সম্পূর্ণ অননুমোদিতভাবে প্রকল্পের কার্যক্রম বাস্তকবায়ন করা; অসম্পূর্ণ পিসিআর প্রেরণ এবং পিসিআর এ প্রদত্ত তথ্য ও বাস্তব অবস্থার মধ্যে আসামঞ্জস্যতা; (খ) অনুমোদিত ডিপিপি (২য় সংশোধিত) ও সরকারী ক্রয় বিধি (পিপিআর-২০০৮) অনুসরণ না করে প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রম সম্পাদন এবং প্রকল্পের আওতায় সম্পাদিত প্রায় সকল কাজের চুক্তিমূল্য (Contract Value) অপেক্ষা অতিরিক্ত মূলে কার্য সম্পাদন; (গ) প্রকল্প সমাপ্ত হওয়ার পরও দীর্ঘ ০১ বছর ০৫ মাস যাবত ব্যংক লেনদেন সম্পাদন এবং (ঘ) অনুমোদিত ডিপিপি'র ব্যত্যয় ঘটিয়ে ভৌত কার্যক্রম (নগর ও অঞ্চল পরিকল্পনা ভবন ,

ক্র:নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
		টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের নতুন ল্যাব ভবন, পুরকৌশল ভবনের সম্প্রসারন) বাস্তবায়নের বিষয়গুলো সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক তদন্তপূর্বক দায়দায়িত্ব নিরুপন এবং প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে স্বল্পতম সময়ের মধ্যে এ বিভাগ কে অবহিত করা; ২.২ উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো নির্ধারিত নিয়মে বিশ্ববিদ্যালয়ের রাজস্ব বাজেটের আওতায় স্থানান্তরের পদক্ষেপ গ্রহণ করা যাতে করে প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ে ভৌত অবকাঠামোর মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা সম্ভব হয়; ২.৩ উন্নয়ন প্রকল্প, বাস্তবায়ন ও বাস্তবায়নোত্তর পর্যায়ে নিয়মানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অডিট কাজ সম্পদান করা; ২.৪ উন্নয়ন প্রকল্পের পিসিআর প্রনয়ণের ক্ষেত্রে বাস্তবায়ন পর্যায়ে উদ্ভুত সমস্যাসহ বাস্তবায়নোত্তর পর্যায়ে প্রকল্পের প্রভাব যেমন- উন্নয়নে নারীর অংশগ্রহণ, প্রকল্পের টেকসই, দারিদ্র বিমোচনে ভূমিকা, স্টেকহোল্ডারদের অভিমত সংক্রান্ত তথ্যাদি সংখ্যাগত আকারে সুনির্দিষ্টভাবে সন্নিবেশ করা; ২.৫ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সর্বোচ্চ মান নিশ্চিত করার লক্ষ্যে ল্যাবরেটরীগুলোতে আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করার পাশাপাশি শিক্ষকগণের গবেষণা সহায়ক পরিবেশ তৈরী ও প্রশিক্ষণ প্রদান এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা; ২.৬ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একমাত্র ছাত্রী হল রোকেয়া ছাত্রী হল ভবনের ছাদে সুবিধাভোগীদের চাহিদা বিবেচনায় হালকা স্টিল স্ট্রাকচারের মাধ্যমে একটি জিমন্যাসিয়াম স্থাপনের পদক্ষেপ গ্রহণ করা যায় কি না বিশ্ববিদ্যালয় প্রকৌশল বিভাগ কর্তৃক তার কারিগরী বিষয়গুলো যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে; এবং ২.৭ অনুচ্ছেদ ১৬.১ হতে ১৬. ৬ এর সুপারিশসমূহ অনুসরণ এবং তার আলোকে গৃহীত ব্যবস্থা আইএমইডি'কে অবহিত করা।
৩.	৩.১ আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট স্থাপন প্রকল্পের প্রধান উদ্দেশ্য ছিলো মাতৃভাষা সংরক্ষণ এবং	৩.১ আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট স্থাপন প্রকল্পের প্রধান উদ্দেশ্য ছিলো মাতৃভাষা

ক্র:নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	পুনরুজ্জীবিতকরণের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করা এবং জাতীয় ভাষা পরিকল্পনা এবং ভাষা ম্যানেজমেন্ট নীতিমালা প্রণয়ন চূড়ান্ত করা হয়নি। ৩.২ প্রকল্পের আওতায় ভাষা ভিত্তিক মিডিয়া চ্যানেল চালু করার লক্ষ্যমাত্রা থাকলেও এটি এখনও বাস্তবায়ন করা হয়নি। ৩.৩ প্রকল্পের আওতায় নির্মিত ভবন, স্থাপিত আর্কাইভ ও মিউজিয়ামসহ বিভিন্ন অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব খাত হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের ব্যবস্থা না রাখা।	সংরক্ষণ এবং পুনরুজ্জীবিতকরণের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করা এবং জাতীয় ভাষা পরিকল্পনা এবং ভাষা ম্যানেজমেন্ট নীতিমালা প্রণয়ন করা। কিন্তু এ পর্যন্ত এ দু'টি পরিকল্পনা ও নীতিমালা প্রণয়ন চূড়ান্ত করা হয়নি। প্রকল্পের শতভাগ উদ্দেশ্য অর্জনের নিমিত্ত জরুরী ভিত্তিতে জাতীয় ভাষা পরিকল্পনা এবং ভাষা ম্যানেজমেন্ট নীতিমালা প্রণয়ন চূড়ান্তকরণপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে তদাকরী নিশ্চিত করতে হবে; ৩.২ প্রকল্পের আওতায় ভাষা ভিত্তিক মিডিয়া চ্যানেল চালু করার লক্ষ্যমাত্রা থাকলেও এটি এখনও বাস্তবায়ন করা হয়নি। প্রকল্পের কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জরুরী ভিত্তিতে ভাষা ভিত্তিক মিডিয়া চ্যানেল চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে ; ১.৩ প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে ০ ১ (এক) বার সংশোধন এবং পর্যায়ক্রমে ০৪ (চার) বার মেয়াদ বৃদ্ধি করা হয় (সর্বশেষ ০১.১১.২০১১ হতে ৩০.০৬.২০১৮ পর্যন্ত)। প্রকল্পটি বাস্তবায়নে কষ্ট ওভার রান না হলেও টাইম ওভার রান হয়েছে ৪৪ মাস (১২৫%), যা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে দুর্বলতা প্রতীয়মান হয়। ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বাস্তব ভিত্তিক নিরূপণের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে ; ১.৪ প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ছিল ৫৪৭৭.০০ লক্ষ টাকা। প্রকল্প সমাপ্তান্তে প্রকৃত ব্যয় ৪৬৮৫.৮০ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৮৫.৫৬%। কম্পিউটার সফটওয়্যার, টেলিকমিউনিকেশন ডাটা বেইজসহ কয়েকটি অংগ বাস্তবায়িত না হওয়ায় উক্ত খাতসমূহের অব্যয়িত মোট ৭৯১.১৯ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এ সমস্ত অংগের কার্যক্রম বাস্তবায়ন না হওয়ায় প্রকল্পের প্রকৃত উদ্দেশ্য ব্যাহত হবে কি-না সে বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখবে ; এবং ১.৫ প্রকল্পের আওতায় নির্মিত ভবন, স্থাপিত আর্কাইভ ও মিউজিয়ামসহ বিভিন্ন অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব খাত হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের ব্যবস্থা রাখতে হবে।

ক্র:নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
৪.	৪.১ প্রকল্প বাস্তবায়নে ৪ (চার) বছর সময় অতিক্রান্ত এবং প্রকল্পের ব্যয় বৃদ্ধি হয়েছে । ভবিষ্যতে প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে । ৪.২ পরিদর্শিত কিছু বিদ্যালয়ে টুইন ল্যাট্রিন, ওয়াশব্লক ও নলকূপ, পুরাতন ও নষ্ট হয়ে গিয়েছে। সেগুলো সংস্কার বা মেরামত করার কোন ব্যবস্থা রাখা হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। ৪.৩ প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর পর পিসিআর প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ করতে হবে ।	৪.১ প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ৩৪০০৮০.০০ লক্ষ টাকার সংস্থাপন ছিল এর বিপরীতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত প্রকৃত ব্যয় হয়েছে ৩৩০২১২.০৭ লক্ষ টাকা (৯৭.১০%), অর্থাৎ ৯৮৬৭.৯৩ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে (কম ব্যয় হয়েছে)। এ অব্যয়িত টাকা সরকারি কোষাগারে প্রদান করতে হবে (অনুচ্ছেদ ৫) ; ৪.২ ডিপিপির সংস্থান অনুযায়ী প্রধান প্রধান অঙ্গের ব্যয় বেশী করা হয়েছে যেমন-ইনসেনটিভ এওয়ার্ড টু স্টুডেন্ট, টিচার্স এ্যান্ড ইনস্টিটিউটস অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ২১,৪৪৮.০১ লক্ষ টাকা এর বিপরীতে ব্যয় হয়েছে ২১,৬১৪.৬১ লক্ষ টাকা, অর্থাৎ ১৬৬.৬০ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে । এডিশনাল সাপোর্ট ইন ম্যাথমেটিকস, ইংলিশ এন্ড সাইন্স অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ৩৫,৭১২.৪২ লক্ষ টাকা এর বিপরীতে ব্যয় হয়েছে ৩৬,৩২৫.৮১ লক্ষ টাকা, অর্থাৎ ৬১৩.৩৯ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে। টিউশন ফর পিএমটি বেনিফিশিয়ারিজ অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ১৬,২৫২.৬৩ লক্ষ টাকা এর বিপরীতে ব্যয় হয়েছে ১৯,২৫১.২৪ লক্ষ টাকা, অর্থাৎ ২,৯৯৮.৬১ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে। টিএ/ডিএ সেকায়েপ অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ৪৩৭.৭৭ লক্ষ টাকা এর বিপরীতে ব্যয় হয়েছে ৪৪২.৯৫ লক্ষ টাকা, অর্থাৎ ৫.১৮ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে। প্রজেক্ট ইনসেনটিভ এলাউন্স অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ৭৮.০০ লক্ষ টাকা অথচ এর বিপরীতে কোন ব্যয় হয় নাই। প্রকল্পের অঙ্গভিত্তিক অতিরিক্ত ব্যয় করার বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা তা প্রশাসনিক মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ৮.২.১-৮.২.৪) ; ৪.৩ প্রকল্প বাস্তবায়নে ৪ (চার) বছর সময় অতিক্রান্ত এবং প্রকল্পের ব্যয় বৃদ্ধি হয়েছে । ভবিষ্যতে প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে । এ বিষয়ে প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৬.১) ; ৪.৪ পরিদর্শিত কিছু বিদ্যালয়ে টুইন ল্যাট্রিন, ওয়াশব্লক ও নলকূপ , পুরাতন ও নষ্ট হয়ে গিয়েছে। সেগুলো সংস্কার বা মেরামত করার কোন ব্যবস্থা রাখা হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা

ক্র:নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
		আবশ্যক (অনুচ্ছদ ১৬.২) ; ৪.৫ প্রকল্পটির পিসিআর ১ (এক) বছর পর প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমা র প্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ ১৬.৩) ; এবং ৪.৬ অনুচ্ছেদ ১৭.১-১৭.৫ এর আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে আগামী ১ মাসের মধ্যে অবহিত করতে হবে।
৫.	৫.১ আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধা রক্ষণাবেক্ষণে অব্যবস্থাপনা পরিলক্ষিত হয়েছে। যেমন নবনির্মিত একাডেমিক ভবনের ওয়াশরুমের ভেসিনের জন্য নির্ধারিত স্থা নে ভেসিন না থাকা , প্রকল্পের আওতায় উর্ধ্বমূখী সম্প্রসারিত পুরাতন একাডেমিক ভবনে দুটি ওয়াশরুমের দরজা ভাঙ্গা থাকা ও ওয়াশরুমের সামনের দেয়ালের টাইলস তুলে ফেলা ইত্যাদি। ৫.২ আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে নতুন একাডেমিক ভবন ও পুরাতন একাডেমিক ভবনে প্রকল্পের আওতায় নির্মিত সংযোগ সেতুর রেলিংটি ভাঙ্গা পাওয়া গেছে। পর্যবেক্ষণে দেখা যায় রেলিংটি সঠিকভাবে স্থাপন করা হয়নি। ৫.৩ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের অব্যয়িত ৭৯.৬৬ লক্ষ টাকা অদ্যাবধি সরকারি কোষাগারে জমা দেয়া হয়নি। ৫.৪ প্রকল্পের আর্থিক কার্যক্রমের ইন্টার নাল অডিট করা হয়নি । অন্যদিকে ২০১৩-২০১৬ অর্থবছর পর্যন্ত এক্সটারনাল অডিট করা হয়েছে তবে ২০১৭-১৮ অর্থবছরের এক্সটারনাল অডিট করা হয়নি;	৫.১ আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধা রক্ষণাবেক্ষণে অব্যবস্থাপনা পরিলক্ষিত হয়েছে। যেমন নবনির্মিত একাডেমিক ভবনের ওয়াশরুমের ভেসিনের জন্য নির্ধারিত স্থানে ভেসিন না থাকা, প্রকল্পের আওতায় উর্ধ্বমূখী সম্প্রসারিত পুরাতন একাডেমিক ভবনে দুটি ওয়াশরুমের দরজা ভাঙ্গা থাকা ও ওয়াশরুমের সামনের দেয়ালের টাইলস তুলে ফেলা ইত্যাদি। সংশ্লিষ্ট বিভাগ প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধা টেকসই করার লক্ষ্যে এর রক্ষণাবেক্ষণের দায়দায়িত্ব নির্ধা ারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে ৫.২ আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে নতুন একাডেমিক ভবন ও পুরাতন একাডেমিক ভবনে প্রকল্পের আওতায় নির্মিত সংযোগ সেতুর রেলিংটি ভাঙ্গা পা ওয়া গেছে। পর্যবেক্ষণে দেখা যায় রেলিংটি সঠিকভাবে স্থাপন করা হয়নি। দ্রুত এর মেরামত করতে হবে। এছাড়া নির্মাণ সংশ্লিষ্ট অন্যান্য ত্রুটি রয়েছে কিনা তা যাচাই করার জন্য একটি টেকনিক্যাল টিম প্রেরণ করে প্রাপ্ত সমস্যার ভিত্তিতে সমাধানের উদ্যোগ নিতে হবে; ৫.৩ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের অব্যয়িত ৭৯.৬৬ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দিতে হবে; ৫.৪ প্রকল্পের আর্থিক কার্যক্রমের ২০১৩-২০১৬ অর্থবছর পর্যন্ত এক্সটারনাল অডিট করা হয়েছে তবে ২০১৭-১৮ অর্থবছরের এক্সটারনাল অডিট করা হয়নি। এ অর্থবছরের এক্সটারনাল অডিট করতে হবে;
৬.	৬.১ প্রকল্পের আওতায় প্রদত্ত আসবাবপত্রের কিছু অংশ একটি	৬.১ প্রকল্পের আওতায় সৃষ্ট/প্রদত্ত সুবিধাদির

ক্র:নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	কক্ষে ফেলে রাখা হয়েছে এবং কিছু আসবাবপত্র বিভিন্ন স্থানে অযত্নে ফেলে রাখা হয়েছে। তাছাড়া ভবনের দেয়ালে ময়লা জমে আছে। আবার প্রশাসনিক ভবন এবং প্রশাসনিক -কাম-একাডেমিক ভবনে অনেক কক্ষ অব্যবহৃত পড়ে আছে। ফলে দেখা যায় , প্রকল্পের আওতায় সৃষ্ট /প্রদত্ত সুবিধাদির উপযুক্ত ব্যবহার ও রক্ষণাবেক্ষণে সার্বিক ব্যবস্থাপনার অভাব রয়েছে; ৬.২ প্রকল্পের চারটি অর্থবছর (২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮) এর ইন্টারনাল ও এক্সটারনাল অডিট করা হয়নি; ৬.৩ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের অব্যয়িত ২৬৯.২০ লক্ষ টাকা অদ্যাবধি সরকারি কোষাগারে জমা দেয়া হয়নি।	উপযুক্ত ব্যবহার ও রক্ষণাবেক্ষণে সার্বিক ব্যবস্থাপনার অভাব পরিলক্ষিত হয়েছে। প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধার উপযুক্ত ব্যবহার নিশ্চিত করাসহ এটি টেকসই করার লক্ষ্যে এর নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; ৬.২ প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত সকল অর্থবছরের অডিট করতে হবে; ৬.৩ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের অব্যয়িত ২৬৯.২০ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দিতে হবে;

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৮)

১.০। প্রকল্পের নাম: পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (২য় সংশোধিত)।

২.০। প্রশাসনিক মন্ত্রণালয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৩.০। বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

৪.০। প্রকল্পের অবস্থান: পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, দুমকী, পটুয়াখালী।

৫.০। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৭৪৭৫.০০	১২০০৫.০০	১২০০৫.০০	০১ জুলাই, ২০১১ হতে ৩০ জুন, ২০১৬	০১ জুলাই, ২০১১ হতে ৩০ জুন, ২০১৮	০১ জুলাই, ২০১১ হতে ৩০ জুন, ২০১৮	৪৫৩০.০০ (৬০.৬০%)	২৪ মাস (৪০%)

৬.০। **পটভূমি:**

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দক্ষিণাঞ্চল তথা বরিশাল বিভাগের একমাত্র সর্বোচ্চ বিদ্যাপীঠ। পটুয়াখালী জেলা শহর হতে ১৫ কিঃমিঃ উত্তরে বরিশাল বিভাগীয় শহর হতে ৩৮কিঃমিঃ দক্ষিণে , বরিশাল-পটুয়াখালী মহাসড়ক থেকে ৫ কিঃমিঃ পূর্বে পটুয়াখালী জেলার দুমকি উপজেলায় বিশ্ববিদ্যালয়টি অবস্থিত। এর আগে এ বিশ্ববিদ্যালয়টি পটুয়াখালী কৃষি কলেজ নামে পরিচিত ছিল। ৮ জুলাই , ২০০০ তারিখে পটুয়াখালী কৃষি কলেজের অবকাঠামোতেই পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্যে ভিত্তি প্রস্তর স্থাপনের মাধ্যমে উদ্বোধন করেন তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ১২ জুলাই ,২০০১ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ২০০১ গৃহীত হয় ও ২৬ ফেব্রুয়ারী ২০০২ তারিখে সরকারী প্রজ্ঞাপন জারীর দ্বারা উক্ত আইন কার্যকর করার মাধ্যমে একাডেমিক কার্যক্রম চালু করা হয়। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ৫টি অনুষদ , ১টি **Degree awarding** বিভাগ সহ ৪০টি বিভাগ রয়েছে। ছাত্র -ছাত্রীর সংখ্যা মোট ১৮৯৪ জন এবং শিক্ষক , কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা যথাক্রমে ১৬৬ জন , ৭১ জন ও ২৫৯ জন। বিশ্ববিদ্যালয়টির মোট আয়তন ৮৯ .৯৭ একর (মূল ক্যাম্পাস ৩৮ একর, কৃষি গবেষণা খামার ৩৯ একর, বহিঃক্যাম্পাস বরিশাল, বাবুগঞ্জ ১২.৯৭ একর)।

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর বহিঃক্যাম্পাস হিসেবে গৃহীত এ্যানিমেল সায়েন্স এন্ড ভেটেনারী অনুষদটি মূল ক্যাম্পাস থেকে ৫৫ কিঃমিঃ এবং বরিশাল শহর হতে ১৮ কিঃমিঃ দূরে বাবুগঞ্জ উপজেলায় অবস্থিত। এ প্রতিষ্ঠানটি বরিশাল সরকারী ভেটেরিনারী কলেজ হিসেবে প্রকল্প আকারে ১৯৯৭ -১৯৯৮ সালে প্রতিষ্ঠিত হয় এবং ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে ছাত্র -ছাত্রী ভর্তি করা হয়। ২০০৮ সলে জুলাই মাসে কলেজটি এ্যানিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারী অনুষদ রূপে অঙ্গীভূত হয়। কলেজটি যে প্রকল্পের অধীনে স্থাপিত হয় তার ১ম পর্যায়ে এখানে কিছু ভৌত অবকাঠামো নির্মাণ করা হয় এবাং বরিশাল সেচ প্রকল্পের পরিত্যাক্ত কিছু স্থাপনায় এটি স্থাপিত হয়। এ সমস্ত অবকাঠামো বর্তমানে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ায় অতি প্রয়োজনীয় অন্যান্য অবকাঠামোসহ শিক্ষার সুযোগ

সুবিধা বৃদ্ধির জন্য প্রকল্পের ২য় পর্যায়ে দাখিল করা হয়েছিল। কিন্তু প্রকল্পটি রাজস্ব খাতে স্থানান্তরিত না হওয়াতে ২য় পর্যায়ে কাজ করা সম্ভব হয়নি। এমতাবস্থায় সরকারী সিদ্ধান্ত মোতাবেক ভেটেরিনারী কলেজটি অত্র বিশ্ববিদ্যালয়ের অনুষদ হিসেবে গ্রহণ করা হয় । তাই বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম সুযোগ সুবিধা সৃষ্টির লক্ষ্যে ভৌত অবকাঠামোসহ অন্যান্য সুযোগ সুবিধা বৃদ্ধি করা জরুরী। এছাড়া , দেশের সার্বিক উন্নয়নে সকল শিক্ষাক্ষেত্রে বিশেষ করে বিশ্ববিদ্যালয়সমূহে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার উপর জোর দেয়া একান্ত প্রয়োজন। বর্তমানে সরকার দক্ষ জনশক্তির মাধ্যমে দেশ গড়ায় বদ্ধ পরিকর। তাই সার্বিক দিক বিবেচনা করে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৬.১ **প্রকল্পের উদ্দেশ্য:**

ক) দেশের মানব সম্পদ উন্নয়ন নিশ্চিত করা।

খ) একাডেমিক ও ভৌত অবকাঠামো সৃষ্টির মাধ্যমে প্রযুক্তি ও বিজ্ঞান শিক্ষার মান উন্নয়ন করা।

গ) যথাযথ জ্ঞান সম্পন্ন ও দক্ষতা সম্পন্ন মানব সম্পদ সৃষ্টির মাধ্যমে দেশের কৃষির উন্নয়নের সুযোগ সুবিধা বৃদ্ধি করা।

ঘ) দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য আধুনিক এবং প্রায়োগিক কৃষি পদ্ধতি চালু করা।

ঙ) দেশের কৃষি উন্নয়নের দায়িত্ব নিতে পারে এমন আদর্শ যোগ্যতাসম্পন্ন ১ম শ্রেণীর কৃষিবিদ, কৃষি-বিজ্ঞানী ও প্রযুক্তিবিদ তৈরী করা।

চ) কৃষি বিজ্ঞানের বিভিন্ন শাখায় প্রায়োগিক জ্ঞানসম্পন্ন গ্রেজুয়েট তৈরীর সুযোগ সুবিধা সৃষ্টি করা।

৭.০। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে)**

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১.	জ্বালানী	লট	২২.০০	লট	২১.৮৩	লট
০২.	বই ও জার্নাল	লট	৮৫.০০	লট	৮৫.০০	লট
০৩.	কন্টিনজেন্সী	থোক	৬০.১৮	থোক	৫৯.০০	থোক
০৪.	যানবাহন	৬টি	৮৮.১৩	৬টি	৮৬.৫১	৬টি
০৫.	বৈজ্ঞানিক যন্ত্রপাতি	লট	৪৩১.০০	লট	৪৩০.০০	লট
০৬.	আসবাবপত্র	লট	১,০০০.০০	লট	১,০০০.০০	লট
০৭.	ভূমি উন্নয়ন	ঘ.মি.	৯৫.০০	২০১৬.৮০ .মি.	৯৪.৯৬	২০১৬.৮০ঘ.মি.
০৮.	অফিসার/শিক্ষক ডরমেটরী ভবন নির্মান	ব.মি.	২৫০.০০	১১২২ ব.মি.	২৫০.০০	১১২২ ব.মি.
০৯.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছাত্র হল নির্মান	ব.মি.	২,৭৫৪.৫০	১০৪০০ ব.মি.	২,৭৫৪.০০	১০৪০০ব.মি.
১০.	এএনএসভিএম অনুষদের ছাত্র হল নির্মান	ব.মি.	৪২৭.৮৫	১৬৪০ ব.মি.	৪২৭.১২	১৬৪০ ব.মি.
১১.	শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছাত্রী হল নির্মান	ব.মি.	১,২০৬.৭৫	৫০০০ ব.মি.	১,২০৫.৩২	৫০০০ ব.মি.
১২.	প্রভোষ্ট/সহকারী প্রভোষ্ট কোয়াটার	ব.মি.	৮০.০০	২০০ ব.মি.	৭৯.৯৫	২০০ ব.মি.
১৩.	এএনএসভিএম অনুষদের ছাত্রী হল নির্মান	ব. মি.	১৮৭.৩০	৭৭৫ ব.মি.	১৮৭.৩০	৭৭৫ ব.মি.

ক্রমিক নং	সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১৪.	এএনএসভিএম অনুষদের ছাত্রী হল নির্মান	ব.মি.	২১৪.০০	৮১৫ ব.মি.	২১৩.৯৪	৮১৫ ব.মি.
১৫.	৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের কোয়াটার নির্মান	ব.মি.	৩৪৩.০০	১২৬০ ব.মি.	৩৪২.৬৭	১২৬০ ব. মি.
১৬.	সিঙ্গেল ফ্যামিলি বাসস্থান নির্মান (৮ ইউনিট)	ব.মি.	৮৯.০০	৩০০ ব.মি.	৮৯.০০	৩০০ ব.মি.
১৭.	বিএএম ও সিএসই অনুষদের ২য় ব্লকের ৩য় তলা পর্যন্ত নির্মান	ব.মি.	৫৩৪.০০	২১৭০ ব.মি.	৫৩২.৯০	২১৭০ ব.মি.
১৮.	এএনএসভিএম অনুষদের একাডেমিক ভবন নির্মান	ব.মি.	৫৪১.৫০	২৩০০ ব.মি.	৫৪০.৪২	২৩০০ ব.মি.
১৯.	লাইব্রেরীর ২য় ব্লক নির্মান	ব.মি.	৫৬৮.২৪	২২০০ ব.মি.	৫৬৮.২১	২২০০ ব.মি.
২০.	এএনএসভিএম অনুষদ এর লাইব্রেরী ভবন নির্মান	ব.মি.	১০৯.০০	৩৬০ ব.মি.	১০৮.০৮	৩৬০ ব.মি.
২১.	টিএসসি ভবন নির্মান	ব.মি.	৯৩৩.৩১	৪৩১৬ ব.মি.	৯৩২.৫৩	৪৩১৬ ব.মি.
২২.	মৎস্য, দূর্যোগ ব্যবস্থাপনা এবং নিউট্রিশন ও খাদ্য বিজ্ঞান বিভাগের ১ম ব্লক নির্মান (৪র্থ তলা পর্যন্ত)	ব.মি.	১,০০৬.০০	৩৮৭০ ব.মি.	১,০০৬.০০	৩৮৭০ ব.মি.
২৩.	রাস্তা ও কালভার্ট নির্মান	ব.মি.	৯৫.০০	৩৪৬৫ ব.মি.	৯৪.৩৯	৩৪৬৫ ব.মি.
২৪.	পানি সরবরাহ	লট	১৫০.০০	লট	১৪৯.৫৭	লট
২৫.	ইন্টারনেট সিস্টেম স্থাপন	লট	২২.০০	লট	২১.৯৯	লট
২৬.	ইলেকট্রিক সাব-স্টেশন এর সম্প্রসারণ	লট	৬৫.০০	লট	৬৪.৯৬	লট
২৭.	বহিঃ বিদ্যুতায়ন কাজ	লট	৮০.০০	লট	৭৯.৯৮	লট
২৮.	কেন্দ্রীয় মসজিদের সম্প্রসারণ	ব.মি.	৩৩০.০০	৮০০ ব.মি.	৩২৯.৯৭	৮০০ ব.মি.
২৯.	টিনসেড মোটর গ্যারেজ, মেইন গেইট ও গেইট হাউজ	ব. মি.	৮৩.০০	২৮০ ব.মি.	৭৭.৬১	২৮০ ব.মি.
৩০.	মেডিক্যাল সেন্টার এর সম্প্রসারণ	ব. মি.	১৪৭.২৬	৫০০ ব.মি.	১৪৬.৮৭	৫০০ ব.মি.
৩১.	ফিজিক্যাল কনটিনজেন্সী	থোক	৬.৯৮	থোক	-	থোক
৩২.	প্রাইস কনটিনজেন্সী	থোক	-	থোক	-	থোক
	সর্বমোট=	**১০০%**	১২০০৫.০০	-	**১১৯৮০.৮১**	-

৮.০। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে প্রাপ্ত পিসিআর এ উল্লেখ করা হয়েছে। প্রকল্পের আওতায় পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ভৌত অবকাঠামো নির্মাণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়িত হয়েছে যা আইএমইডি কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনকালে দেখা গেছে যে, নির্ধারিত ভবনের ভৌত কাজ, বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়, আসবাবপত্র সরবরাহ, যানবাহন ক্রয়, বই ও জার্নাল ক্রয়, পানি সরবরাহ এবং বহিঃ বৈদ্যুতিক লাইন এবং ইলেক্ট্রিক সাব-স্টেশন স্থাপন করা হয়েছে। প্রকল্পের মূল অনুমোদিত আরডিপিপি এর আলোকে কার্যক্রম সম্পাদন করা হয়েছে। অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় অনুসারে প্রত্যেকটি আইটেমের বিপরীতে পিসিআর এ শতভাগ (১০০%) ব্যয় দেখানো হয়েছে। কেবলমাত্র ফিজিক্যাল কন্টিনজেন্সি ৬.৯৮ লক্ষ টাকা অব্যয়িত দেখানো হয়েছে। অর্থাৎ প্রকল্পের প্রকৃত ব্যয় দেখানো হয়েছে ১১৯৮০.৮১ লক্ষ টাকা (৯৯.৮০%)। পিসিআর এ বাস্তব কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে মর্মে উল্লেখ করা হলেও প্রকল্পের আওতায় ক্রয়কৃত আসবাবপত্র ও যন্ত্রপাতি ও নির্মিত

অবকাঠামোর যথাযথভাব ব্যবহার নিশ্চিত করার উপর প্রকল্পের উদ্দেশ্য অর্জন নির্ভর করে। এছাড়া, আপাতঃদৃষ্টিতে ভৌত কাজ, আসবাবপত্র ক্রয়, যন্ত্রপাতি ক্রয় ইত্যাদি কাজ শতভাগ সম্পন্ন করা হলেও কাজের গুণাগুন ও উপযোগীতা লাভের বিবেচনায় তা শতভাগ অর্জনের বিষয়টি নিশ্চিত করা হয়নি। যেমনঃ ফার্ম ইক্যুইপমেন্ট ও মেডিক্যাল যন্ত্রপাতি স্থাপন করা হলেও তা পরিচালনার জন্য উপযুক্ত দক্ষ জনবল গড়ে তোলা এবং স্থাপিত যন্ত্রপাতির সঠিক পরিচালনার পদ্ধতি সম্পর্কে বাস্তবায়নকারী সংস্থার দক্ষতা উন্নয়ন করা প্রয়োজন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে সরবরাহকৃত যন্ত্রপাতি ও আসবাবপত্রের সঠিকভাবে সংরক্ষণ করা প্রয়োজন।

৯.০ **সাধারণ পর্যবেক্ষণ:**

৯.১ **অনুমোদন পর্যায়:** আলোচ্য প্রকল্পটি ৭৪৭৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১১ হতে জুন, ২০১ ৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২০/১২/২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি 'র মোট প্রাক্কলিত ব্যয় ৭৯৮৮.০০ লক্ষ টাকায় নির্ধারণ করে বাস্তবায়ন মেয়াদ অপরিবর্তিত রেখে ১ম সংশোধনী প্রস্তাব অনুমোদন করা হয়। প্রকল্প ব্যয় ১২০০৫.০০ লক্ষ টাকা নির্ধারণ করে বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করে প্রকল্পের ২য় সংশোধনী প্রস্তাব গত ০২/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদন করা হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ আরো ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এছাড়া, প্রকল্পের আন্তঃঅঙ্গ সমন্বয়ের প্রস্তাব গত ২৩/০৭/২০১৭ তারিখে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন করা হয়। অর্থাৎ প্রকল্পের মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা ৪৫৩০.০০ লক্ষ টাকা অর্থাৎ ৬০.৬০% বৃদ্ধি পেয়েছে এবং বাস্তবায়ন মেয়াদ ২৪ মাস অর্থাৎ ৪০% বৃদ্ধি করা হয়।

৯.২ **প্রকল্পের মূল কার্যক্রম:**

আলোচ্য প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে বিশ্ববিদ্যালয়ের এএনএসভিএম অনুষদের ছাত্র হল নির্মান; এএনএসভিএম অনুষদ এর লাইব্রেরী ভবন নির্মান; এএনএসভিএম অনুষদের ছাত্রী হল নির্মান; বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছাত্র হল নির্মান; শেখ ফজিলাতুনন্নেছা মুজিব ছাত্রী হল নির্মান; ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের কোয়াটার নির্মান; সিঙ্গেল ফ্যামিলি বাসস্থান নির্মান (৮ ইউনিট); অফিসার/শিক্ষক ডরমেটরী ভবন নির্মান; লাইব্রেরীর ২য় ব্লক নির্মান; মেডিক্যাল সেন্টার এর সম্প্রসারণ; বিএএম ও সিএসই অনুষদের ২য় ব্লকের ৩য় তলা পর্যন্ত নির্মান; ইলেকট্রিক সাব-স্টেশন এর সম্প্রসারণ; প্রভোষ্ট/সহকারী প্রভোষ্ট কোয়াটার নির্মাণ; ইন্টারনেট সিস্টেম স্থাপন এবং টিএসসি ভবন নির্মান ইত্যাদি।

৯.৩ **প্রকল্প ব্যবস্থাপনা:** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন:

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তর	মন্তব্য
১।	জনাব মোঃ গোলাম মোস্তফা তালুকদার পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	**০১/০১/২০০৯**	**১৫/১০/২০১২**	**অতিরিক্ত দায়িত্ব**
২।	জনাব প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশীদ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	**১৬/১০/২০১২**	**৩০/০৫/২০১৫**	**অতিরিক্ত দায়িত্ব**
৩।	জনাব মোঃ গোলাম মোস্তফা তালুকদার পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	**০১/০৬/২০১৫**	**১৩/০৬/২০১৭**	**অতিরিক্ত দায়িত্ব**
৪।	জনাব মোঃ গোলাম মোস্তফা তালুকদার পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	**১৩/০৬/২০১৭**	**৩০/০৬/২০১৮**	**অতিরিক্ত দায়িত্ব**

১০.০। **প্রকল্প পরিদর্শন:** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক গত ১৪/০৯/২০১৯ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলীগণ, বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের

কর্মকর্তাগণ, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ও বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরেজমিনে পরিদর্শনে নিম্নলিখিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ পরিদর্শন করা হয়েছে যার বিবরণ নিম্নরূপ:

১০.১ ৬০০ আসন বিশিষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছাত্র হল নির্মাণ

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত ৬০০ আসন বিশিষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছাত্র হল নির্মাণ (১০৪০০ বঃমিঃ) কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ২৭৫৪.৫০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ২৭৫৪.০০ লক্ষ টাকা (৯৯.৯৮%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০২ (দুই)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত কাজটি (১০৪০০ বঃমিঃ) সম্পাদনের নিমিত্ত ১ম পর্যায়ে মোট ১২১৩.৫০ লক্ষ টাকা ব্যয়ে গত ১৫/১২/২০১১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয় এবং ৩০/০৬/২০১৬ তারিখে কাজটি সম্পন্ন করা হয়েছে। ২য় পর্যায়ে মোট ১৫৪১.০০ লক্ষ টাকা ব্যয়ে গত ১৫/০৫/২০১৬ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয় এবং ৩০/০৬/২০১৭ তারিখে কাজটি সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা গেছে যে, অনুমোদিত ডিপিপি সংস্থান মোতাবেক ৬০০ আসন বিশিষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছাত্র হল ভবনের নির্মাণ কাজ সম্পাদন করা হয়েছে। নির্মিত ছাত্র হল ভবনে প্রকল্পের সংস্থান মোতাবেক প্রয়োজনীয় আসবাবপত্র (টেবিল, চেয়ার ও কেবিনেট) ইতোমধ্যেই সরবরাহ করা হয়েছে। উক্ত ভবনটি'র প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী ছাত্রগণ কর্তৃক আবাসিক ব্যবহার করা হচ্ছে। প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো যথাযথভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা না গেলে প্রকল্পের সার্বিক উদ্দেশ্য অর্জিত হবে না। ফলে, উক্ত ভবনটি'র নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজন মোতাবেক মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, হল ভবনটি বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের বাইরে অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের অন্য একটি অংশে অবস্থিত। মূল ক্যাম্পাস হতে হল ভবনে যাতায়তের জন্য একটি বাজারের রাস্তা পার হয়ে যেতে হয় যা ছাত্রদের জন্য যাতায়তের ঝুকিঁ হিসেবে পরিগণিত হয়। এছাড়া, হল ভবন এলাকায় বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরী স্কুলসহ অন্যান্য একাডেমিক ও আবাসিক ভবন বিদ্যমান রয়েছে। এক্ষেত্রে মূল ক্যাম্পাস ও হল ভবন অংশের ক্যাম্পাসের মধ্যে সংযোগ সৃষ্টিকারী বাজারের রাস্তার উপর দিয়ে একটি ওভারপাস নির্মাণ করা হলে বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত সুবিধা বৃদ্ধির পাশাপাশি সড়ক দুর্ঘটনার ঝুকিঁ হ্রাস করা সম্ভব হবে।



চিত্রঃ১-৬০০ আসন বিশিষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছাত্র হল নির্মাণ(১০৪০০ বঃমিঃ)।

১০.২ ৩০০ আসন বিশিষ্ট শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছাত্রী হল নির্মাণঃ

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত ৩ ০০ আসন বিশিষ্ট শেখ ফজিলাতুন্নেছা **মুজিব ছাত্রী হল নির্মাণ** (৫০০০ বঃমিঃ) কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ১২০৬.৭৫ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ১২০৫.৩২ লক্ষ টাকা (৯৯.৮৮%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ছাত্রী হল ভবনের ৫ম তলা (আংশিক ৪র্থ তলা) পর্যন্ত কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত কাজটি (৫০০০ বঃমিঃ) সম্পাদনের নিমিত্ত মোট ১২০৬.৭৫ লক্ষ টাকা ব্যয়ে গত ১৫/১২/২০১১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয় এবং ৩০/০৬/২০১৬ তারিখে কাজটি সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা গেছে যে, অনুমোদিত আরডিপিপি সংস্থান মোতাবেক ৩ ০০ আসন বিশিষ্ট শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছাত্রী হল ভবন নির্মাণ কাজ সম্পাদন করা হয়েছে। নির্মিত ছাত্রী হল ভবনে প্রকল্পের সংস্থান মোতাবেক প্রয়োজনীয় আসবাবপত্র (টেবিল, চেয়ার ও কেবিনেট) ইতোমধ্যেই সরবরাহ করা হয়েছে। উক্ত ভবনটি'র প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী ছাত্রীগণ কর্তৃক আবাসিক ব্যবহার করা হচ্ছে। প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো যথাযথভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা না গেলে প্রকল্পের সার্বিক উদ্দেশ্য অর্জিত হবে না। ফলে, উক্ত ভবনটি'র নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজন মোতাবেক মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ২-৩০০ আসন বিশিষ্ট শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছাত্রী হল নির্মাণকাজ (৫০০০ বঃমিঃ)।

১০.৩ একাডেমিক ভবন নির্মাণ :

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত একাডেমিক ভবন (ফিশারীজ, ডিজাস্টার ম্যানেজমেন্ট এবং নিউন্ট্রিশন ও ফুড সাইন্স ফ্যাকাল্টি -৪র্থ তলা পর্যন্ত) (৩৮৭০ বঃমিঃ) কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। অনুমোদিত আরডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ১০০৬.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ১০০৬.০০ লক্ষ টাকা (১০০%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতের অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। উক্ত কাজটি (৩৮৭০ বঃমিঃ) সম্পাদনের নিমিত্ত মোট ১০০৬.০০ লক্ষ টাকা ব্যয়ে গত ১৫/০৯/২০১২ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয় এবং ৩০/০৬/২০১৬ তারিখে কাজটি সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা গেছে যে, অনুমোদিত আরডিপিপি সংস্থান মোতাবেক একাডেমিক ভবন (ফিশারীজ, ডিজাস্টার ম্যানেজমেন্ট এবং নিউন্ট্রিশন ও ফুড সাইন্স ফ্যাকাল্টি-৪র্থ তলা পর্যন্ত) (৩৮৭০ বঃমিঃ) নির্মাণ কাজ সম্পাদন করা হয়েছে। নির্মিত একাডেমিক ভবনে প্রকল্পের সংস্থান মোতাবেক প্রয়োজনীয় আসবাবপত্র (টেবিল, চেয়ার, বেঞ্চ, বোর্ড ইত্যাদি) ইতোমধ্যেই সরবরাহ করা হয়েছে। উক্ত ভবনটি প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী ছাত্র ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীগণ কর্তৃক নিয়মিতভাবে ব্যবহার করা হচ্ছে। প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো যথাযথভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা না গেলে প্রকল্পের সার্বিক উদ্দেশ্য অর্জিত হবে না। ফলে, উক্ত ভবনটি'র নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি

ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজন মোতাবেক মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ৩- একাডেমিক ভবন নির্মাণ কাজ(ফিশারীজ, ডিজাস্টার ম্যানেজমেন্ট এবং নিউট্রিশন ও ফুড সাইন্স ফ্যাকাল্টি(৩৮৭০ বঃমিঃ)।

১০.৪ টিএসসি ভবন নির্মাণ:

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত টিএসসি ভবন নির্মাণ (৪৩১৬ বঃমিঃ) কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। অনুমোদিত আরডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ৯৩৩.৩১ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ৯৩২.৫৩ লক্ষ টাকা (৯৯.৯৫%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০২ (দুই)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত কাজটি (৪৩১৬ বঃমিঃ) সম্পাদনের নিমিত্ত ১ম পর্যায়ে মোট ৫৯৭.৪৪ লক্ষ টাকা ব্যয়ে গত ১৫/১২/২০১১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয় এবং ৩০/০৬/২০১৬ তারিখে কাজটি সম্পন্ন করা হয়েছে। ২য় পর্যায়ে মোট ৩৩৫.৮৭ লক্ষ টাকা ব্যয়ে গত ১৫/০৫/২০১৬ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয় এবং ৩০/০৬/২০১৮ তারিখে কাজটি সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা গেছে যে, অনুমোদিত ডিপিপি সংস্থান মোতাবেক মোট ৪৩১৬ বঃমিঃ এ ৪র্থ তলা পর্যন্ত টিএসসি ভবনের নির্মাণ কাজ সম্পাদন করা হয়েছে। নির্মিত টিএসসি ভবনে প্রকল্পের সংস্থান মোতাবেক প্রয়োজনীয় আসবাবপত্র ও যন্ত্রপাতি ইতোমধ্যেই সরবরাহ করা হয়েছে। উক্ত ভবনটি'র প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী ছাত্র ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীগণ কর্তৃক যথাযথভাবে ব্যবহার করা হচ্ছে। প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো যথাযথভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা না গেলে প্রকল্পের সার্বিক উদ্দেশ্য অর্জিত হবে না। ফলে, উক্ত ভবনটি'র নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজন মোতাবেক মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ৪-টিএসসি ভবন নির্মাণ কাজ (৪৩১৬ বঃমিঃ)।

১১.০| **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে:

(ক) ডিপিপি, আরডিপিপি, আন্ত:খাত সমন্বয় প্রকল্প দলিল, প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২.০। **প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি:**

১২.১ **আর্থিক অগ্রগতি:** প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ১২০০৫.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১১৯৮০.৮১ লক্ষ টাকা (৯৯.৮০%)| প্রকল্পটির অনুকূলে ২০১১-২০১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থ বছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হল:

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	অনুমোদিত মূল ডিপিপি'র সংস্থান	সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়
	মোট	মোট			মোট
২০১১-২০১২	৫০৫.০০	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	৫০০.০০
২০১২-২০১৩	২১২৯.০০	১১৭১.০০	১১৭১.০০	১১৭১.০০	১১৭১.০০
২০১৩-২০১৪	২৩৩৭.২০	১৯০০.০০	১৯০০.০০	১৯০০.০০	১৯০০.০০
২০১৪-২০১৫	১৭৭৭.৮০	২৮০০.০০	২৮০০.০০	২৮০০.০০	২৮০০.০০
২০১৫-২০১৬	৭২৬.০০	২৫১৭.০০	২৫১৭.০০	২৫১৭.০০	২৫১৭.০০
২০১৬-২০১৭	-	৩১১৭.০০	২৬১৭.০০	২৬১৭.০০	২৬১৭.০০
২০১৭-২০১৮	-	-	৫০০.০০	৫০০.০০	৪৭৫.৮১
মোট	৭৪৭৫.০০	১২০০৫.০০	১২০০৫.০০	১২০০৫.০০	১১৯৮০.৮১

১৩.০। **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:**

পরিকল্পিত	অর্জন
ভৌত কাজ সম্পাদন, আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য শিক্ষার পরিবেশ উন্নতকরণ এবং বিশ্ববিদ্যালয়ের আবাসন সংকট নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।	প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের আবাসিক সংকট নিরসনের লক্ষ্যে হল নির্মাণ, একাডেমিক ভবন নির্মাণ, প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ এবং গুনগত মানসম্পন্ন শিক্ষা সুবিধা তৈরীর লক্ষ্যে বৈজ্ঞানিক/ল্যাব ইক্যুইপমেন্ট সরবরাহ করা হয়েছে। প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সুযোগ সুবিধার ফলে বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী, সেমিনার, একাডেমিক এবং গবেষণা ল্যাবরেটরীর উন্নয়ন করা সম্ভব হয়েছে। ফলে, বিশ্ববিদ্যালয়ের আবাসন সমস্যা নিরসনে সীমিত পরিসরে

পরিকল্পিত	অর্জন
	বাস্তবমুখী পদক্ষেপ গৃহীত হয়েছে এবং ছাত্র ছাত্রীদের জন্য শিক্ষার পরিবেশ উন্নত করা সম্ভব হয়েছে যা পরোক্ষভাবে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক সক্ষমতা বৃদ্ধিতে সক্ষম হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৪.০। **উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ**

প্রকল্পের অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ভৌত কাজ সম্পাদন, আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। পরিদর্শনকালে দেখা গেছে প্রকল্পটি সর্বশেষ আন্ত:অঙ্গ সমন্বয়ের মাধ্যমে সংস্থানকৃত সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। তবে, ভৌত কাজ সম্পাদন, আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয়, দরপত্র প্রক্রিয়াকরণ, ইনভেন্টরী সংরক্ষণ, কাজের গুনগত মান বজায় রাখা এবং প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো, সরবরাহকৃত আসবাবপত্র ও যন্ত্রপাতির সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা তথা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিবিড় মনিটরিং এর অভাব রয়েছে। এক্ষেত্রে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নিবিড় মনিটরিং নিশ্চিত করার পাশাপাশি প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এছাড়া, মন্ত্রণালয় হতে ১১ মাস বিলম্বে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, অংশ (A) এর ক্রমিক নং-৬, ৭, ৮, অংশ (C) এর ক্রমিক নং-1 (a), 1(b), অংশ (E) এর ক্রমিক নং-1 এবং অংশ (F) এর ক্রমিক নং-২.২ এ যথাযথভাবে তথ্যাদি সন্নিবেশ করা হয়নি যা কাঙ্খিত নয়।

১৫.০। **প্রকল্পের প্রভা ব:**

আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে (ক) ছাত্র ছাত্রীদের আবাসন সংকট নিরসনের মাধ্যমে স্বাভাবিক শিক্ষার পরিবেশ প্রদানে সহায়তা প্রদান করা হয়েছে, যার ফলে তারা প্রত্যাশিত উচ্চ শিক্ষা গ্রহণ করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখ তে সমর্থ হবে মর্মে জানা গেছে; (খ) আধুনিক যন্ত্রপাতি ও উপকরণ সরবরাহের ফলে আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতির বিষয়ে সমসাময়িক জ্ঞান এবং অভিজ্ঞতা অর্জনের উদ্দেশ্যে ছাত্র ছাত্রীদের দক্ষতা বৃদ্ধি পেয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ আছে; (গ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে উচ্চতর গবেষণা এবং অধ্যয়নে সহযোগিতা সৃষ্টি করা হয়েছে। সর্বোপরি, প্রকল্পটি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে র শিক্ষা সুবিধাদি উন্নয়নকল্পে সহায়ক ভূমিকা পালন করছে।

সমাপ্ত প্রকল্প পরিদর্শনকালে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, শিক্ষক, কর্মকর্তা ও প্রকৌশলীগণ জানান যে, আলোচ্য বিশ্ববিদ্যালয়টি একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় যার মধ্যে কৃষি সংক্রান্ত বিভাগগুলো উপর উচ্চ শিক্ষা প্রদান করা হয়। এক্ষেত্রে শিক্ষক কর্মকর্তাগণের প্রশিক্ষণের ব্যবস্থা করা হলে বিশ্ববিদ্যালয়ের গবেষণা স্তর উন্নত করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক একাডেমিক কার্যক্রম আরো বেশি মানসম্পন্ন হবে। এছাড়া, উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের সুবিধার্থে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ এবং প্রকৌশল বিভাগের কর্মকর্তাগণের প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন বলেও তারা পরিদর্শনকালে অবহিত করেন।

১৬। **সুপারিশ:**

১৬.১ প্রকল্পের নির্ধারিত উদ্দেশ্য অর্জন এবং দীর্ঘমেয়াদে ইতিবাচক প্রভাব নিশ্চিত করার নিমিত্ত প্রকল্পের আওতায় সরবরাহকৃত আসবাবপত্র, যন্ত্রপাতি এবং নির্মিত ভৌত অবকাঠামোর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা;

১৬.২ উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো নির্ধারিত নিয়মে বিশ্ববিদ্যালয়ের রাজস্ব বাজেটের আওতায় স্থানান্তরের পদক্ষেপ গ্রহণ করা যাতে করে প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ে ভৌত অবকাঠামোর মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত

করা সম্ভব হয়;

১৬.৩ উন্নয়ন প্রকল্প, বাস্তবায়ন ও বাস্তবায়নোত্তর পর্যায়ে নিয়মানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অডিট কাজ সম্পদান করা;

১৬.৪ উন্নয়ন প্রকল্পের পিসিআর প্রনয়ণের ক্ষেত্রে বাস্তবায়ন পর্যায়ে উদ্ভুত সমস্যাসহ বাস্তবায়নোত্তর পর্যায়ে প্রকল্পের প্রভাব যেমন-উন্নয়নে নারীর অংশগ্রহণ, প্রকল্পের টেকসই, দারিদ্র বিমোচনে ভূমিকা, স্টেকহোল্ডারদের অভিমত সংক্রান্ত তথ্যাদি সংখ্যাগত আকারে সুনির্দিষ্টভাবে সন্নিবেশ করা;

১৬.৫ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সর্বোচ্চ মান নিশ্চিত করার লক্ষ্যে ল্যাবরেটরীগুলোতে আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করার পাশাপাশি শিক্ষকগণের গবেষণা সহায়ক পরিবেশ তৈরী ও প্রশিক্ষণ প্রদান এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা;

১৬.৬ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ছাত্রসহ ক্যাম্পাসের উক্ত অংশের একাডেমিক , প্রশাসনিক ও আবাসিক ভবন ব্যবহারকারীগণের বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের যাতায়তের ব্যবস্থা নির্বিঘ্ন ও ঝুকিঁমুক্ত করার নিমিত্ত বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের দুইটি অংশের মাঝে অবস্থিত বাজারের রাস্তার ওপর ওভারপাস নির্মাণের বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গুরুত্বসহকারে বিবেচনা করা যেতে পারে;

১৬.৭ প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ তথা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) নির্ধারিত সময়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করার বিষয়টি নিশ্চিত করা; এবং

১৬.৮ অনুচ্ছেদ ১৬.১ হতে ১৬. ৭ এর সুপারিশসমূহ অনুসরণ এবং তার আলোকে গৃহীত ব্যবস্থা আইএমইডি'কে অবহিত করা।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো সুবিধাদি উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৮)

১.০। প্রকল্পের নাম: **খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো সুবিধাদি উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প।**

২.০। প্রশাসনিক মন্ত্রণালয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৩.০। বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

৪.০। প্রকল্পের অবস্থান: খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ফুলবাড়ী গেইট, খুলনা।

৫.০। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫২১২.০০	১২২৯৮.০০	১২২৩২.৭৮	০১ জুলাই, ২০১২ হতে ৩০ জুন, ২০১৬	০১ জুলাই, ২০১২ হতে ৩০ জুন, ২০১৮	০১ জুলাই, ২০১২ হতে ৩০ জুন, ২০১৮	৭০৮৬.০০ (১৩৫.৯৬%)	২৪ মাস (৫০%)

৬.০। **পটভূমি:**

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় খুলনা বিভাগীয় শহর হতে ১২ কিঃমিঃ দূরে ফুলবাড়ী গেইট এলাকায় অবস্থিত। বিশ্ববিদ্যালয় এলাকায় আবাসিক সুযোগ সুবিধার অপ্রতুলতার কারণে বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ ছাত্র ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচাারী খুলনা শহরে বসবাস করে। বিশ্ববিদ্যালয়ের পর্যাপ্ত পরিবহণ সুবিধা না থাকায় তাদেরকে নিজস্ব অর্থায়নে গণপরিবহনে নিয়মিত যাতায়ত করতে হয়, যা অত্যন্ত সময় ব্যয় সাপেক্ষ। ফলে, বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে আবাসিক সুযোগ সুবিধা ও যাতায়ত সুবিধা বৃদ্ধি করা অত্যন্ত প্রয়োজন। এ ধরণের প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য ক্যাম্পাসে ছাত্র ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীদের জন্য আবাসিক সুবিধা গড়ে তোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে একটি স্বাধীনতা ভাস্কর্য, শহীদ মিনার এবং উন্মুক্ত মঞ্চ তৈরী করা প্রয়োজন। মহান ভাষা আন্দোলন ও স্বাধীনতা যুদ্ধে আত্নত্যাগকারী বীর শহীদদের স্মরণে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্বাধীনতা ভাস্কর্য এবং শহীদ মিনার নির্মাণের বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট অত্যন্ত গৃরুত্বপূর্ণ হওয়ায় এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে সচেষ্ট হন। ১৯৬৮ সালে ১০১ একর জমিতে স্থাপিত খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজটি মূলত ১২০ জন ছাত্র ছাত্রী , ০৭ জন শিক্ষক নিয়ে ১৯৭৪ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর বিশেষ নির্দেশে কার্যক্রম শুরু করে। কোন রকম আপগ্রেডেশন ছাড়াই ১৯৮৬ সালে খুলনা ইঞ্জনিয়ারিং কলেজ কে বাং লাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজি (বিআইটি), খুলনা হিসেবে উন্নীত করা হয়। বিআইটি হিসেবে কার্যক্রম চলাকালীন সময়েও উক্ত প্রতিষ্ঠানটি একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনায় যথেষ্ট সমস্যার সম্মুখীন হয়। এর মধ্যে ২০০৩ সালে বাংলাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজি, খুলনা কে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হয়। ২০১৮-২০১৯ অর্থ বছর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের টিওএন্ডই অনুমোদিত হয় ১১.০১.২০১১ সালে। অনুমোদিত টিওএন্ডই অনুযায়ী বাংলাদেশের জনগণের বিশেষ করে দক্ষিণ পশ্চিমাঞ্চলের অবহেলিত জনগোষ্ঠির চাহিদা পূরণে এবং গুনগত মান সম্পন্ন উচ্চ শিক্ষা ও গবেষণা নিশ্চিতকরণে বিশ্ববিদ্যালয়ের সুযোগ সুবিধা বৃদ্ধি করা প্রয়োজন।

বাংলাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজি , খুলনা হিসেবে কার্যক্রম চলাকালীন সময়ে উক্ত প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রীর সংখ্যা ছিল ৮৪০ জন এবং শিক্ষক সংখ্যা ছিল ৭১ জন। বর্তমানে খু লনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রীর সংখ্যা ২৬৩২ জন এবং শিক্ষক সংখ্যা ২০৩ জন। এছাড়া, বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ৩১৬ জন কর্মকর্তা কর্মচারী কর্মরত রয়েছেন। ইঞ্জিনিয়ারিং কলেজ এবং বাংলাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজি (বিআইটি) হিসেবে কার্যক্রম চলাকালীন সময়ে মোট তিনটি ইঞ্জিনিয়ারিং বিভাগ থাকলেও বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ে মোট দশটি ইঞ্জিনিয়ারিং বিভাগে একাডেমিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে তিনটি মৌলিক বিজ্ঞান বিষয়ে গ্রাজুয়েট ও পিএইচডি কোর্স এবং একটি মানবিক বিভাগে গ্রাজুয়েট কোর্স পরিচালিত হচ্ছে। এছাড়া, সম্প্রতি আরবান প্ল্যানিং এবং লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগ খোলা হয়েছে যেখানে প্রতি বছরে ১২০ জন করে ছাত্র ছাত্রী স্নাতক পর্যায়ে ভর্তি করা হচ্ছে। এগুলোর পাশাপাশি বিশ্ববিদ্যালয়ে একটি ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি ইন্সটিটিউট সম্প্রতি তার কার্যক্র ম শূরু করেছে। আগামী পাঁচ বছরের মধ্যে এ বিশ্ববিদ্যালয়ে বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এ্যান্ড ক নস্ট্রাকশন ম্যানেজমেন্ট, ম্যাটেরিয়াল সায়েন্স এ্যান্ড ইঞ্জনিয়ারিং , টেক্সটাইলস ম্যানেজমেন্ট এবং ইন্সটিটিউট অব এনভায়নমেন্ট এ্যান্ড পাওয়ার টেকনোলজি , ইন্সটিটিউট অব ওয়াটার ম্যানেজমে ন্ট ইত্যাদি বিভাগ ও ইন্সটিটিউট খোলার পরিকল্পনা রয়েছে। বিশ্ববিদ্যালয়ের এমন অবস্থা ও পরিকল্পনা বিবেচনায় এনে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে "Development of Physical Structure for Improvement of Education and Research activities at Khulna University of Engineering & Technology" শীর্ষক একটি নতুন প্রকল্প শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব করা হয়। উক্ত প্রকল্প প্রস্তাবের উপর গত ১৯.০৫.২০১১ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রকল্প যাচাই কমিটি 'র সভা অনুষ্ঠিত হয়। আলোচ্য প্রকল্পের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের বর্তমা ন সীমিত পরিসরের ভৌত অবকাঠামোর সুবিধা বৃদ্ধির পাশাপাশি একটি বিশেষায়িত বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় আধুনিক প্রযুক্তিগত উন্নতি সাধনের প্রচেষ্টা গ্রহণ করা হয়।

৬.১ **প্রকল্পের উদ্দেশ্য:**

ক) দেশের মানব সম্পদ উন্নয়ন নিশ্চিতকরণে সহায়ক ভূমিক পালন করা;
খ) একাডেমিক ও অবকাঠামোগত সুবিধাদি উন্নয়নের মাধ্যমে প্রকৌশল ও প্রযুক্তিগত শিক্ষা ব্যবস্থা ও উচ্চতর গবেষণার সুযোগ বৃদ্ধি করা; এবং
গ) কৌশল ও প্রযুক্তিগত শিক্ষা ব্যবস্থা ও গবেষণার মাধ্যমে দেশে দক্ষ ও উপযুক্ত মানব সম্পদ তৈরী করা।

৭.০। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে) :**

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	**আর্থিক**	**বাস্তব**	**আর্থিক**
১	২	৩	৪	৫	৬	৭
০১.	কর্মকর্তাদের বেতন	জন	২ জন	৩৪.০০	১০০%	৩৪.০০
০২.	কর্মচারীদের বেতন	জন	৬ জন	৪৫.৫৯	১০০%	৩৩.৫৪
০৩.	বই এবং সাময়িকী	থোক	থোক	১০.০০	১০০%	৯.৯৮
০৪.	পরামর্শ ও সেবা	থোক	থোক	১২.০০	১০০%	১২.০০
০৫.	সরবরাহ ও সেবা	থোক	থোক	৫৫.০০	১০০%	৫৫.০০
০৬.	অডিটরিয়াম সাইন্স গ্যালারী সংস্কার ও মেরামত	থোক	থোক	৪৫০.০০	১০০%	৪৫০.০০
০৭.	যানবাহন	সংখ্যা	৩টি	১৯২.৫০	১০০%	১৯২.৫০
০৮.	বৈজ্ঞানিক যন্ত্রপাতি	সংখ্যা	২৫৬১টি	২৩০৭.০০	১০০%	২৩০৬.০৬
০৯.	অফিস যন্ত্রপাতি ও অন্যান্য	সংখ্যা	৯৮ টি	১০০.০০	১০০%	৯৯.১৭
১০.	আসবাবপত্র	সংখ্যা	৬৩৩৭টি	৩৫০.০০	১০০%	৩৪৯.৯৭
১১.	ভূমি উন্নয়ন	ঘঃমিঃ	১২২৩২ ঘঃমিঃ	৪৫.০০	১০০%	৪৪.৯২
১২.	প্রশাসনিক ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা)	বঃমিঃ	২১৩৬বঃমিঃ	৪১৫.০০	১০০%	৪১৪.৯৮

ক্রমিক নং	সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	**আর্থিক**	**বাস্তব**	**আর্থিক**
১	২	৩	৪	৫	৬	৭
১৩.	রোকেয়া হলের সম্প্রসারন (৩য় তলা থেকে ৫ম তলা)	বঃমিঃ	২২৫০ বঃমিঃ	৫০০.০০	১০০%	৪৯৯.২৬
১৪.	গেস্ট হাউজের সমাপ্তকরন (৪র্থ তলা)	বঃমিঃ	৩০০ বঃমিঃ	৭৫.০০	১০০%	৭৪.৯৯
১৫.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সম্প্রসারন (৪র্থ তলা থেকে ৫ম তলা)	বঃমিঃ	৪৫০০ বঃমিঃ	৮৭৯.০০	১০০%	৮৭৮.৯২
১৬.	নগর ও অঞ্চল পরিকল্পনা ভবন (১ম তলা থেকে ৫ম তলা)	বঃমিঃ	৫২২০ বঃমিঃ	১১৭৬.০০	১০০%	১১৭৫.৫২
১৭.	লেদার ইঞ্জিনিয়ারিং ভবনের সমাপ্তকরন (৩য় তলা থেকে ৪র্থ তলা)	বঃমিঃ	২২৫০ বঃমিঃ	৪৪১.০০	১০০%	৪৪০.৯৯
১৮.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য নতুন ল্যাব ভবন নির্মান (৩ তলা ভীতে ১তলা)	বঃমিঃ	৬৪০ বঃমিঃ	২১৫.০০	১০০%	২১৪.৯৯
১৯.	নতুন একাডেমিক ভবনের সম্প্রসারন (৪র্থ তলা থেকে ৫ম তলা)	বঃমিঃ	৯৬০০ বঃমিঃ	২১০০.০০	১০০%	২০৯৯.৯৫
২০.	প্রকৌশল ভবনের সম্প্রসারন (৩য় তলা)	বঃমিঃ	৬৪০ বঃমিঃ	১৩৪.০০	১০০%	১৩৩.৮৬
২১.	পুরকৌশল ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা)	বঃমিঃ	৫০১০ বঃমিঃ	১০৭৫.০০	১০০%	১০৭৪.৬৮
২২.	যন্ত্রকৌশল ভবনের সম্প্রসারন (৫ম তলা ভিতে ১ম তলা থেকে ৩য় তলা)	বঃমিঃ	১৪১০ বঃমিঃ	৩৭০.০০	১০০%	৩৬৯.৯৯
২৩.	উচ্চ ভোল্টের ল্যাব ভবন সমাপ্তকরন (৩য় তলা ভবনের ৩য় তলা নির্মান)	বঃমিঃ	৫৮০ বঃমিঃ	৮৯.০০	১০০%	৮৮.৯৯
২৪.	শিক্ষার্থী ওয়েলফেয়ার-কাম-কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া নির্মান সমাপ্তকরন (১ম তলা থেকে ৩য় তলা)	বঃমিঃ	৪১০০ বঃমিঃ	৭৯৪.০০	১০০%	৭৯৩.৭৮
২৫.	ড্রেন নির্মান	রাঃমিঃ	২০০০ রাঃমিঃ	৩৫.০০	১০০%	৩৪.৯৬
২৬.	পাইপ লাইন নির্মান	লাইন	থোক	৯০.০০	১০০%	৮৯.৯৭
২৭.	পিএবিএক্স স্থাপন (৫০০ লাইন)	লাইন	থোক	২০.০০	১০০%	১৯.৯৯
২৮.	শহীদ মিনার নির্মান	বঃমিঃ	২২২ বঃমিঃ	১০০.০০	১০০%	৯৯.৯৫
২৯.	ভাস্কর্য দুর্বার বাংলা	-	থোক	৫৫.০০	১০০%	৫৪.৯৯
৩০.	ভূগর্ভস্থ পানির ট্যাংক নির্মান	গ্যালন	৫০০০০ গ্যালন	৬৫.০০	১০০%	৬৪.৯৯
৩১.	অডিটরিয়ামের সাউন্ড সিস্টেম স্থাপন	-	থোক	২০.০০	১০০%	১৯.৯৯
৩২.	প্রাইস কন্টিনজেন্সী		-	২৫.০০	-	-
৩৩.	ফিজিক্যাল কন্টিনজেন্সী		-	২৩.৯১	-	-
	সর্বমোট=		**১০০%**	**১২২৯৮.০০**	১০০%	১২২৩২.৭৮

৮.০। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে প্রাপ্ত পিসিআর এ উল্লেখ করা হয়েছে। প্রকল্পের আওতায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ভৌত অবকাঠামো নির্মাণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়িত হয়েছে যা আইএমইডি কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনকালে দেখা গেছে যে, নির্ধারিত ভবনের ভৌত কাজ, বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়, আসবাবপত্র সরবরাহ, যানবাহন ক্রয়, বই ও জার্নাল ক্রয়, পানি সরবরাহ এবং পিএবিএক্স স্থাপন (৫০০ লাইন) করা হয়েছে। প্রকল্পের সংশোধিত অনুমোদিত আরডিপিপি এর আলোকে কার্যক্রম সম্পাদন করা হয়েছে। অনুমোদিত আরডিপিপি'র প্রাক্কলিত ব্যয় অনুসারে প্রত্যেকটি আইটেমের বিপরীতে পিসিআর প্রায় শতভাগ (৯৯.৪৭%) ব্যয় দেখানো হয়েছে। কেবলমাত্র প্রাইস কন্টিনজেন্সি ২৫.০০ লক্ষ টাকা এবং ফিজিক্যাল কন্টিনজেন্সি ২৩.৯১ লক্ষ টাকা অব্যয়িত দেখানো হয়েছে। অর্থাৎ প্রকল্পের প্রকৃত ব্যয় দেখানো হয়েছে ১২২৩২.৭৮ লক্ষ টাকা (৯৯.৪৭%)। পিসিআর এ বাস্তব কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে মর্মে উল্লেখ করা হলেও প্রকল্পের আওতায় ক্রয়কৃত আসবাবপত্র ও যন্ত্রপাতি ও নির্মিত অবকাঠামোর যথাযথভাব ব্যবহার নিশ্চিত করার উপর প্রকল্পের উদ্দেশ্য অর্জন নির্ভর করে। এছাড়া, আপাতঃদৃষ্টিতে

ভৌত কাজ, আসবাবপত্র ক্রয়, যন্ত্রপাতি ক্রয় ইত্যাদি কাজ শতভাগ সম্পন্ন করা হলেও কাজের গুণাগুন ও উপযোগীতা লাভের বিবেচনায় তা শতভাগ অর্জনের বিষয়টি নিশ্চিত করা হয়নি। যেমনঃ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য নতুন ল্যাব ভবন নির্মান (৩ তলা ভীতে ১তলা), বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও আসবাবপত্র স্থাপন, অডিটরিয়ামে সাউন্ড সিস্টেম স্থাপন করা হলেও তা পরিচালনার জন্য উপযুক্ত দক্ষ জনবল গড়ে তোলা এবং স্থাপিত যন্ত্রপাতির সঠিক পরিচালনার পদ্ধতি সম্পর্কে বাস্তবায়নকারী সংস্থার দক্ষতা উন্নয়ন করা প্রয়োজন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে সরবরাহকৃত যন্ত্রপাতি ও আসবাবপত্রের সঠিকভাবে সংরক্ষণ করা প্রয়োজন।

৯.০ **সাধারণ পর্যবেক্ষণ:**

৯.১ **অনুমোদন পর্যায়:** আলোচ্য প্রকল্পটি ৫২১২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১২ হতে জুন, ২০১ ৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৪/০৭/২০১২ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি 'র মোট প্রাক্কলিত ব্যয় ১২২৯৮.০০ লক্ষ টাকায় নির্ধারণ করে বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১২ হতে জুন ২০১৮ নির্ধারণ করে ১ম সংশোধনী প্রস্তাব অনুমোদন করা হয়। প্রকল্প ব্যয় ও বাস্তবায়ন মেয়াদ অপরিবর্তিত রেখে প্রকল্পের ২য় সংশোধনী প্রস্তাব গত ১৫/০৫/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন করা হয়। অর্থাৎ প্রকল্পের মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা ৭০৮৬.০০ লক্ষ টাকা অর্থাৎ ১৩৫.৯৬% বৃদ্ধি পেয়েছে এবং বাস্তবায়ন মেয়াদ ২৪ মাস অর্থাৎ ৫০% বৃদ্ধি করা হয়।

৯.২ **প্রকল্পের মূল কার্যক্রম:** আলোচ্য প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে অডিটরিয়াম সাইন্স গ্যালারী সংস্কার ও মেরামত, যানবাহন ক্রয়, বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়, অফিস যন্ত্রপাতি ও অন্যান্য আসবাবপত্র ক্রয়, ভূমি উন্নয়ন, প্রশাসনিক ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা), রোকেয়া হলের সম্প্রসারন (৩য় তলা থেকে ৫ম তলা), গেস্ট হাউজের সমাপ্তকরন (৪র্থ তলা), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সম্প্রসারন (৪র্থ তলা থেকে ৫ম তলা), নগর ও অঞ্চল পরিকল্পনা ভবন নির্মাণ (১ম তলা থেকে ৫ম তলা), লেদার ইঞ্জিনিয়ারিং ভবনের সমাপ্তকরন (৩য় তলা থেকে ৫ম তলা), টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য নতুন ল্যাব ভবন নির্মান (৩তলা ভীতে ০১ তলা), নতুন একাডেমিক ভবনের সম্প্রসারন (৪র্থ তলা থেকে ৫ম তলা), প্রকৌশল ভবনের সম্প্রসারন (৩য় তলা), পুরকৌশল ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা), যন্ত্রকৌশল ভবনের সম্প্রসারন (৫ম তলা ভিতে ১ম তলা থেকে ৩য় তলা), উচ্চ ভোল্টের ল্যাব ভবন সমাপ্তকরন (৩য় তলা ভবনের ৩য় তলা নির্মান), শিক্ষার্থী ওয়েলফেয়ার-কাম-কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া নির্মান সমাপ্তকরন (১ম তলা থেকে ৩য় তলা), ড্রেন নির্মান, পাইপ লাইন নির্মান, পিএবিএক্স স্থাপন (৫০০ লাইন), শহীদ মিনার নির্মান, ভূগর্ভস্থ পানির ট্যাংক নির্মান, অডিটরিয়ামের সাউন্ড সিস্টেম স্থাপন, ভাস্কর্য দুর্বার বাংলা নির্মাণ ইত্যাদি।

৯.৩ **প্রকল্প ব্যবস্থাপনা:** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন:

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তর	মন্তব্য
১।	প্রকৌঃ মোঃ আনিছুর রহমান ভূঞাঁ পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর অতিরিক্ত পরিচালক (পঃও উঃ)	০১.০২.২০১৩	৩০.০৬.২০১৮	**অতিরিক্ত দায়িত্ব**

১০.০। **প্রকল্প পরিদর্শন:** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক গত ১৪/১১/২০১৯ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলীগণ, বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের কর্মকর্তাগণ, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ও বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরেজমিনে পরিদর্শনে নিম্নলিখিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ পরিদর্শন করা হয়েছে যার বিবরণ নিম্নরুপ:

১০.১ প্রশাসনিক ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত **প্রশাসনিক ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা)** কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ৪১৫.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ৪১৪.৯৭ লক্ষ টাকা (৯৯.৯৯%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান

মোতাবেক ০২ (দুই)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনটি প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী সুবিধাভোগীগণ কর্তৃক প্রশাসনিক কাজে ব্যবহার করা হচ্ছে।



চিত্রঃ ১- প্রশাসনিক ভবনের সম্প্রসারন(১ম তলা থেকে ৪র্থ তলা)।

১০.২ রোকেয়া হলের সম্প্রসারন(৩য় তলা থেকে ৫ম তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত **রোকেয়া হলের সম্প্রসারন (৩য় তলা থেকে ৫ম তলা)** কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ৫০০.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ৪৯৯.২৫ লক্ষ টাকা (৯৯.৮৫%) ব্যয় হয়েছে। উল্লেখ্য, প্রকল্প দপ্তর কর্তৃক সরবরাহকৃত কার্যাদেশ পর্যালোচনায় দেখা যায় যে উক্ত কাজের মূল কার্যাদেশ মূল্য ছিল ৪১৮.০৫ লক্ষ টাকা। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০১ (এক)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনটি প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী ছাত্রীগণ কর্তৃক আবাসিক ব্যবহার করা হচ্ছে।



চিত্রঃ২-রোকেয়া হলের সম্প্রসারন(৩য় তলা থেকে ৫ম তলা)।

১০.৩ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সম্প্রসারন (৪র্থ তলা থেকে ৫ম তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সম্প্রসারন (৪র্থ তলা থেকে ৫ম তলা)** কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ৮৭৯.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ৮৭৮.৯১ লক্ষ টাকা (৯৯.৯৯%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০১ (এক)টি প্যাকেজে উল্লেখ থাকলেও উক্ত কাজটি মোট ০৩ (তিন)টি প্যাকেজে সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনটি'র প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী ছাত্রগণ কর্তৃক আবাসিক ব্যবহার করা হচ্ছে। উক্ত ভবনটি নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজন মোতাবেক নিয়মিতভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ ৩- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সম্প্রসারন(৪র্থ তলা থেকে ৫ম তলা)।

১০.৪ নগর ও অঞ্চল পরিকল্পনা ভবন নির্মাণ (১ম তলা থেকে ৫ম তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত **নগর ও অঞ্চল পরিকল্পনা ভবন নির্মাণ (১ম তলা থেকে ৫ম তলা)** কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ১১৭৬.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ১১৭৫.৫১ লক্ষ টাকা (৯৯.৯৬%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০২ (দুই)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য, অনুমোদিত ডিপিপি'তে উক্ত ভবনটি ৫তলা ভীতে ৫তলা নির্মাণের সংস্থান থাকলেও উক্ত ভবনটি'র ভীত ৬তলা নির্মাণ করা হয়েছে মর্মে বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী পরিদর্শনকালে জানিয়েছেন। উক্ত ভবনটি'র প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী সুবিধাভোগীগণ কর্তৃক ব্যবহার করা হচ্ছে। উক্ত ভবনটি নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজন মোতাবেক নিয়মিতভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পরিদর্শনকালে সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ ৪- নগর ও অঞ্চল পরিকল্পনা ভবন নির্মাণ (১ম তলা থেকে ৫ম তলা)।

১০.৫ লেদার ইঞ্জিনিয়ারিং ভবনের সমাপ্তকরন (৩য় তলা থেকে ৪র্থ তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত **লেদার ইঞ্জিনিয়ারিং ভবনের সমাপ্তকরন (৩য় তলা থেকে ৪র্থ তলা)** কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ৪৪১.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ৪৪০.৯৯ লক্ষ টাকা (৯৯.৯৯%) ব্যয় হয়েছে। উল্লেখ্য, উক্ত কাজের জন্য ১ম সংশোধিত ডিপিপি অনুসারে ৫৬৪.০৪ লক্ষ টাকায় কার্যাদেশ প্রদান করা হয় যা পরবর্তীতে ২য় সংশোধিত ডিপিপি'তে ৪৪১.০০ লক্ষ টাকায় ব্যয় প্রাক্কলন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০১ (এক)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনটি প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী সুবিধাভোগীগণ কর্তৃক ব্যবহার করা হচ্ছে। উক্ত ভবনটি নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজন মোতাবেক মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ ৫- লেদার ইঞ্জিনিয়ারিং ভবনের সমাপ্তকরন (৩য় তলা থেকে ৪র্থ তলা)।

১০.৬ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য নতুন ল্যাব ভবন নির্মান (৩ তলা ভীতে ১তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য নতুন ল্যাব ভবন নির্মান (৩ তলা ভীতে ১ তলা) কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ২১৫.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ২১৫.০০ লক্ষ টাকা (১০০%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে

সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০১ (এক)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনটি'র প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হলেও প্রকৃতপক্ষে উক্ত ভবনের নির্মাণ কাজ এখনও চলমান রয়েছে মর্মে দেখা গেছে। এছাড়া, উক্ত ভবনটি ৩ তলা ভীতে ১তলা নির্মাণের প্রস্তাব থাকলেও বাস্তবে উক্ত ভবনটি ৩ তলা পর্যন্ত নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে মর্মে দেখা গেছে।



চিত্রঃ ৬- টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য নতুন ল্যাব ভবন নির্মান (৩ তলা ভীতে ১তলা)।

১০.৭ নতুন একাডেমিক ভবনের সম্প্রসারন (৪র্থ তলা থেকে ৫ম তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত **নতুন একাডেমিক ভবনের সম্প্রসারন (৪র্থ তলা থেকে ৫ম তলা)** কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ২১০০.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ২০৯৯.৫০ লক্ষ টাকা (৯৯.৯৮%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপিতে ০২ (দুই)টি প্যাকেজের সংস্থান থাকলেও বাস্তবে ০৮ (আট)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনটি প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী সুবিধাভোগীগণ কর্তৃক একাডেমিক কার্যক্রমে ব্যবহার করা হচ্ছে। উক্ত ভবনটি নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজন মোতাবেক নিয়মিতভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ ৭- নতুন একাডেমিক ভবনের সম্প্রসারন (৪র্থ তলা থেকে ৫ম তলা)।

১০.৮ প্রকৌশল ভবনের সম্প্রসারন (৩য় তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত **প্রকৌশল ভবনের সম্প্রসারন (৩য় তলা)** কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ১৩৪.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ১৩৩.৮৬ লক্ষ টাকা (৯৯.৯০%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০১ (এক)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনটি প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী সুবিধাভোগীগণ কর্তৃক ব্যবহার করা হচ্ছে। ভবনটি নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজন মোতাবেক নিয়মিতভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ ৮-প্রকৌশল ভবনের সম্প্রসারন (৩য় তলা)।

১০.৯ পুরকৌশল ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত **পুরকৌশল ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা)** কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ১০৭৫.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ১০৭৪.৬৮ লক্ষ টাকা (৯৯.৯৭%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০১ (এক)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য, ভবনটি ৪তলা নির্মাণের সংস্থান থাকলেও ৫তলা নির্মাণ করা হয়েছে। উক্ত ভবনটি প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী সুবিধাভোগীগণ কর্তৃক ব্যবহার করা হচ্ছে। উক্ত ভবনটি নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজন মোতাবেক নিয়মিতভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ ৯-পুরকৌশল ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা)।

১০.১০ যন্ত্র কৌশল ভবনের সম্প্রসারন (৫ম তলা ভিতে ১ম তলা থেকে ৩য় তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত **যন্ত্রকৌশল ভবনের সম্প্রসারন (৫ম তলা ভিতে ১ম তলা থেকে ৩য় তলা)** কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ৩৭০.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ৩৬৯.৯৭ লক্ষ টাকা (৯৯.৯৯%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০১ (এক)টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনটি প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী সুবিধাভোগীগণ কর্তৃক যথাযথভাবে ব্যবহার করা হচ্ছে। উক্ত ভবনটি নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজন মোতাবেক নিয়মিতভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ ১০- যন্ত্র কৌশল ভবনের সম্প্রসারন (৫ম তলা ভিতে ১ম তলা থেকে ৩য় তলা)।

১০.১১ শিক্ষার্থী ওয়েলফেয়ার-কাম-কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া নির্মান সমাপ্তকরন (১ম তলা থেকে ৩য় তলা):

প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের আওতায় বাস্তবায়িত শিক্ষার্থী ওয়েলফেয়ার-কাম-কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া নির্মান সমাপ্তকরন (১ম তলা থেকে ৩য় তলা) কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুসারে উক্ত কাজের মোট প্রাক্কলিত ব্যয় ৭৯৪.০০ লক্ষ টাকা। উক্ত কাজের বিপরীতে ৭৯৩.৭৮ লক্ষ টাকা (৯৯.৯৭%) ব্যয় হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, উক্ত খাতে মূল অনুমোদিত ডিপিপি এবং সংশোধিত অনুমোদিত আরডিপিপি'র সংস্থান মোতাবেক ০২ (দুই) টি প্যাকেজে কাজটি সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনটি প্রকল্প মেয়াদ অর্থাৎ জুন, ২০১৮ এ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী ছাত্র ছাত্রী, শিক্ষক এবং কর্মকর্তা কর্মচারীগণ কর্তৃক ব্যবহার করা হচ্ছে। উক্ত ভবনটি নির্ধারিত লক্ষ্যে পুরোপুরি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজন মোতাবেক নিয়মিতভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।



চিত্রঃ ১১- শিক্ষার্থী ওয়েলফেয়ার-কাম-কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া নির্মান (১ম তলা থেকে ৩য় তলা)।

১১.০| **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে:

(ক) ডিপিপি, আরডিপিপি, প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সময় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান, বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২.০। **প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি:**

১২.১ **আর্থিক অগ্রগতি:** প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ১২২৯৮.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১২২৩২.৭৮ লক্ষ টাকা (৯৯.৪৭%)| প্রকল্পটির অনুকূলে ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থ বছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হল:

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	অনুমোদিত মূল ডিপিপি'র সংস্থান	সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়
২০১২-২০১৩	১৫০.০০	১৫০.০০	১৫০.০০	১৫০.০০	১৫০.০০
২০১৩-২০১৪	৮০০.০০	৮০০.০০	৮০০.০০	৮০০.০০	৮০০.০০
২০১৪-২০১৫	২১০০.০০	২১০০.০০	২১০০.০০	২১০০.০০	২১০০.০০
২০১৫-২০১৬	৪০৪৫.০০	৪০৪৫.০০	৪০৪৫.০০	৪০৪৫.০০	৪০৪৫.০০
২০১৬-২০১৭	৩১১৩.০০	৩১১৩.০০	৩১১৩.০০	৩১১৩.০০	৩১১৩.০০
২০১৭-২০১৮	২০৯০.০০	২০৯০.০০	২০৯০.০০	২০৯০.০০	২০২৪.৭৮
মোট	১২২৯৮.০০	১২২৯৮.০০	১২২৯৮.০০	১২২৯৮.০০	১২২৩২.৭৮

১৩.০। **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:**

পরিকল্পিত	অর্জন
ভৌত কাজ সম্পাদন, আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য শিক্ষার পরিবেশ উন্নতকরণ এবং বিশ্ববিদ্যালয়ের আবাসন সংকট নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।	প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের আবাসিক সংকট নিরসনের লক্ষ্যে হল নির্মাণ, একাডেমিক ভবন নির্মাণ, প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ এবং গুনগত মানসম্পন্ন শিক্ষা সুবিধা তৈরীর লক্ষ্যে বৈজ্ঞানিক/ল্যাব ইক্যুইপমেন্ট সরবরাহ করা হয়েছে। প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সুযোগ সুবিধার ফলে বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী, সেমিনার, একাডেমিক এবং গবেষণা ল্যাবরেটরীর উন্নয়ন করা সম্ভব হয়েছে। ফলে, বিশ্ববিদ্যালয়ের আবাসন সমস্যা নিরসনে সীমিত পরিসরে বাস্তবমুখী পদক্ষেপ গৃহীত হয়েছে এবং ছাত্র ছাত্রীদের জন্য শিক্ষার পরিবেশ উন্নত করা সম্ভব হয়েছে যা পরোক্ষভাবে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক সক্ষমতা বৃদ্ধিতে সক্ষম হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৪.০। **উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ**

প্রকল্পের অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ভৌত কাজ সম্পাদন, আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে । পরিদর্শনকালে দেখা গেছে প্রকল্পটি সর্বশেষ সংশোধনীর মাধ্যমে সংস্থানকৃত সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। তবে, ভৌত কাজ সম্পাদন, আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয়, দরপত্র প্রক্রিয়াকরণ, ইনভেন্টরী সংরক্ষণ, কাজের গুনগত মান বজায় রাখা এবং প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো, সরবরাহকৃত আসবাবপত্র ও যন্ত্রপাতির সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা তথা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিবিড় মনিটরিং এর অভাব রয়েছে। এক্ষেত্রে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নিবিড় মনিটরিং নিশ্চিত করার পাশাপাশি প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এছাড়া, মন্ত্রণালয় হতে ১২ মাস বিলম্বে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, পিসিআর এর নির্ধারিত পৃষ্ঠা (পৃ-২১) ব্যতিত অন্য কোন পৃষ্ঠায় বাস্তবায়নকারী সংস্থা বা মন্ত্রণালয়/বিভাগ এর কোন কর্মকর্তার অনুস্বাক্ষর নেই। পিসিআর এর অংশ (A) এর ক্রমিক নং-৯, অংশ (B) এর ক্রমিক নং-৩, ৪, ৮.১, ৯, অংশ (C) এর ক্রমিক নং-1 (a), 1(b), অংশ (D), অংশ (E) এর ক্রমিক নং-1, 2, 3(1), 3(2), এবং অংশ (G) এর ক্রমিক নং-৪.৩, ৪.৪, ৪.৫, ৪.৬, ৪.৭, ৪.৮, ৪.৯, ৪.১৪ এবং ৫.৪ ও ৫.৫ এ যথাযথভাবে তথ্যাদি সন্নিবেশ করা হয়নি যা কাঙ্খিত নয়। এছাড়া, প্রকল্পের সামগ্রিক কার্যক্রমের উপর আইএমইডি'র পর্যবেক্ষণ নিম্নে তুলে ধরা হলোঃ

দরপত্র প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	কার্যক্রমের বিবরণ	অনুমোদিত ডিপিপি'র প্যাকেজ সংখ্যা	প্রকৃত প্যাকেজ সংখ্যা	মন্তব্য
১.	বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়	৬	-	তথ্য পাওয়া যায়নি।
২.	আসবাবপত্র ক্রয়	৬	-	তথ্য পাওয়া যায়নি।
৩.	প্রশাসনিক ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা)	২	২	ভেরিয়েশন ওর্ডার ২বার।
৪.	রোকেয়া হলের সম্প্রসারন (৩য় তলা থেকে ৫ম তলা)	১	৩	২টি অতিরিক্ত প্যাকেজ।
৫.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সম্প্রসারন (৪র্থ-৫ম)	১	৩	২টি বেশি প্যাকেজ।
৬.	নগর ও অঞ্চল পরিকল্পনা (১ম তলা থেকে ৫ম তলা)	২	২	ভেরিয়েশন ওর্ডার।
৭.	লেদার ইঞ্জিনিয়ারিং ভবনের সমাপ্তকরন (৩য়-৫ম তলা)	১	১	তথ্য পাওয়া যায়নি।
৮.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ল্যাব ভবন (৩তলা ভীতে ০১ তলা)	১	১	তথ্য পাওয়া যায়নি।
৯.	নতুন একাডেমিক ভবনের সম্প্রসারন (৪র্থ তলা-৫ম তলা)	২	৮	৬টি বেশি প্যাকেজ করা হয়েছে।
১০.	প্রকৌশল ভবনের সম্প্রসারন (৩য় তলা)	১	১	তথ্য পাওয়া যায়নি।
১১.	পুরকৌশল ভবনের সম্প্রসারন (১ম তলা থেকে ৪র্থ তলা)	২	১	তথ্য পাওয়া যায়নি।
১২.	যন্ত্রকৌশল ভবনের সম্প্রসারন (৫ম তলা ভিতে ১ম-৩য় তলা)	১	১	তথ্য পাওয়া যায়নি।
১৩.	শিক্ষার্থী ওয়েলফেয়ার-ক্যাফেটেরিয়া (১ম-৩য় তলা)	২	২	তথ্য পাওয়া যায়নি।

সম্পাদিত কার্যক্রম সংক্রান্ত তথ্যঃ


ক্রমিক নং	কার্যক্রমের বিবরণ	অনুমোদিত ডিপিপি'র সংস্থান	প্রকৃতপক্ষে সম্পাদিত	মন্তব্য
১.	রোকেয়া হলের সম্প্রসারন	৩য় তলা থেকে ৫ম তলা	৩য় তলা থেকে ৫ম তলা	RFQ পদ্ধতিতে মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ করা হয়েছে।
২.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সম্প্রসারন	৪র্থ-৫ম তলা	৪র্থ-৫ম তলা	সংস্থান মোতাবেক।
৩.	নগর ও অঞ্চল পরিকল্পনা	১ম তলা থেকে ৫ম তলা	১ম তলা থেকে ৫ম তলা	৫তলার পরিবর্তে ৬তলা ভীত।
৪.	লেদার ইঞ্জিনিয়ারিং ভবনের সমাপ্তকরন	৩য়-৫ম তলা	৩য়-৫ম তলা	সংস্থান মোতাবেক।
৫.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের নতুন ল্যাব	৩তলা ভীতে ০১ তলা	৩তলা ভীতে ৩য় তলা	০১তলার পরিবর্তে ৩য় তলা।
৬.	নতুন একাডেমিক ভবনের সম্প্রসারন	৪র্থ-৫ম তলা	৪র্থ-৫ম তলা	সংস্থান মোতাবেক।
৭.	প্রকৌশল ভবনের সম্প্রসারন	৩য় তলা	৩য় তলা	সংস্থান মোতাবেক।
৮.	পুরকৌশল ভবনের সম্প্রসারন	১ম তলা থেকে ৪র্থ তলা	১ম তলা থেকে ৫তলা	৪তলার পরিবর্তে ৫তলা।
৯.	যন্ত্রকৌশল ভবনের সম্প্রসারন	৫ম তলা ভিতে ১ম-৩য় তলা	৫ম তলা ভিতে ১ম-৪র্থ তলা	৩ তলার পরিবর্তে ৪তলা।
১০.	শিক্ষার্থী ওয়েলফেয়ার-ক্যাফেটেরিয়া নির্মান	১ম-৩য় তলা	১ম-৩য় তলা	সংস্থান মোতাবেক।

খাতওয়ারী ব্যয় সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকা)

ক্রমিক নং	কার্যক্রমের বিবরণ	অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলন	চুক্তিমূল্য	প্রকৃত ব্যয়	মন্তব্য
১.	প্রশাসনিক ভবনের সম্প্রসারন	৪১৫.০০	৪১৫.২১	৪১৪.৯৭	কার্যাদেশ মূল্য বেশি।
২.	রোকেয়া হলের সম্প্রসারন	৫০০.০০	৪১৮.০৫	৪৯৯.২৫	চুক্তিমূল্য অপেক্ষা বেশি।
৩.	গেস্ট হাউজের সমাপ্তকরন	৭৫.০০	-	৭৫.০০	তথ্য পাওয়া যায়নি।
৪.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সম্প্রসারন	৮৭৯.০০	৫৪৩.০০	৮৭৮.৯১	পূর্ণ তথ্য পাওয়া যায়নি।
৫.	নগর ও অঞ্চল পরিকল্পনা ভবন	১১৭৬.০০	১১০১.৪২	১১৭৫.৫১	চুক্তিমূল্য অপেক্ষা বেশি।
৬.	লেদার ইঞ্জিনিয়ারিং ভবনের সমাপ্তকরন	৪৪১.০০	৫৬৪.০৪	৪৪০.৯৯	প্রকৃত তথ্য পাওয়া যায়নি।
৭.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের নতুন ভবন	২১৫.০০	-	২১৫.০০	চুক্তিমূল্য তথ্য পাওয়া যায়নি।
৮.	নতুন একাডেমিক ভবনের সম্প্রসারন	২১০০.০০	১৯৫৮.০৯	২০৯৯.৫০	চুক্তিমূল্য অপেক্ষা বেশি।
৯.	প্রকৌশল ভবনের সম্প্রসারন	১৩৪.০০	১২২.০৪	১৩৩.৮৬	চুক্তিমূল্য তথ্য পাওয়া যায়নি।
১০.	পুরকৌশল ভবনের সম্প্রসারন	১০৭৫.০০	-	১০৭৪.৬৮	চুক্তিমূল্য তথ্য পাওয়া যায়নি।
১১.	যন্ত্রকৌশল ভবনের সম্প্রসারন	৩৭০.০০	-	৩৬৯.৯৭	তথ্য পাওয়া যায়নি।
১২.	শিক্ষার্থী ওয়েলফেয়ার-ক্যাফেটেরিয়া নির্মান	৭৯৪.০০	৯৯.৬৪	৭৯৩.৭৮	তথ্য পাওয়া যায়নি।

***মূল চুক্তি মূল্য অনুসারে।**



- **মূল চুক্তি মূল্যের ভিত্তিতে ইনপুট দেওয়া হয়েছে।**

প্রকল্পের আওতায় মোট ৫৪টি প্যাকেজের (পণ্য ২৪টি, কার্য ২৬টি এবং সেবা ৪টি) সংস্থান থাকলেও বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক একাধিক প্যাকেজে কাজ সম্পাদন করেছে মর্মে প্রতীয়মান হয় , যার ফলে অনুমোদিত সংখ্যা র চেয়ে প্যাকেজ সংখ্যা বেশি করা হয়েছে মর্মে ধারণা করা হচ্ছে। বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক সকল কাজের পূর্ণাঙ্গ তথ্য প্রদান না করার কারণে প্যাকেজের সঠিক সংখ্যা নির্ধারণ করা সম্ভব হয়নি। উদাহরণস্বরূপ উল্লেখ করা যেতে পারে যে, নতুন একাডেমিক ভবনের সম্প্রসারণ কা জের জন্য ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি'তে ০২টি প্যাকেজের সংস্থান থাকলেও মোট ০৮টি প্যাকেজে উক্ত কাজটি সম্পন্ন করা হয়েছে। নতুন একাডেমিক ভবনের ডিপিপি 'র প্রাক্কলিত ব্যয় ২১০০.০০ লক্ষ টাকা, কার্যাদেশ মূল্য ১৯৫৮.০৯ লক্ষ টাকা এবং ভেরিয়েশন ওর্ডার মূল্য ১৩১.৫৩ লক্ষ টাকা, মোট কার্যাদেশ মূল্য ২০৮৯.৬২ লক্ষ টাকা হলেও পিসিআর এর তথ্য অনুসারে এ খাতে ব্যয় হয়েছে ২০৯৯.৫০ লক্ষ টাকা যা ভেরিয়েশনসহ কার্যাদেশ মূল্য অপেক্ষা ৯.৫৮ লক্ষ টাকা (০.৪৮%) বেশি। রোকেয়া হল ভবনের ডিপিপি 'র প্রাক্কলিত ব্যয় ৫০০.০০ লক্ষ টাকা, কার্যাদেশ মূল্য ৪১৮.০৫ লক্ষ টাকা এবং ভেরিয়েশন ওর্ডার মূল্য ৬২.৪৭ লক্ষ টাকা। এছাড়া, উক্ত খাতে পৃথক দুটি RFQ করে যথাক্রমে ৮.৯৯ লক্ষ টাকায় এবং ১০.০০ লক্ষ টাকায় মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ করা হয়েছে। নগর ও অঞ্চল পরিকল্পনা ভবনের ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় ১১৭৬.০০ লক্ষ টাকা, কার্যাদেশ মূল্য ১১০১.৪২ লক্ষ টাকা এবং ভেরিয়েশন ওর্ডার মূল্য ৭৪.৪৭ লক্ষ টাকা, মোট কার্যাদেশ মূল্য ১১৭৬.২১

লক্ষ টাকা যা ডিপিপি মূল্য অপেক্ষা ০.২১ লক্ষ টাকা বেশি। উল্লেখ্য, প্রকল্প পরিচালক কে বার বার টেলিফোনে তাগিদ দেয়া স্বত্বেও এ সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রদান করেননি বি ধায় আলোচ্য প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যক্রমের পূর্ণ চিত্র তুলে ধরা সম্ভব হয়নি। প্রকল্পের আওতায় সম্পাদিত প্রায় সকল ভৌত কাজের ক্ষেত্রে ভেরিয়েশন ওর্ডার প্রদান করা হয়েছে মর্মে আপাতঃদৃষ্টিতে প্রতীয়মান হয় যা পিপিআর -২০০৮ এর বিধি ৭৮ এর উপবিধি (২) ও (৩) এর অনুসর ণে যথাযথভাবে করা হয়েছে কি না তাও তদন্তপূর্বক নিশ্চিত করা প্রয়োজন। তবে, ক্রয় কার্যক্রম ও সম্পাদিত কার্যক্রমে অনুমোদিত ডিপিপি'র ব্যত্যয় ঘটানোর বিষয়টি অধিকতর তদন্ত সাপেক্ষ বিষয়। প্রকল্প সমাপ্ত হওয়ার পরও দীর্ঘ ১৭ মাস প্রকল্পের ব্যাংক হিসাবে প্রকল্পের টাকা সংরক্ষণ ও লেনদেন সম্পাদন করা হয়েছে। সর্বশেষ ১৭ই নভেম্বর, ২০১৯ তারিখে ৫৫,০৫,০১৭ টাকার ডিডি করা হলেও এর প্রাপক সংক্রান্ত কোন তথ্য ব্যাংক স্টেটমেন্ট এ উল্লেখ নেই।

১৫.০। প্রকল্পের প্রভা ব:

আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে (ক) ছাত্র ছাত্রীদের আবাসন সংকট নিরসনের মাধ্যমে স্বাভাবিক শিক্ষার পরিবেশ প্রদানে সহায়তা প্রদান করা হয়েছে, যার ফলে তারা প্রত্যাশিত উচ্চ শিক্ষা গ্রহণ করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখ তে সমর্থ হবে মর্মে জানা গেছে; (খ) আধুনিক যন্ত্রপাতি ও উপকরণ সরবরাহের ফলে আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতির বিষয়ে সমসাময়িক জ্ঞান এবং অভিজ্ঞতা অর্জনের উদ্দেশ্যে ছাত্র ছাত্রীদের দক্ষতা বৃদ্ধি পেয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ আছে; (গ) উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে উচ্চতর গবেষণা এবং অধ্যয়নে সহযোগিতা সৃষ্টি করা হয়েছে। সর্বোপরি, প্রকল্পটি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে র শিক্ষা সুবিধাদি উন্নয়নকল্পে সহায়ক ভূমিকা পালন করছে।

সমাপ্ত প্রকল্প পরিদর্শনকালে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য , শিক্ষক, কর্মকর্তা ও প্রকৌশলীগণ জানান যে , আলোচ্য বিশ্ববিদ্যালয়টি একটি প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় যার মধ্যে প্রকৌশল সংক্রান্ত বিভাগগুলো উপর উচ্চ শিক্ষা প্রদান করা হয়। এক্ষেত্রে শিক্ষক কর্মকর্তাগণের প্রশিক্ষণের ব্যবস্থা করা হলে বিশ্ববিদ্যালয়ের গবেষণা স্তর উন্নত করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক একাডেমিক কার্যক্রম আরো বেশি মানসম্পন্ন হবে। এছাড়া , উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের সুবিধার্থে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ এবং প্রকৌশল বিভাগের কর্মকর্তাগণের প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন বলেও তারা পরিদর্শনকালে অবহিত করেন। বিশ্ববিদ্যালয়ের একমাত্র ছাত্রী হল রোকেয়া হলের ছাত্রীদের শরীর চর্চার বিষয়টি বিবে চনায় এনে হল ভবনের ছাদের ওপর হালকা স্টীল স্ট্রাকচারের মাধ্যমে একটি ব্যায়ামাগার নির্মাণ করা যায় কি না সে বিষয়টির ওপর হল প্রভোস্ট পরিদর্শনকালে অবহিত করেন।

১৬। সুপারিশ:

১৬.১ (ক) আইএমই বিভাগের ২৯/০৩/২০০৬ তারিখের আইএমইডি/সমন্বয়-৩/৬(৩)/২০০৪/১৬২ নং পরিপত্রের নির্দেশনা মোতাবেক সেপ্টেম্বর, ২০১৮ এর মধ্যে প্রকল্পের পিসিআর আইএমইডি'তে প্রেরণ না করে দীর্ঘ ০১ (এক) বছর যাবত সম্পূর্ণ অননুমোদিতভাবে প্রকল্পের কার্যক্রম বাস্তকবায়ন করা; অসম্পূর্ণ পিসিআর প্রেরণ এবং পিসিআর এ প্রদত্ত তথ্য ও বাস্তব অবস্থার মধ্যে আসামঞ্জস্যতা; (খ) অনুমোদিত ডিপিপি (২য় সংশোধিত) ও সরকারী ক্রয় বিধি (পিপিআর-২০০৮) অনুসরণ না করে প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রম সম্পাদন এবং প্রকল্পের আওতায় সম্পাদিত প্রায় সকল কাজের চুক্তিমূল্য (Contract Value) অপেক্ষা অতিরিক্ত মূলে কার্য সম্পাদন; (গ) প্রকল্প সমাপ্ত হওয়ার প রও দীর্ঘ ০১ বছর ০৫ মাস যাবত ব্যংক লেনদেন সম্পাদন এবং (ঘ) অনুমোদিত ডিপিপি'র ব্যত্যয় ঘটিয়ে ভৌত কার্যক্রম **(নগর ও অঞ্চল পরিকল্পনা ভবন , টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের নতুন ল্যাব ভবন, পুরকৌশল ভবনের সম্প্রসারন)** বাস্তবায়নের বিষয়গুলো সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক তদন্তপূর্বক দায়দায়িত্ব নিরুপন এবং প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে স্বল্পতম সময়ের মধ্যে এ বিভাগ কে অবহিত করা ;

১৬.২ উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো নির্ধারিত নিয়মে বিশ্ববিদ্যালয়ের রাজস্ব বাজেটের আওতায় স্থানান্তরের পদক্ষেপ গ্রহণ করা যাতে করে প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ে ভৌত অবকাঠামোর মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা সম্ভব হয়;

১৬.৩ উন্নয়ন প্রকল্প, বাস্তবায়ন ও বাস্তবায়নোত্তর পর্যায়ে নিয়মানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অডিট কাজ সম্পদান করা;

১৬.৪ উন্নয়ন প্রকল্পের পিসিআর প্রনয়ণের ক্ষেত্রে বাস্তবায়ন পর্যায়ে উদ্ভুত সমস্যাসহ বাস্তবায়নোত্তর পর্যায়ে প্রকল্পের প্রভাব যেমন-উন্নয়নে নারীর অংশগ্রহণ, প্রকল্পের টেকসই, দারিদ্র বিমোচনে ভূমিকা, স্টেকহোল্ডারদের অভিমত সংক্রান্ত তথ্যাদি সংখ্যাগত আকারে সুনির্দিষ্টভাবে সন্নিবেশ করা;

১৬.৫ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সর্বোচ্চ মান নিশ্চিত করার লক্ষ্যে ল্যাবরেটরীগুলোতে আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করার পাশাপাশি শিক্ষকগণের গবেষণা সহায়ক পরিবেশ তৈরী ও প্রশিক্ষণ প্রদান এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা;

১৬.৬ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একমাত্র ছাত্রী হল রোকেয়া ছাত্রী হল ভবনের ছাদে সুবিধাভোগীদের চাহিদা বিবেচনায় হালকা স্টিল স্ট্রাকচারের মাধ্যমে একটি জিমন্যাসিয়াম স্থাপনের পদক্ষেপ গ্রহণ করা যায় কি না বিশ্ববিদ্যালয় প্রকৌশল বিভাগ কর্তৃক তার কারিগরী বিষয়গুলো যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে; এবং

১৬.৭ অনুচ্ছেদ ১৬.১ হতে ১৬.৬ এর সুপারিশসমূহ অনুসরণ এবং তার আলোকে গৃহীত ব্যবস্থা আইএমইডি'কে অবহিত করা।

সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট (৩য় সংশোধিত)(SEQAEP) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৭)

১.০ **প্রকল্পের অবস্থান** : ২৫০ টি সিলেকটেড উপজেলা অফ বাংলাদেশ।

২.০ **বাস্তবায়নকারী সংস্থা** : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

৩.০ **প্রশাসনিক মন্ত্রণালয়** : শিক্ষা মন্ত্রণালয়।

৪.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়নকালের%)
মূল মোট টাকা (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্রঃসাঃ) (সংস্থা)	মোট টাকা প্রকল্প সাহায্য	মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১১৮১৭৬.৩০ ১৯০৩৭.২৮ (৯৯১৩৯.০২)	৩৪০০৮০.০০ ৬৯৭৬৪.২৮ (২৭০৩১৫.৭২)	৩৩০২১২.০৭ ৬৮৯১৪.৪৭ ২৬১২৯৭.৬০	জুলাই ২০০৮ থেকে জুন ২০১৪	জুলাই ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭	জুলাই ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭	২৭৯.৬৭% ৩৬২% ২৬৩.৮৬%	১৫৮%

৫.০ <u>প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে)</u>

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১।	ইনসেনটিভ এওয়ার্ডস টু স্টুডেন্টস, টিচার্স এন্ড ইনস্টিটিউশনস	সংখ্যা	BSAAST= ৪৯৬৭০৬ SSCST=৫২৮১১৪ Teachers=৫৭০০ GPA= ৬০৫ Inst.= ৪৩৪১ AF: IAA= ৫৭৮৪	২১৪৪৮.০১	BSAAST=৫৬৫৮৪২ SSCST=৬৩১৭৫৯ Teachers=৫৯৮১ GPA= ১৫৫ IAA= ৮৮১৫	২১৬১৪.৬১ (১০০.৭৮%)
২।	এডিশনাল সাপোর্ট ইন ম্যাথমেটিকস, ইংলিশ এন্ড সায়েন্স	সংখ্যা	1.MTRT Program: Inst=৩০০০ Additional Classes=১০৮০০০০ Trainers=৬১৫ 2.Resourse Teacher (RT) Program Institutions=৪০০ RTs=৯৬০ ACs=১০৫০০০০ Training of RTs=৯৬০ 3. ACT Program: Institutions:=২০০০ ACTs=৬০০০ ACs=১৬০৪৯৮৮ Orientations=১০০০ training of ACTs=৬০০০	৩৫৭১২.৪২	1.MTRT Program: Inst=৩০০০ Additional Classes=১১২৫৬২৫ Trainers=৬১৫ 2.Resourse Teacher (RT) Program Institutions=৪০২ RTs=১৩২৮ ACs=৯৫৪৫২৫ Training of RTs=১৩২৮ 3. ACT Program: Institutions:=২০১৮ ACTs=৯৭২৩ ACs=১৬২১৫৫২ Orientations=৯৮৩ training of ACTs=৫৩৮৪	৩৬৩২৫.৮১ (১০১.৭২%)
৩।	ডেভলপিং	সংখ্যা	Program Books= ১২১০০Inst.,	১৮৩২৩.৭৭	Program Books= ১২১০০Inst.,	১৮২৯২.৩৫

ক্রমিক নম্বর	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
	রিডিং হ্যাবিটস		Award Books=১২১০০ Inst., OrganizorsRemunaration for=১২১০০ Implementing Partner		Award Books=১২১০০ Inst., OrganizorsRemunaration for=১২১০০ Implementing Partner	(৯৯.৮৩%)
৪।	এ্যাসেসমেন্ট অফ এডুকেশন কোয়ালিটি	সংখ্যা	See Attached Anneure1 3 times	১৬১৪.৮৭	See Attached Anneure1 3 times	১২৯৩.৯৩ (৮০.১৩%)
৫।	পিএমটি বেইজড টিউশন স্টাইপেন্ড এন্ড টিউশন টু দি পুওর	সংখ্যা	PMT Students: 2009 to 2013 total students 4339548. AF : PMT Students 2014 to 2017 December Total students 5764206	১৮৫৭০৮.৬০	MT Students: 2009 to 2013 total students 4152197. AF : PMT Students 2014 to 2017 December Total students 10271264.	১৮০৮২৬.২৪ (৯৭.৩৭%)
৬।	টিউশন ফর পিএমটি বেনিফিশিয়ারিজ	সংখ্যা	MT Students: 2009 to 2013 total students 4339548. AF : PMT Students 2014 to 2017 December Total students 5764206	১৬২৫২.৬৩	MT Students: 2009 to 2013 total students 4152197. AF : PMT Students 2014 to 2017 December Total students 10271264.	১৯২৫১.২৪ (১১৮.৪৫%)
৭।	জেনারেল স্টাইপেন্ড	সংখ্যা	General Stipend: 2009 to 2017. Total No. of students 862261.	১৯১৯১.৮৭	General Stipend: 2009 to 2017. Total No. of students 841963	১৬৩৪০.৫১ (৮৫.১৪%)
৮।	স্টাফ সেলারি অফ সেকায়েপ	সংখ্যা	৪৭ জন	১৪৮৮.১২	৬৭ জন	১২৮৪.৮২ (৮৬.৩৪%)
৯।	স্টাফ সেলারি অফ এমইডব্লিউ	সংখ্যা	১৮ জন	৩৫৫.৮৮	৬৭ জন	২৩৭.৫২ (৬৬.৭৪%)
১০।	টিএ/ডিএ সেকায়েপ	সংখ্যা	৪৭ জন	৪৩৭.৭৭	থোক	৪৪২.৯৫ (১০১.১৮%)
১১।	টিএ/ডিএ এমইডাব্লিউ	সংখ্যা	১৮ জন	১০৪.২০	থোক	৯৮.৯৬ (৯৪.৯৭%)
১২।	টেকনিক্যাল এ্যাসিসটেন্ট (ফর ইনডিভিজুয়েল কনসালটেন্টল ম্যানেজমেন্ট কনসালটেন্ট ফারম এন্ড হিরিং অফ মেইনপাওয়ার ফর টেকনিক্যাল সাপোর্ট)	থোক	থোক	২১০৩.৯১	থোক	১৪৭০.৬১ (৬৯.৯০%)
১৩।	অফিস কনসামবলেস এন্ড এমএনজিটি.	থোক	থোক	১৮৯.০৩	থোক	১৮৪.২৪ (৯৭.৪৭%)
১৪।	ভেহিক্যাল অপারেশন এন্ড	থোক	থোক	১১৯.০৯	থোক	১১৯.৪১ (১০০.২৭%)

ক্রমিক নম্বর	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
	মেইটিনেন্স					
১৫।	অপারেটিং কস্ট (এজ পার ডেপিনেশন এপেনডেড ইন ফাইনান্সিং এগ্রিমেন্ট)	থোক	থোক	২১০৫.৮৫	থোক	২০৬৩.২২ (৯৭.৯৮%)
১৬।	অপারেটিং কস্ট ফত ইউএসইওএস	থোক	থোক	৬১৯.৭৫	থোক	৪৭২.৪৯ (৭৬.২৪%)
১৭।	ব্যাংক সার্ভিস চার্জ	থোক	থোক	৬৭৫৮.২৯	থোক	৬৬৬০.৩৬ (৯৮.৫৫%)
১৮।	প্রজক্ট ইনসেনটিভ এলাউন্স (৫০% অব বেসিক সেলারী) ফর প্রজেক্ট স্টাফ এন্ড কনসারনিড অফিসিয়ালস অব এমওই (৫ নো), এমইডব্লিউ (৪ নো), ডিএইচএসই (৪ নো), আইএমইডি (১ নো), প্লানিং কমিশন (১ নো)	থোক	থোক	৭৮.০০	থোক	০.০০
১৯।	ইনস্টিটিউশনাল ক্যাপাসিটি বিল্ডিং	সংখ্যা	১২০ জন	১৮২০.৪৪	১০৯ জন	১৫১৫.৫১ (৮৩.২৫%)
২০।	স্কুল ম্যানেজমেন্ট একাউন্টেবিলিটি	সংখ্যা	1.SMA:FY 2012-13=6700 Inst., 2. PTA Training Upazila Levels=67000 Persons ; 3. January to December 2014 (2 Semister): SA=6700,6700 Inst, ICT: 6700,6700, 4. January to December 2015 (2 Semister): SA=9600,9600, ICT: 9600,9600, 5. January to December 2016 (2 Semister): SA=11750,11750 Inst, ICT: 11750,11750 Inst, 6. January to December 2017 (2 Semister): SA=11750,11750, ICT: 8000,8000,	৫৩৯৭.৫০	1.SMA:FY 2012-13=6381 Inst., 2. PTA Training Upazila Levels=67000 Persons ; 3. January to December 2014 (2 Semister): SA=6264,6285 Inst, ICT: 1115,1567, 4. January to December 2015 (2 Semister): SA=6018,8676, ICT: 1779,1113, 5. January to December 2016 (2 Semister): SA=8425,10479 Inst, ICT: 3339,6334 Inst, 6. January to December 2017 (2 Semister): SA=10477,7851 Inst, ICT: 7358, 7558,	৪৯৯৬.৫০ (৯২.৫৭%)

ক্রমিক নম্বর	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
২১।	এডুকেশন এওয়ারনেসেস এন্ড কমিউনিটি মোবিলাইজেশন	সংখ্যা	EACM: 1. January to December 2014 : 6700, 6700 Inst., 2. January to June 2015 : 9600, 9600. 3.January to December 2016 : 11750, 11750, January to December 2017 : 10500.	২৯৭১.১৪	EACM: 1. January to December 2014 : 6264, 6285 Inst., 2. January to June 2015 : 6018, 8681. 3.January to December 2016 : 8425, 10479, January to December 2017 : 10477, 7851.	২৯০৩.৭২ (৯৭.৭৩%)
২২।	মনিটরিং এন্ড ৪.২ ইভালুয়েশন	সংখ্যা	-	৪১২১.৯৯	৬৮০০ Inst.	৩৪৯৯.৩৩ (৮৪.৮৯%)
২৩।	ইম্প্রুভিং স্কুল ফেসিলিটিজ	সংখ্যা	WB=465, LWB=850, DTW=1620, Classroom, Renovetion=1197, WPT=2400, SWT=400, STW=1020, TL=1865, RWH=115, Arsenic Kits=905, Manganese Kits=460, WP=1760, AM LS	১০৩৫৬.৩০	WB=418, LWB=814, DTW=1587, Classroom, Renovetion=1187, WPT=1783, SWT=260, STW=980, TL=1826, RWH=69, Arsenic Kits=905, Manganese Kits=460, WP=1365, AM LS	৮১১৫.৬৫ (৭৮.৩৬%)
২৪।	ট্রান্সপোর্ট এন্ড ভেহিকেলস	সংখ্যা	AF: Motorcycle 252.	৭০৮.৮৩	AF: Motorcycle 244.	৬৯৭.৭২ (৯৮.৪৩%)
২৫।	কম্পিউটার এন্ড এ্যাকসেসোরিজ	সংখ্যা	AF: Laptop= 262, Scanner=217, Fax/Printer=216, Photocopier=222, Digital Class Soluation=380.	২০৪১.৬৪	AF: Laptop= 262, Scanner=217, Fax/Printer=216, Photocopier=222, Digital Class Soluation=203.	১৪৫৭.৩১ (৭১.৩৮%)
২৬।	ফার্ণিচার এন্ড ফিক্সচার্স	থোক	থোক	৫০.১০	থোক	৪৭.০৬ (৯৩.৯৩%)
	সর্বমোটঃ			**৩৪০০৮০.০০**	**৯৭.১৮%**	**৩৩০২১২.০৭ (৯৭.১০%)***

*পিসিআর অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ৩৪০০৮০.০০ লক্ষ টাকা এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ৩৩০২১২.০৭ লক্ষ টাকা, অর্থাৎ ৯৭.১০% ।

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : প্রজক্ট ইনসেনটিভ এলাউন্স (৫০% অব বেসিক সেলারী) ফর প্রজেক্ট স্টাফ এন্ড কনসারনিড অফিসিয়ালস অব এমওই (৫ নো), এমইডব্লিউ (৪ নো), ডিএইচএসই (৪ নো), আইএমইডি (১ নো), প্লানিং কমিশন (১ নো), এ খাতে ডিপিপি-তে সংস্থান ছিল ৭৮.০০ লক্ষ টাকা কিন্তু এর বিপরীতে কোন ব্যয় করা হয়নি। কারণ মন্ত্রণালয় থেকে কোন প্রশাসিনক আদেশ জারী করা হয়নি।

৭.০ সাধারণ পর্যবেক্ষণ :

৭.১। পটভূমি :বাংলাদেশে শিক্ষা প্রসার ও এর গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে বিশেষ করে নারীদেরকে শিক্ষা অভিমুখী করে তোলার লক্ষ্যে বিদ্যালয়গুলোতে নিরাপদ পানি সরবরাহ, স্বাস্থ্যসম্মত টয়লেট বাবস্থা সৃষ্টি করা, ছাত্রী-ছাত্রীদের বিশেষ করে হত দরিদ্র ও নারীদের শিক্ষার পথ সুগম করতে মাধ্যমিক স্তরে ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি কার্যক্রম চালু করা এবং জাতীয় শিক্ষা নীতি ২০১০ বাস্তবায়নে সৃজনশীল শিক্ষা ব্যবস্থায় ছাত্র-ছাত্রীদের খাপ খাইয়ে চলার জন্য অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা বিশেষ করে ইংরেজী ও গণিতের প্রতি বেশী মনোযোগী করে গড়ে তোলার জন্য প্রকল্পটি বিগত ১৫/০৭/২০০৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১১৮১৭৬.৩০ লক্ষ টাকা (জিওবি ১৯০৩৭.২৮ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৯৯১৩৯.০২ লক্ষ টাকা) এবং প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়নকাল জুলাই ২০০৮ থেকে জুন ২০১৪ পর্যন্ত। পরবর্তীতে প্রকল্পটি ১২২১৯৫.৬৫ লক্ষ টাকা (জিওবি ১৯০৩৭.২৮ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১০৩১৫৮.৩৭ লক্ষ টাকা) প্রাক্কলন ব্যয় নির্ধারণ করে ২৮/০৮/২০১২ তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১ম বার সংশোধন করা হয়। তারপর ২য় বার সংশোধিত প্রকল্পটি বিগত ২৬/০১/২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৩৪০০৮০.০০ লক্ষ টাকা (জিওবি ৬৯৭৬৪.২৮ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২৭০৩১৫.৭২ লক্ষ টাকা) এবং বাস্তবায়নকাল জুলাই ২০০৮ থেকে ডিসেম্বর

২০১৭ পর্যন্ত। ৩য় বার সংশোধিত প্রকল্পটি গত ১০/০৫/২০১৬ তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৩৪০০৮০.০০ লক্ষ টাকা (জিওবি ৬৯৭৬৪.২৮ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২৭০৩১৫.৭২ লক্ষ টাকা) এবং বাস্তবায়নকাল জুলাই ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। বর্তমানে মাধ্যমিক স্তরে ৩টি ও উচ্চ মাধ্যমিক স্তরে ১টি প্রকল্পের মাধ্যমে সারাদেশে উপবৃত্তি কার্যক্রম পরিচালিত হয়েছে। প্রচলিত উপবৃত্তি কার্যক্রমের সীমাবদ্ধতার নিরিখে দেখা যায় বিশেষ ব্যবস্থা ছাড়া অতি দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের উপবৃত্তির আওতায় সুবিধা প্রদান করা সম্ভব হচ্ছে না। এই সীমাবদ্ধতা অতিক্রম করার জন্য আলোচ্য প্রকল্পের মাধ্যমে অতি দরিদ্র শিক্ষার্থীদের জন্য বিশেষ ব্যবস্থার (Pro-poor approach) উপবৃত্তি প্রদানের ব্যবস্থা করা হয়েছে। ঢালাওভাবে সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান না করে প্রতিষ্ঠানভিত্তিক একটি কমিটির মাধ্যমে কিছু সুস্পস্ট নীতি/নির্দেশক Proxy Means Testing (PMT) পদ্ধতি অনুসরণ করে প্রথমে অতি দরিদ্র শিক্ষার্থী নির্বাচন করা হয়। নির্বাচনের পর পরীক্ষায় প্রাপ্ত নম্বর, শ্রেণীতে উপস্থিতির হার ও বৈবাহিক অবস্থা বিবেচনা করে উপবৃত্তি প্রদান করা হয়। এছাড়া আলোচ্য প্রকল্পের মাধ্যমে ইংরেজী ও গণিত বিষয়ে ছাত্র-ছাত্রীদের ভাল ফলাফল সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরণের প্রণোদনার ব্যবস্থা করা এবং প্রতিষ্ঠানভিত্তিক প্রণোদনা প্রবর্তনের মাধ্যমে শিক্ষার গুণগত মান উন্নয়ন করাও আলোচ্য প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

৭.২ উদ্দেশ্য: প্রকল্পের মূল উদ্দেশ্য হলো-

(ক) মাধ্যমিক পর্যায়ে শিক্ষাভ্যাস ব্যবস্থার পরিবর্তন ও অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে টিচিং-লার্নিং পরিবেশ সমৃদ্ধ করে গুণগত শিক্ষা ব্যবস্থা চালুকরণ ;

(খ) রুরাল এবং সেমি-রুরাল এলাকার দরিদ্র ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করা ;

(গ) মাধ্যমিক পর্যায়ে শিক্ষা ব্যবস্থার তদারকি জোরদারকরণ ও স্কুল ম্যানেজমেন্ট কমিটি শক্তিশালী ও অধিক দক্ষ হিসেবে গড়ে তোলা ;

(ঘ) উপবৃত্তি প্রদানসহ বিদ্যালয়ে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সৃষ্টি করার মাধ্যমে শিক্ষার্থীদের বিশেষভাবে মেয়েদেরকে ন্যূনতম মাধ্যমিক শিক্ষায় শিক্ষিত করার জন্য উদ্বুদ্ধকরণ ;

(ঙ) শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ব্যবস্থাপনা ও জবাবদিহিতা নিশ্চিত করা ; এবং

(চ) পাঠ্যসূচির বাইরে শিক্ষার্থীদের মধ্যে উপযোগী বিষয়ের উপর পাঠ্যাভাস তৈরী করা ।

৭.৩ প্রকল্পের অনুমোদন পর্যায় ও সংশোধন : প্রকল্পটি বিগত ১৫/০৭/২০০৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১১৮১৭৬.৩০ লক্ষ টাকা (জিওবি ১৯০৩৭.২৮ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৯৯১৩৯.০২ লক্ষ টাকা) এবং প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়নকাল জুলাই ২০০৮ থেকে জুন ২০১৪ পর্যন্ত। পরবর্তীতে প্রকল্পটি ১২২১৯৫.৬৫ লক্ষ টাকা (জিওবি ১৯০৩৭.২৮ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১০৩১৫৮.৩৭ লক্ষ টাকা) প্রাক্কলন ব্যয় নির্ধারণ করে ২৮/০৮/২০১২ তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১ম বার সংশোধন করা হয়। তারপর ২য় বার সংশোধিত প্রকল্পটি বিগত ২৬/০১/২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৩৪০০৮০.০০ লক্ষ টাকা (জিওবি ৬৯৭৬৪.২৮ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২৭০৩১৫.৭২ লক্ষ টাকা) এবং বাস্তবায়নকাল জুলাই ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। ৩য় বার সংশোধিত প্রকল্পটি গত ১০/০৫/২০১৬ তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৩৪০০৮০.০০ লক্ষ টাকা (জিওবি ৬৯৭৬৪.২৮ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২৭০৩১৫.৭২ লক্ষ টাকা) এবং বাস্তবায়নকাল জুলাই ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্তনির্ধারণ করা হয়েছে ।

৭.৪ প্রকল্পের মূল কার্যক্রম : প্রকল্পের চারটি অঙ্গ হলো- (১) ইমপ্রুভিং এডুকেশন কোয়ালিটি এন্ড মনটরিং টিচিং লার্নিং লেভেলস্, (২) ইমপ্রুভিং ইকুইটেবল অ্যাকসেস, (৩) ইনস্টিটিউশনাল ক্যাপাসিটি স্ট্রেংদেনিং, (৪) মনটরিং এন্ড ইভালুয়েশন।

৭.৫ প্রকল্প ব্যবস্থাপনা :

প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্ন-বর্ণিত কর্মকর্তাবৃন্দ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন :

ক্রমিক নম্বর	প্রকল্প পরিচালকের নাম	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তরের তারিখ	মন্তব্য
১.	জনাব সিরাজুল ইসলাম, প্রকল্প পরিচালক, ম্যধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।	১৮/০৮/২০০৮	০২/০৭/২০০৯	পূর্ণকালীন
২.	জনাব বদিউল আলম, প্রকল্প পরিচালক, ম্যধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।	০২/০৭/২০০৯	২৩/১১/২০১০	পূর্ণকালীন
৩.	জনাব সিরাজুল ইসলাম, প্রকল্প পরিচালক (যুগ্মসিচব),ম্যধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।	২৩/১১/২০১০	১২/০৪/২০১২	পূর্ণকালীন
৪.	জনাব মোঃ শহীদ বখতিয়ার আলম, প্রকল্প পরিচালক, ম্যধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।	১২/০৪/২০১২	২৯/০৩/২০১৫	পূর্ণকালীন
৫.	জনাব ডঃ মোঃ মাহমুদ-উল-হক, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ), ম্যধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।	২৯/০৩/২০১৫	৩১/১২/২০১৭	পূর্ণকালীন

৭.৬ মূল্যায়ন পদ্ধতি (Methodology) :

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে :

(ক) মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি, মনটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা ;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা ;

(গ) Project Implementation Committee (PIC), Project Steering Committee (PSC)সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা ;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যেরভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮.০ প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

৮.১ আর্থিক অগ্রগতি :

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা (জিওবি)	প্রকল্প সাহায্য	মোট	টাকা (জিওবি)	প্রকল্প সাহায্য	বাস্তব (%)
২০০৮-০৯	১১,২৪৬.৩০	৩,২৪৬.৩০	৮,০০০.০০	১০,৯৭২.৬১	৩,০১৭.৬৯	৭,৯৫৪.৯২	৩%
২০০৯-১০	২৩,৫৭০.৯৬	৪,২৭০.৯৬	১৯,৩০০.০০	২৩,১২৪.৯৫	৩,৮৯৪.৮৮	১৯,২৩০.০৭	৭%
২০১০-১১	২০,৫৪৮.৪১	৩,১৪৮.৪১	১৭,৪০০.০০	২০,২৮৮.৯২	২,৯৮৪.৭০	১৭,৩০৪.২২	৬%
২০১১-১২	২৬,৫০৬.০৩	৩,৬০৬.০৩	২২,৯০০.০০	২৬,৩০০.৯০	৩,৪৩২.৬২	২২,৮৬৮.২৮	৮%
২০১২-১৩	২০,৩৫১.৫৩	৩,২৫১.৫৩	১৭,১০০.০০	২০,০৭২.০৪	২,৯৮০.১৩	১৭,০৯১.৯১	৬%
২০১৩-১৪	৩৯,০০৬.৭২	৮,২৮৫.৯৮	৩০,৭২০.৭৪	৩৮,৯৩৮.১৯	৮,২৬৩.১০	৩০,৬৭৫.০৯	১১%
২০১৪-১৫	৪০,৩০০.০০	১১,০০০.০০	২৯,৩০০.০০	৩৯,১৮০.৯৭	৯,৯৪৭.৭২	২৯,২৩৩.২৫	১২%
২০১৫-১৬	৭১,৮০০.০০	১৬,৬০০.০০	৫৫,২০০.০০	৭১,৬৬৪.৬২	১৬,৫৪৮.২৫	৫৫,১১৬.৩৮	২১%

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা (জিওবি)	প্রকল্প সাহায্য	মোট	টাকা (জিওবি)	প্রকল্প সাহায্য	বাস্তব (%)
২০১৬-১৭	৬১,৭৩৪.৩১	১৪,৩০০.০০	৪৭,৪৩৪.৩১	৫৮,৬৩৩.৫০	১৩,৬৭৬.১৭	৪৪,৯৫৭.৩৩	১৭%
২০১৭-১৮	২৫,০১৫.৭৪	২,০৫৫.০৭	২২,৯৬০.৬৭	২১,০৩৫.৩৭	৪,১৬৯.২১	১৬,৮৬৬.১৬	৯%
	৩,৪০,০৮০.০০	**৬৯,৭৬৪.২৮**	**২,৭০,৩১৫.৭২**	**৩,৩০,২১২.০৭***	**৬৮,৯১৪.৪৭**	**২,৬১,২৯৭.৬০**	

*পিসিআর অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ৩৪০০৮০.০০ লক্ষ টাকা এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ৩৩০২১২.০৭ লক্ষ টাকা অর্থাৎ ৯৭.১০% ।

৮.২। অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি :

প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রকৃত আর্থিক অগ্রগতি ৯৭.১০% ও বাস্তব অগ্রগতি হয়েছে ৯৭.১৮%। প্রকল্পটির প্রধান প্রধান অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৮.২.১। **এওয়ার্ড টু স্টুডেন্ট, টিচার্স এ্যান্ড ইনস্টিটিউটস :** অনুমোদিত ডিপিপি অনুযায়ী এ খাতে ২১,৪৪৮.০১ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ব্যয় হয়েছে ২১,৬১৪.৬১ লক্ষ টাকা, অর্থাৎ ১৬৬.৬০ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে। এ খাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০.৭৮%।

৮.২.২। **এডিশনাল সাপোর্ট ইন ম্যাথমেটিকস, ইংলিশ এন্ড সাইন্স :**এ খাতে ৩৫,৭১২.৪২ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ব্যয় হয়েছে ৩৬,৩২৫.৮১ লক্ষ টাকা, অর্থাৎ ৬১৩.৩৯ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে।এ খাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০১.৭২%।

৮.২.৩। টিউশন ফর পিএমটি বেনিফিশিয়ারিজ : এ খাতে ১৬২৫২.৬৩ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ব্যয় হয়েছে ১৯২৫১.২৪ লক্ষ টাকা, অর্থাৎ ২৯৯৮.৬১ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১১৮.৪৫%।

৮.২.৪। **টিএ/ডিএ সেকায়েপ:** এ খাতে ৪৩৭.৭৭ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ব্যয় হয়েছে ৪৪২.৯৫ লক্ষ টাকা, অর্থাৎ ৫.১৮ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে। এ খাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০১.১৮% ।

৮.২.৫। **প্রজেক্ট ইনসেনটিভ এলাউন্স:** এ অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ৭৮.০০ লক্ষ টাকা অথচ এর বিপরীতে কোন ব্যয় হয় নাই।

৯.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(ক) মাধ্যমিক পর্যায়ে শিক্ষাভ্যাস ব্যবস্থার পরিবর্তন ও অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে টিচিং-লার্নিং পরিবেশ সমৃদ্ধ করে গুণগত শিক্ষা ব্যবস্থা চালুকরণ ;	(ক) মাধ্যমিক পর্যায়ে শিক্ষাভ্যাস ব্যবস্থার পরিবর্তন ও অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে টিচিং-লার্নিং পরিবেশ সমৃদ্ধ করে গুণগত শিক্ষা ব্যবস্থা চালু করা হয়েছে ;
(খ) রুরাল এবং সেমি-রুরাল এলাকার দরিদ্র ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করা ;	(খ) রুরাল এবং সেমি-রুরাল এলাকার দরিদ্র ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করা হয়েছে ;
(গ) মাধ্যমিক পর্যায়ে শিক্ষা ব্যবস্থার তদারকি জোরদারকরণ ও স্কুল ম্যানেজমেন্ট কমিটি শক্তিশালী ও অধিক দক্ষ হিসেবে গড়ে তোলা ;	(গ) মাধ্যমিক পর্যায়ে শিক্ষা ব্যবস্থার তদারকি জোরদারকরণ ও স্কুল ম্যানেজমেন্ট কমিটি শক্তিশালী ও অধিক দক্ষ হিসেবে গড়ে তোলা হয়েছে ;
(ঘ) উপবৃত্তি প্রদানসহ বিদ্যালয়ে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সৃষ্টি করার মাধ্যমে শিক্ষার্থীদের বিশেষভাবে মেয়েদেরকে ন্যূনতম মাধ্যমিক শিক্ষায় শিক্ষিত করার জন্য উদ্বুদ্ধকরণ ;	(ঘ) উপবৃত্তি প্রদানসহ বিদ্যালয়ে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সৃষ্টি করার মাধ্যমে শিক্ষার্থীদের বিশেষভাবে মেয়েদেরকে ন্যূনতম মাধ্যমিক শিক্ষায় শিক্ষিত করার জন্য উদ্বুদ্ধ করা হয়েছে ;
(ঙ) শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ব্যবস্থাপনা ও জবাবদিহিতা	(ঙ) শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ব্যবস্থাপনা ও

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
নিশ্চিত করা ; এবং	জবাবদিহিতা নিশ্চিত করা হয়েছে ; এবং
(চ) পাঠ্যসূচির বাইরে শিক্ষার্থীদের মধ্যে উপযোগী বিষয়ের উপর পাঠ্যাভাস তৈরী করা ।	(চ) পাঠ্যসূচির বাইরে শিক্ষার্থীদের মধ্যে উপযোগী বিষয়ের উপর পাঠ্যাভাস তৈরী করা হয়েছে ।

১০.০। **প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব:**

প্রকল্পের মূল উদ্দেশ্য হলো- মাধ্যমিক পর্যায়ে শিক্ষাভ্যাস ব্যবস্থার পরিবর্তন ও অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে টিচিং-লার্নিং পরিবেশ সমৃদ্ধ করে গুণগত শিক্ষা ব্যবস্থা চালু করা হয়েছে । রুরাল এবং সেমি-রুরাল এলাকার দরিদ্র ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি হয়েছে। মাধ্যমিক পর্যায়ে শিক্ষা ব্যবস্থার তদারকি জোরদার করা ও স্কুল ম্যানেজমেন্ট কমিটি শক্তিশালী ও অধিক দক্ষ হিসেবে গড়ে তোলা । উপবৃত্তি প্রদানসহ বিদ্যালয়ে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সৃষ্টি করার মাধ্যমে শিক্ষার্থীদের বিশেষভাবে মেয়েদেরকে ন্যূনতম মাধ্যমিক শিক্ষায় শিক্ষিত করার জন্য উদ্বুদ্ধকরা হয়েছে । শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ব্যবস্থাপনা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয় এবং পাঠ্যসূচির বাইরে শিক্ষার্থীদের মধ্যে উপযোগী বিষয়ের উপর পাঠ্যাভাস তৈরী করা হয়েছে।

১১.০। **উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণ:**
পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পের সকল উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১২.০। **মনটরিং :**
প্রকল্পটি আইএমইডি কর্তৃক ২২/০৮/২০১৩ তারিখে পরিদর্শন করা হয় । তাছাড়া, প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি), স্টিয়ারিং কমিটিসহ বিভিন্ন সভায় অংশগ্রহণের মাধ্যমে পরিবীক্ষণ করার প্রয়াস নেয়া হয়েছে এবং পিসিআর প্রাপ্তির পর প্রকল্প কার্যালয় ও মাঠ পর্যায়ে পরিদর্শন করা হয়েছে।

১৩.০। **অডিট সম্পর্কিত তথ্য :**

(ক) **অভ্যন্তরীণ অডিট :**

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/ objections	Whether objections Resolved or not.
1	2	3	4
1 July 2010 -30 June 2014	16 July 2015	Overpayment of Tuition & Stipend	Objections were resolved
July 2015-30 June 2016	30 November 2017	Overpayment of Tuition & Stipend	Objections were resolved

(খ) **এক্সটার্নাল অডিট :**

Audit Period	Date of submission of Audit Report	Major findings/ objections	Whether objections Resolved or not.
1	2	3	4
July 2008-June 2017	December 2016	Non deduction of Tax & VAT and excess payment of TA bills	All of the objections relating to FY 2013-14, 2014-15 and 2015-16 And 2016-17 are resolved.
July-December 2017	-	-	Report submitted on May 2018

১৪.০। **প্রকল্প পরিদর্শন** : বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাজুল ইসলাম, গত ১৫ জুন ২০১৯ তারিখে "সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এ্যানহ্যান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)"শীর্ষক প্রকল্পের আওতায় চাঁদপুর জেলার কচুয়া উপজেলার অংশ এবং গত ১৭ জুন ২০১৯ তারিখে ঢাকা জেলার ধামরাই ও সাভার উপজেলার অংশ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে তথ্য সংগ্রহের কাজে সহায়তা প্রদান করেন।

১৪.১। **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ**:

১৪.১.১। **চাঁদপুর জেলার কচুয়া উপজেলা অংশ** :সেকায়েপ প্রকল্পের আওতায় গত ১৫ জুন ২০১৯ তারিখে কচুয়া উপজেলার নিম্নলিখিত বিদ্যালয়সমূহ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে পরিদর্শিত কার্যক্রম নিম্নে লিপিবদ্ধ করা হ'ল :

কচুয়া উপজেলায় সেকায়েফ প্রকল্প কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ: উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ৩,২১,৮৬৫ জন, উপবৃত্তির টাকার পরিমান ২১,২১,৫৭,২৯০.০০ টাকা, টিউশন ফিস ৪,০০,৭৫,৭২০.০০ টাকা, সর্বমোট ২৫,২২,৩৩,০১০.০০ টাকা।

পিটিএ ও সামাজিক নিরীক্ষা খাতে শিক্ষা প্রতিষ্ঠানে অর্থ বরাদ্দঃ ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ৭৫টি প্রতিষ্ঠানে পিটিএ খাতে বরাদ্দ ১৩,১২,৫০০.০০ টাকা, সামাজিক নিরীক্ষা খাতে বরাদ্দ ১৩,১২,৫০০.০০ টাকা, মোট ২৬,২৫,০০০.০০ টাকা ।

আইএসএফ এর আওতায় টুইন ল্যাট্রিন, উন্নত ও স্বল্পব্যয়ী ওয়াশ ব্লক নির্মাণ ব্যয়ঃ

সাল	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	টাকার পরিমান	মন্তব্য
২০১০-২০১১	১। সাচার উচ্চ বিদ্যালয়	৮,০৫,৬৪৪.০০	টুইন ল্যাট্রিন ও নলকূপ নির্মাণ
	২। রহিমানগর বি এ বি উচ্চ বিদ্যালয়		
	৩। চাঁদপুর এম এ খালেক মেমোঃ উঃ বিঃ ও কলেজ		
	৪। গবরখোলা আদর্শ দাখিল মাদ্রাসা		
	৫। নুরপুর কারিগরি দাখিল মাদ্রাসা		
	৬। দৌলতপুর সুন্নিয়া দাখিল মাদ্রাসা		
	৭। আলফাতেহা আয়শা ইসলাম দাখিল মাদ্রাসা		
	৮। জগতপুর উচ্চ বিদ্যালয়		নলকূপ নির্মাণ
	৯। রঘুনাথপুর উচ্চ বিদ্যালয়		টুইন ল্যাট্রিন নির্মাণ
২০১১-২০১২	১। রহিমানগর ইউসুফ সফর আলী দাখিল মাদ্রাসা	২,৩৩,১৬২.০০	টুইন ল্যাট্রিন ও নলকূপ নির্মাণ
	২। লতিফিয়া এনামিয়া মহিলা দাখিল মাদ্রাসা		
	৩। ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা		টুইন ল্যাট্রিন নির্মাণ
২০১২-২০১৩	১। নন্দনপুর ইউনিয়ন উচ্চ বিদ্যালয়	১,৪২,৫৮০.০০	টুইন ল্যাট্রিন ও নলকূপ নির্মাণ
	২। পাথৈর উচ্চ বিদ্যালয়		টুইন ল্যাট্রিন নির্মাণ
২০১৬-২০১৭	১। রহিমানগর বি এ বি উচ্চ বিদ্যালয়	৪,৪০,০০০.০০	উন্নত ওয়াশ ব্লক নির্মাণ
	২। আইনগিরী গুলজারশাহ ইসঃ আলিম মাদ্রাসা		স্বল্প ব্যয়ী ওয়াশ ব্লক নির্মাণ

- ৭ম-১০ম শ্রেণি পর্যন্ত ১ম স্থান অধিকারী ছাত্র এবং ছাত্রী জেএসসি ও জেডিসি পরীক্ষায় জিপিএ ৫.০০ প্রাপ্ত শিক্ষার্থীর মাঝে ১,০০০/- (এক হাজার) টাকা হাতে ৭৯,৪৯,০০০.০০ টাকা উদ্দীপনা পুরস্কার বিতরণ করা হয় ।
- এসএসসি/দাখিল পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীদের মাঝে ১,৫০০ (এক হাজার পাঁচশত) টাকা হারে ৭৯,৩৫,০০০.০০ টাকা উদ্দীপনা পুরস্কার বিতরণ করা হয়।

১৪.১.২। **জগতপুর উচ্চ বিদ্যালয়** : বিদ্যালয়টি ১.৫৭ একর (এক একর সাতান্ন শতক) জমির উপর ১৯৫২ সালে চাঁদপুর জেলার কচুয়া উপজেলার জগতপুর গ্রামে স্থাপিত হয়। বিদ্যালয়টির ৩টি ভবন রয়েছে (১টি দ্বিতীয় তলাবিশিষ্ট, ১টি ৫তলা ভীতের উপর এক তলা এবং ১টি ৪ তলা ভীতের উপর ১ তলা নব নির্মানাধীন), সর্বমোট ১১টি কক্ষ, ১টি টিউবওয়েল, ১টি টয়েলট ব্লক রয়েছে। এমপিভুক্ত শিক্ষক ১১ জন, স্টাফ ৪ জন, ছাত্র/ছাত্রীর সংখ্যা সর্বমোট ৯৩৪ জন (ছাত্র সংখ্যা ৩৬০ জন, ছাত্রী সংখ্যা ৫৭৪ জন)। বিদ্যালয়টি ঢাকা-চাঁদপুর মহাসড়কের পাশেই অবস্থিত । ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সেকায়েপ সমাপ্ত প্রকল্পের আওতায় সর্বমোট (প্রায়) ৬,৮৩৫ জন ছাত্র/ছাত্রীকে স্টাইপেন, টিউশন ফি এবং

Best Student Achivement Award (উদ্দীপনা পুরস্কার) খাতে প্রায় ৪৬,০৩,০৫০/- (ছয় চল্লিশ লক্ষ তিন হাজার পঞ্চাশ টাকা) টাকা বিতরণ করা হয়েছে এবং ১টি নলকূপ নির্মাণ করা হয়েছে । ডিপিপির সংস্থান অনুযায়ী প্রায় শতভাগ পেয়েছে বলে বিদ্যালয় শিক্ষকগণ জানান।

১৪.১.৩। **আশরাফপুর আহসানিয়া উচ্চ বিদ্যালয়:** বিদ্যালয়টি ১.৪২ একর (এক একর বিয়াল্লিশ শতক) জমির উপর ১৯২২ সালে চাঁদপুর জেলার কচুয়া উপজেলার আশরাফপুর গ্রামে স্থাপিত হয়। বিদ্যালয়টির ৫টি ভবন রয়েছে (৩টি দ্বিতীয় তলা, ১টি ৩ তলা ভীতের উপর ১ তলা এবং নতুন ১টি ১তলা ভবন নিমার্ণাধীন), কক্ষ সংখ্যা মোট ১৭টি, ১ টি টিউবওয়েল আর্সেনিকমুক্ত, ওয়াশব্লক (টয়লেট ব্লক) ৩টি রয়েছে। এমপিভুক্ত শিক্ষক সংখ্যা ১৩ জন, স্টাফ ৪ জন, ছাত্র/ছাত্রীর সংখ্যা মোট ৬৫৪ জন (ছাত্র সংখ্যা ২৮০ জন, ছাত্রী সংখ্যা ৩৭৪ জন)। ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সেকায়েপ সমাপ্ত প্রকল্পের আওতায় ১৯৮০ জন ছাত্র/ছাত্রীকে উপবৃত্তির সংস্থান ছিল ২৭,৩১,৮০৮.০০ টাকা, বিতরন করা হয়েছে ২৬,৮৪,৯৮৮.০০ টাকা, টিউশন ফি প্রদান ৪,৭৩,২৩০.০০ টাকা। ১২৯১ জন ছাত্র/ছাত্রীকে উদ্দিপনা পুরস্কার ৬৫,০০০.০০ টাকা এবং ৮৪৭ জনকে PTAবাবদ ২৭,৫০০.০০ টাকা প্রদান/বিতরন করা হয়েছে। বই বিতরন করা হয়েছে ২০১০ সালে ১৪৬টি, ২০১১ সালে ২৪টি, ২০১৫ সালে ১৩৬টি, ২০১৭ সালে ৮৫টি।

১৪.১.৪। **আশরাফপুর গনিয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা :**মাদ্রাসাটি ৫.৩৫ একর (পাঁচ একর ৩৫ শতক) জমির উপর ১৯৪৬ সালে চাঁদপুর জেলার কচুয়া উপজেলার আশরাফপুর গ্রামে স্থাপিত হয়। মাদ্রাসাটির ৩টি ভবন রয়েছে (২টি দ্বিতীয় তলা, ১টি ১ তলা টিনসেড), ১টি মসজিদ, ১টি মহিলা মসজিদ, ১ টয়লট ব্লক, ১টি আর্সেনিকমুক্ত টিউবওয়েল ও সর্বমোট ১৯টি কক্ষ রয়েছে। এমপিভুক্ত শিক্ষক সংখ্যা ১৭ জন, স্টাফ সংখ্যা ৭ জন, শুন্য রয়েছে ৪ জন। ছাত্র/ছাত্রীর সংখ্যা ৯০৩ জন (ছাত্র সংখ্যা ৩৬৯ জন, ছাত্রী সংখ্যা ৫৩৪ জন)। ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সেকায়েপ সমাপ্ত প্রকল্পের আওতায় ছাত্র/ছাত্রীকে স্টাইপেন, টিউশন ফি এবং Best Student Achivement Award খাতে (উদ্দীপনা পুরস্কার) ডিপিপির সংস্থান অনুযায়ী প্রায় শতভাগ পেয়েছে বলে বিদ্যালয় শিক্ষকগণ জানান । তবে ১টি টুইন ল্যাট্রিন পুরাতন হয়েছে বলে প্রতীয়মান হয়েছে।

১৪.১.৫। **রহিমানগর বি.এ.বি উচ্চ বিদ্যালয় :** বিদ্যালয়টি ৩.২৮ একর (তিন একর আটাইশ শতক) জমির উপর ১৯৪২ সালে চাঁদপুর জেলার কচুয়া উপজেলার রহিমানগর গ্রামে স্থাপিত হয়। বিদ্যালয়টির ৫টি ভবন রয়েছে (২টি দ্বিতীয় তলা, ১টি ৪র্থ তলা ভীতের উপর ১ তলা, ১টি ১ তলা নব নির্মাণাধীন, ১টি ১তলা টিনসেড (মেয়েদের কমনরুমসহ), সর্বমোট ২৫টি কক্ষ, ১টি ওয়াশব্লক, ১টি টয়লেট ব্লক ও ২টি টিউবওয়েল রয়েছে। এমপিভুক্ত শিক্ষক সংখ্যা ১৩ জন, স্টাফ সংখ্যা ৪ জন, ছাত্র/ছাত্রী সংখ্যা সর্বমোট ১১৭৫ জন (ছাত্র সংখ্যা ৭৮৫ জন, ছাত্রী সংখ্যা ৩৯০ জন)। সেকায়েপ বাস্তবায়িত প্রকল্পের আওতায় জুলাই ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সুবিধা প্রাপ্তির বিবরণ নিম্মরুপ :

ক্রমিক নম্বর	বিবরণ	সুবিধা ভোগীর সংখ্যা	টাকার পরিমাণ
১.	ইনসেনটিভ এওয়ার্ডস টু স্টুডেন্টস	২০৬ জন	২,৩৫,৫০০.০০
২.	ইনসেনটিভ এওয়ার্ডস টু টিচার্স	১২ জন	২০,০০০.০০
৩.	ইনসেনটিভ এওয়ার্ডস টু ইনস্টিটিউশনস		----
৪.	স্টাইপেন্ড	৫৪৬২ জন	৪৩,৭০,৪৭০.০০
৫.	টিউশন ফি	৫৪৬২ জন	৭,৬২,৫০৫.০০
৬.	ইমপ্রুভিং স্কুল ফ্যাসিলিটিজ	টু-ইন-ল্যাট্রিন-০১টি, নলকূপ-০১টি ও ওয়াশ ব্লক-০১টি	৪,১৩,০১২.০০
	সর্বমোট-		**৫৮,০১,৪৮৭.০০ টাকা**

ডিপিপির সংস্থান অনুযায়ী শতভাগ পেয়েছে বলে বিদ্যালয় শিক্ষকগণ জানান । এ প্রকল্পের আওতায় ১টি টয়লেট ব্লক, ১টি নলকূপ ও ১টি ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে, পরিদর্শনে দেখা যায় যে উল্লিখিত টয়লেট ব্লক ও ওয়াশব্লক সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৪.২। **ঢাকা জেলার ধামরাই ও সাভার উপজেলা অংশ :** সেকায়েপ প্রকল্পের আওতায় গত ১৭ জুন ২০১৯ তারিখে ঢাকা জেলার ধামরাই উপজেলার নিম্মলিখিত বিদ্যালয়সমূহ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে পরিদর্শিত কার্যক্রম নিম্নে লিপিবদ্ধ করা হ'ল :

১৪.২.১। **ধামরাই উপজলা অংশ** : সেকায়েপ প্রকল্প কর্তৃক বাস্তবায়িত ধামরাই উপজেলা অংশে মাধ্যমিক বিদ্যালয়সমূহে জুলাই ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সুবিধা প্রাপ্তির বিবরণ নিম্মরুপ :

ক্রমিক নম্বর	বিবরণ	সুবিধা ভোগীর সংখ্যা	টাকার পরিমাণ
১.	উপবৃত্তি	৬৯,৬২০ জন	৯,১২,৯৫,৬৬৫.০০ টাকা
২.	বিদ্যালয় সংশ্লিষ্ট ষ্টেক হোল্ডারদের বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়নে প্রশিক্ষণ প্রদান	৭৭৩ জন	৮,৪৭,২০০.০০ টাকা
৩.	মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রতিষ্ঠানে সুপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে পানীয় জল ও টুইন ল্যাট্রিন নির্মাণ	৯টি টয়লেট ও ২টি ওয়াশব্লক	২৬,৪৮,৩৫৮.০০ টাকা
৪.	ম্যধ্যমিক শিক্ষার মান উন্নয়নে ৭ম-১০ম শ্রেণীর কৃতিত্বপূর্ণ সাফল্য অর্জনকারী শিক্ষার্থীর উদ্দীপনা পুরস্কার প্রদান	১৩৫৭ জন	১০,৭১,৫৮০.০০ টাকা
৫.	মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে ইংরেজী ও গণিত বিষয়ে অধিক সফলতার জন্য শিক্ষকদের উদ্দিপনা পুরস্কার		৩,২০,০০০.০০ টাকা
৬.	মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে ইংরেজী ও গণিত বিষয়ে অতিরিক্ত ক্লাস		৪,১৪,৭২৫.০০ টাকা
৭.	মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রতিষ্ঠান উদ্দিপনা	৩৫ টি প্রতিষ্ঠান	১৫,৮০,০০০.০০ টাকা
৮.	মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে এসএসসি পাস (পিএমটি ভিত্তিক) শিক্ষার্থীদের উদ্দিপনা পুরস্কার প্রাপ্য	৭৩৭ জন	১১,০৫,৫০০.০০ টাকা
৯.	পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচী	৪১টি প্রতিষ্ঠান	সুবিধা ভোগী শিক্ষার্থী সংখ্যা ২৮,০০০ জন
১০.	অতিরিক্ত ক্লাস টিচার	১৭টি প্রতিষ্ঠান	সুবিধা ভোগী শিক্ষার্থী সংখ্যা ১৪,৫০০ জন

১৪.২.২। **কুশুরা আব্বাস আলী উচ্চ বিদ্যালয় :** বিদ্যালয়টি ৩.৯২ একর (তিন একর ৯২ শতক) জমির উপর ১৯৪১ সালে ঢাকা জেলার ধামরাই উপজেলার কুশুরা গ্রামে স্থাপিত হয়। বিদ্যালয়টির ৩টি ভবন রয়েছে (১টি ৩তলা বিশিষ্ট, ১টি ৪ তলা ভীতের উপর ১ তলা নির্মাণাধীন, ১টি ৩ তলা ভীতের উপর ১ তলা ভবন), সর্বমোট কক্ষ সংখ্যা ২৯টি, ৩টি টিউবওয়েল, ১টি টয়লেট ব্লক রয়েছে । এমপিওভুক্ত শিক্ষক সংখ্যা ১৮ জন, স্টাফ ৩ জন, ছাত্র/ছাত্রী সংখ্যা সর্বমোট ১৯৫৪ জন (ছাত্র সংখ্যা ১২৩৮ জন, ছাত্রী সংখ্যা ৭১৬ জন)। ২০০৮থেকেডিসেম্বর২০১৭পর্যন্তসেকায়েপসমাপ্ত প্রকল্পেরআওতায়ছাত্র/ছাত্রীকেস্টাইপেন, টিউশনফিএবংBest Student Achivement Award (উদ্দীপনা পুরস্কার) খাতে ডিপিপির সংস্থান অনুযায়ী প্রায় শতভাগ পেয়েছে বলে বিদ্যালয় শিক্ষকগণ জানান । এ প্রকল্পের আওতায় ১টি টয়লেট ব্লক নির্মাণ করা হয়েছে, পরিদর্শনে দেখা যায় যে উল্লিখিত টয়লেট ব্লক সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৪.২.৩। **আমছিমুর সেসিপ মডেল হাই স্কুল :** বিদ্যালয়টি ১.৯৬ একর (এক একর ছিয়ানব্বই শতক) জমির উপর ২০০৪ সালে ঢাকা জেলার ধামরাই উপজেলার আমছিমুর গ্রামে স্থাপিত হয়। বিদ্যালয়টির ২টি ভবন (১টি দ্বিতীয় তলা, ১টি ১তলা), কক্ষ সংখ্যা-২১টি, ১টি ওয়াশব্লক, টয়লেট ব্লক, ৩টি টিউবওয়েল ও ১টি আর্সেনিকমুক্ত টিউবওয়েল রয়েছে। এমপিওভুক্ত শিক্ষক সংখ্যা ১১ জন, স্টাফ ৪ জন, ছাত্র/ছাত্রী সংখ্যা সর্বমোট ৪১১ জন (ছাত্র সংখ্যা ২০৩ জন, ছাত্রী সংখ্যা ২০৮ জন)। বিদ্যালয়টি প্রাকৃতিক সৌন্দোয্যের মধ্যে সেসিপ কর্তৃক নির্মাণ করা হয়েছে। ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সেকায়েপ সমাপ্ত প্রকল্পের আওতায় ছাত্র/ছাত্রীকে স্টাইপেন, টিউশন ফি এবং Best Student Achivement Award (উদ্দীপনা পুরস্কার) খাতে ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রায় শতভাগ পেয়েছে বলে বিদ্যালয় শিক্ষকগণ জানান। তবে ইতোমধ্যে ১টি নতুন টুইন ল্যাট্রিন ও ১টি নামাজ পড়ার স্থান নির্মাণ করা হয়েছে।

১৪.২.৪। **বেরশ শিবনাথ শিক্ষা প্রতিষ্ঠান :** বিদ্যালয়টি ৩.০০ একর (তিন একর) জমির উপর ১৯৩৬ সালে ঢাকা জেলার ধামরাই উপজেলার বেরশ গ্রামে স্থাপিত হয়। বিদ্যালয়টির ৩টি ভবন (১টি ১ তলা, ২টি টিনসেড), ১টি টিউবওয়েল, ১টি

ওয়াশব্লক, সর্বমোট কক্ষ সংখ্যা ১৬টি, এমপিওভুক্ত শিক্ষক সংখ্যা ১১ জন, স্টাফ ৪ জন, ছাত্র/ছাত্রী সংখ্যা সর্বেমাট ৫০০ জন (ছাত্র সংখ্যা ২০০ জন, ছাত্রী সংখ্যা ৩০০ জন)। ২০০৮থেকেডিসেম্বর২০১৭পর্যন্তসেকায়েপসমাপ্ত প্রকল্পের আওতায় ছাত্র/ছাত্রীকে স্টাইপেন, টিউশন ফি এবং Best Student Achivement Award (উদ্দীপনা পুরস্কার) খাতে ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রায় শতভাগ পেয়েছে বলে বিদ্যালয় শিক্ষকগণ জানান । এ প্রকল্পের আওতায় ১টি ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে, পরিদর্শনে দেখা যায় যে উল্লিখিত ওয়াশব্লক সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে। তবে ওয়াশব্লকের মধ্যে সেকায়েপের কোন সাইনবোর্ড নেই।


১৪.৩ । **সাভার উপজলা অংশ :**

১৪.৩.১। **মাদারটেক উচ্চ বিদ্যালয় :**বিদ্যালয়টি ১.৯৬ একর (এক একর ছিয়ানব্বই শতক) জমির উপর ১৯৭০ সালে ঢাকা জেলার সাভার উপজেলার মাদারটেক গ্রামে স্থাপিত হয়। বিদ্যালয়টির ৫টি ভবন (২টি দ্বিতীয় তলা, ১টি ৪ তলা ভীতের উপর ১ তলা ও ১টি ৪ তলা ভীতের উপর ১ তলা নির্মাণাধীন), সর্বমোট কক্ষ সংখ্যা ১৯টি, ২টি টিউবওয়েল, ১টি টয়লেট ব্লক ও ১টি ওয়াশব্লক, এমপিওভুক্ত শিক্ষক সংখ্যা ১১ জন, স্টাফ ৫ জন, ছাত্র/ছাত্রী সংখ্যা সর্বমোট ৩৪৫ জন (ছাত্র সংখ্যা ১৫৯ জন, ছাত্রী সংখ্যা ১৮৬ জন) । ২০০৮থেকেডিসেম্বর২০১৭পর্যন্তসেকায়েপসমাপ্ত প্রকল্পের আওতায় ছাত্র/ছাত্রীকে স্টাইপেন, টিউশন ফি এবং Best Student Achievement Award (উদ্দীপনা পুরস্কার) খাতে ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রায় শতভাগ পেয়েছে বলে বিদ্যালয় শিক্ষকগণ জানান । এ প্রকল্পের আওতায় ১টি টয়লেট ব্লক নির্মাণ করা হয়েছে, পরিদর্শনে দেখা যায় যে উল্লিখিত টয়লেট ব্লকটি পুরাতন ও অপরিস্কার বলে প্রতীয়মান হয়েছে।

১৪.৩.২। **নয়ারহাট বিদ্যাপীট :**বিদ্যালয়টি ১.৬৫ একর (এক একর পয়ষট্টি শতক) জমির উপর ১৯৮৫ সালে ঢাকার জেলার সাভার উপজেলার নায়ারহাট গ্রামে স্থাপিত হয়। বিদ্যালয়টির ৩টি ভবন রয়েছে (১টি ৩ তলা বিশিষ্ট, ১টি ২ তলা বিশিষ্ট ও ১টি ৪ তলা ভীতের ৪তলা নির্মাণাধীন), কক্ষ সংখ্যা ২৩টি, টিউবওয়েল ১টি, টয়লেট ব্লক ৪টি)। এমপিওভুক্ত শিক্ষক সংখ্যা ১৭ জন, স্টাফ ৩ জন, সর্বমোট ছাত্র/ছাত্রী সংখ্যা ৮৫৮ জন (ছাত্র সংখ্যা ৪০৩ জন, ছাত্রী সংখ্যা ৪৫৫ জন)। ২০০৮ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সেকায়েপ সমাপ্ত প্রকল্পের আওতায় ছাত্র/ছাত্রীকে স্টাইপেন, টিউশন ফি এবং Best Student Achievement Award (উদ্দীপনা পুরস্কার) খাতে ডিপিপি 'র সংস্থান অনুযায়ী প্রায় শতভাগ পেয়েছে বলে বিদ্যালয় শিক্ষকগণ জানান।

১৫। **চিত্রসহ ছবির বর্ণনা:**

চিত্রসহ ছবি	বর্ণনা
	চিত্র নম্বর ১ :জগতপুর উচ্চ বিদ্যালয়, জগতপুর, কচুয়া, চাঁদপুর এ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন।
	চিত্র নম্বর ২ : আশরাফপুর আহসানিয়া উচ্চ বিদ্যালয়, আশরাফপুর, কচুয়া, চাঁদপুর এ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন।

চিত্রসহ ছবি	বর্ণনা
	চিত্র নম্বর ৩ : রহিমানগর বি.এ.বি উচ্চ বিদ্যালয়ের উন্নত ওয়াশব্লক, কচুয়া, চাঁদপুরএ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন।
	চিত্র নম্বর ৪ : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, ধামরাই, ঢাকাএ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন।
	চিত্র নম্বর ৫ : বেরশ শিবনাথ শিক্ষা প্রতিষ্ঠানের ওয়াশব্লক, ধামরাই, ঢাকা এ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন।
	চিত্র নম্বর ৬: মাদারটেক উচ্চ বিদ্যালয়, আশুলিয়া, সাভার, ঢাকা এ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন।
	চিত্র নম্বর ৭ : নয়ারহাট গণবিদ্যাপীঠ, নয়ারহাট, সাভার, ঢাকাএ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন।

১৬। **বাস্তবায়ন সমস্যা** :

১৬.১। **সময় ও ব্যয় বৃদ্ধি** :প্রকল্প বাস্তবায়নে ৪ (চার) বছর সময় অতিক্রান্ত এবং প্রকল্পের ব্যয় বৃদ্ধি হয়েছে ।ভবিষ্যতে প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে ।

১৬.২। **ভৌতনির্মাণকাজ :** পরিদর্শিত কিছু বিদ্যালয়ে টুইন ল্যাট্রিন, ওয়াশব্লক ও নলকূপ , পুরাতন ও নষ্ট হয়ে গিয়েছে। সেগুলো সংস্কার বা মেরামত করার কোন ব্যবস্থা রাখা হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

১৬.৩। **পিসিআর প্রেরণে বিলম্ব**: প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর পর পিসিআর প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ করতে হবে ।

১৭। **মতামত/সুপারিশ**:

১৭.১। প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ৩৪০০৮০.০০ লক্ষ টাকার সংস্থাপন ছিল এর বিপরীতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত প্রকৃত ব্যয় হয়েছে ৩৩০২১২.০৭ লক্ষ টাকা (৯৭.১০%), অর্থাৎ ৯৮৬৭.৯৩ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে (কম ব্যয় হয়েছে)। এ অব্যয়িত টাকা সরকারি কোষাগারে প্রদান করতে হবে (অনুচ্ছেদ ৫) ;

১৭.২। ডিপিপির সংস্থান অনুযায়ী প্রধান প্রধান অঙ্গের ব্যয় বেশী করা হয়েছে যেমন-ইনসেনটিভ এওয়ার্ড টু স্টুডেন্ট, টিচার্স এ্যান্ড ইনস্টিটিউটস অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ২১,৪৪৮.০১ লক্ষ টাকা এর বিপরীতে ব্যয় হয়েছে ২১,৬১৪.৬১ লক্ষ টাকা, অর্থাৎ ১৬৬.৬০ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে । এডিশনাল সাপোর্ট ইন ম্যাথমেটিকস , ইংলিশ এন্ড সাইন্স অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ৩৫,৭১২.৪২ লক্ষ টাকা এর বিপরীতে ব্যয় হয়েছে ৩৬,৩২৫.৮১ লক্ষ টাকা, অর্থাৎ ৬১৩.৩৯ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে।টিউশন ফর পিএমটি বেনিফিশিয়ারিজ অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ১৬,২৫২.৬৩ লক্ষ টাকা এর বিপরীতে ব্যয় হয়েছে ১৯,২৫১.২৪ লক্ষ টাকা,অর্থাৎ ২,৯৯৮.৬১ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে। টিএ/ডিএ সেকায়েপ অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ৪৩৭.৭৭ লক্ষ টাকা এর বিপরীতে ব্যয় হয়েছে ৪৪২.৯৫ লক্ষ টাকা, অর্থাৎ ৫.১৮ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে। প্রজেক্ট ইনসেনটিভ এলাউন্স অঙ্গের ডিপিপি-তে সংস্থান ছিল ৭৮.০০ লক্ষ টাকা অথচ এর বিপরীতে কোন ব্যয় হয় নাই। প্রকল্পের অঙ্গভিত্তিক অতিরিক্ত ব্যয় করার বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা তা প্রশাসনিক মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে(অনুচ্ছেদ ৮.২.১-৮.২.৪) ;

১৭.৩। প্রকল্প বাস্তবায়নে ৪ (চার) বছর সময় অতিক্রান্ত এবং প্রকল্পের ব্যয় বৃদ্ধি হয়েছে । ভবিষ্যতে প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে । এ বিষয়ে প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ১৬.১) ;

১৭.৪। পরিদর্শিত কিছু বিদ্যালয়ে টুইন ল্যাট্রিন, ওয়াশব্লক ও নলকূপ , পুরাতন ও নষ্ট হয়ে গিয়েছে। সেগুলো সংস্কার বা মেরামত করার কোন ব্যবস্থা রাখা হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক (অনুচ্ছদ ১৬.২);

১৭.৫। প্রকল্পটির পিসিআর ১ (এক) বছর পর প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ ১৬.৩) ; এবং

১৭.৬। অনুচ্ছেদ ১৭.১-১৭.৫ এর আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে আগামী ১ মাসের মধ্যে অবহিত করতে হবে।

আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট স্থাপন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত:**জুন, ২০১৮**)

১.০ প্রকল্পের অবস্থান : সেগুনবাগিচা, ঢাকা।

২.০ বাস্তবায়নকারী সংস্থা : শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

৩.০ প্রশাসনিক মন্ত্রণালয় : মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৪.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (মোট জিওবি প্র:সা:)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (মোট জিওবি প্র:সা:)	সর্বশেষ সংশোধিত (মোট জিওবি প্র:সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট : ৫৪৭৭.০০ জিওবি: ৫৪৭৭.০০ প্র:সা: -	মোট : ৫৪৭৭.০০ জিওবি: ৫৪৭৭.০০ প্র:সা: -	মোট: ৪৬৮৫.৮০ জিওবি: ৪৬৮৫.৮০ প্র:সা: -	০১.১১.২০১১ হতে ৩১.১০.২০১৪	০১.১১.২০১১ হতে ৩০.০৬.২০১৮	০১.১১.২০১১ হতে ৩০.০৬.২০১৮	-	৪৪ মাস (১২৫%)

৫.০ <u>অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে)</u> :

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
	<u>রাজস্ব ব্যয়</u> :					
১.	কর্মকর্তাদের বেতন	সংখ্যা	৩ জন	১৭.০০	১ জন (৩৩%)	১২.৯১ (৭৫.৯৪%)
২.	কর্মচারীদের বেতন	সংখ্যা	১৪ জন	১০.৫০	২ জন (১৪%)	৭.৩৫ (৭০%)
৩.	ভাতাদি	সংখ্যা	১৪ জন	২৪.৫০	৩ জন (২১.%)	১৯.৪২ (৭৯.২৭%)
৪.	সরবরাহ এবং সেবা	থোক	-	১২৫.০০	থোক	১১৮.২৭ (৯৪.৬২%)
৫.	বুক অ্যান্ড জার্নাল (ল্যাঙ্গুয়েজ লাইব্রেরি, মিউজিয়াম অ্যান্ড আর্কাইভ)	সংখ্যা	২০০০ টি	১৫০.০০	২০০০ টি (১০০%)	৯৭.৪০ (৬৪.৯৩%)
৬.	পরামর্শক (সিভিল ওয়ার্ক)	থোক	-	৮২.০৫	থোক	৮২.০০ (৯৯.৯৪%)
৭.	স্টাডি ট্যুর (ভ্রমণ)	থোক	-	৬৫.০০	থোক	৬৪.৯৭ (৯৯.৯৫%)
৮.	যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ)	থোক	-	১০.৩০	থোক	৭.৭১ (৭৪.৮৬%)
	উপমোট (রাজস্ব) =	-	-	**৪৮৪.০০**	-	**৪১০.০১ (৮৫.৪২%)**

ক্র: নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
	মূলধন ব্যয়:					
১.	যানবাহন	সংখ্যা	০১ টি	৪০.০০	০১ টি (১০০%)	৩৭.০০ (৯২.৫০%)
২.	ল্যাঙ্গুয়েজ ইকুইপমেন্ট, লাইব্রেরি অটোমেশন ইক্যুইপমেন্ট	থোক	-	৩০০.০০	-	২৬৮.৯৩ (৮৯.৬৪%)
৩.	ল্যাংগুয়েজ ল্যাব অ্যান্ড কম্পিউটার ল্যাব এর যন্ত্রপাতি	সংখ্যা	৫০ টি	১৫০.০০	৫০ টি (১০০%)	-
৪.	কম্পিউটার সফটওয়্যার	থোক	-	২১.৫০	-	-
৫.	আসবাবপত্র	সংখ্যা	৭০০ টি	২০০.০০	৭০০ টি (১০০%)	১৪২.১৭ (৭১.০৯%)
৬.	টেলি কমিউনিকেশন এন্ড ডাটা বেইজ	থোক	-	১৭৮.৫০	-	-
৭.	মিউজিয়াম অ্যান্ড আর্কাইভ স্থাপন	থোক	-	৫০০.০০	-	৫০০.০০ (১০০%)
৮.	নির্মাণ ও পূর্ত	ব:মি:	৫২৬৭	৩৩২২.৯২	৫২৬৭ (১০০%)	৩৩২৭.৭০ (১০০%)
৯.	সোলার প্যানেল	থোক	-	১০০.০০	-	-
১০.	অন্যান্য	থোক	-	৫.০০	-	-
	উপমোট (মূলধন) =	-	-	**৪৮১৭.৯২**	-	**৪২৭৫.৭৯ (৮৮.৭৫%)**
১১.	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	-	৯৩.৫৩	-	-
১২.	প্রাইস কন্টিনজেন্সি	-	-	১১৬.৫০	-	-
	সর্বমোট =			**৫৪৭৭.০০**		**৪৬৮৫.৮০ (৮৫.৫৬%)**

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:

প্রকল্পের আওতায় ল্যাংগুয়েজ ল্যাব এবং কম্পিউটার ল্যাব এর যন্ত্রপাতি , কম্পিউটার সফটওয়্যার, সোলার প্যানেল, টেলি কমিউনিকেশন এবং ডাটা বেইজ ও অন্যান্য খাতের প্রাক্কলনকৃত মোট ৭৯১.১৯ লক্ষ টাকা ব্যয় হয়নি।

৭.০ সাধারণ পর্যবেক্ষণ:

৭.১ পটভূমি:

১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি'র ঐতিহাসিক ভাষা আন্দোলনের মাধ্যমে রাষ্ট্র ভাষা হিসেবে বাংলা ভাষা স্বীকৃতি লাভ করে। সে প্রেক্ষিতে প্রতি বছর ২১ শে ফেব্রুয়ারি শহীদ দিবস হিসেবে পালিত হয়ে আসছে। এই ঐতিহাসিক অর্জনের স্বীকৃতিস্বরূপ ১৯৯৯ সালে ইউনেস্কো কর্তৃক ২১ শে ফেব্রুয়ারিকে "আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" হিসেবে ঘোষণা করা হয়। এ বিরল সন্মান ও গৌরবকে সমুন্নত রাখার উদ্দেশ্যে বাংলাদেশে একটি আন্তর্জাতিক মানের মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপনের সিদ্ধান্ত হয়। এ লক্ষ্যে "আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট স্থাপন"শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটি ০৮.০৮.২০০০ খ্রি: তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। উক্ত প্রকল্পটি ২১৫৮.৬০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় জানুয়ারি, ২০০০ হতে জুন, ২০১০ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রকল্পের আওতায় ১২ তলা ভিত বিশিষ্ট ভবনের ৩ তলা পর্যন্ত নির্মিত হয়েছে। পরবর্তীতে "আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি ১২ (বার) তলা ভিত বিশিষ্ট ভবনের ৪র্থ তলা হতে ৬ষ্ঠ পর্যন্ত নির্মাণের নিমিত্ত মোট ৫৪৭৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর, ২০১১ হতে অক্টোবর, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নিয়ে বিগত ১৮.১০.২০১১ খ্রি: তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়।

৭.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পের প্রধান উদ্দেশ্য নিম্নরূপ :

১) আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউটকে সকল প্রকার সহযোগিতা/ প্রয়োজনীয়তা প্রদান করা যার মাধ্যমে এ প্রতিষ্ঠানটি বাংলাদেশের মানুষের মাতৃভাষা সংরক্ষণ এবং পুনরুজ্জীবিতকরণের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করবে। এছাড়া জাতীয় ভাষা পরিকল্পনা এবং ভাষা ম্যানেজমেন্ট নীতিমালা প্রস্তুত করা ;

২) বাংলা ভাষাকে দেশ ও বিদেশে পরিচিত করা এবং ছড়িয়ে দেয়ার জন্য প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ ;

৩) ভাষা ও তথ্য প্রযুক্তির ক্ষেত্রে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ;

৪) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন ;

৫) ক্ষুদ্র ও নৃতাত্ত্বিক সম্প্রদায়ের জন্য লিখন পদ্ধতি প্রচলন ;

৬) আন্তর্জাতিক মাতৃভাষা আইন ২০১০ এর লক্ষ্য পূরনের জন্য বিশ্বের বিভিন্ন রাষ্ট্র, প্রতিষ্ঠান ও ইনস্টিটিউটের সাথে চুক্তিপত্র স্বাক্ষর ; এবং

৭) ভাষা ভিত্তিক মিডিয়া চ্যানের চালু করা।

৭.৩ **অনুমোদন পর্যায় :**

"আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি ১২ (বার) তলা ভিত বিশিষ্ট ভবনের ৪র্থ তলা হতে ৬ষ্ঠ পর্যন্ত নির্মাণের নিমিত্ত মোট ৫৪৭৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর, ২০১১ হতে অক্টোবর, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নিয়ে বিগত ১৮.১০.২০১১ খ্রি: তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। নির্মাণাধীন ভবনের স্থাপত্য ও অন্যান্য কারিগরী দিক ডিজাইন করার জন্য প্রকল্পের আওতায় পরামর্শক নিয়োগ করা র ক্ষেত্রে ১ম ও ২য় বার প্রাপ্ত দরপত্রসমূহ নন-রেসপনসিভ হওয়ায় তৃতীয় বার বিজ্ঞপ্তি প্রকাশ করতে হয়। পরামর্শক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে নির্মাণ কাজ আরম্ভ করতে ০২ (দুই) বছর বিলম্ব হয়। ফলে প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে ০১ (এক) বার সংশোধন এবং পর্যায়ক্রমে ০৪ (চার) বার মেয়াদ বৃদ্ধি করা হয় (সর্বশেষ ০১.১১.২০১১ হতে ৩০.০৬.২০১৮ পর্যন্ত)।

৭.৪ **প্রকল্পের মুল কার্যক্রম :**

আলোচ্য প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে যানবাহন, ল্যাঙ্গুয়েজ ইকুইপমেন্ট , লাইব্রেরি অটোমেশন ইক্যুইপমেন্ট , ল্যাংগুয়েজ ল্যাব অ্যান্ড কম্পিউটার ল্যাব এর যন্ত্রপাতি , কম্পিউটার সফটওয়্যার, আসবাবপত্র, টেলি কমিউনিকেশন এন্ড ডাটা বেইজ, মিউজিয়াম অ্যান্ড আর্কাইভ স্থাপন, নির্মাণ ও পূর্ত কাজ ইত্যাদি।

৭.৫ **প্রকল্প ব্যবস্থাপনা :**

প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্ন-বর্ণিত কর্মকর্তাবৃন্দ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন :

ক্র:নং	প্রকল্প পরিচালকের নাম	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তারের তারিখ	মন্তব্য
০১)	ড. জীনাত ইমতিয়াজ আলী , মহাপরিচালক ও প্রকল্প পরিচালক	০৪.১২.২০১১	৩০.০৬.২০১৮	অতিরিক্ত দায়িত্ব

৭.৬ **মূল্যায়ন পদ্ধতি (Methodology)** :

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে :

(ক) মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা ;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা ;

(গ) Project Implementation Committee (PIC), Project Steering Committee (PSC) সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা ;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮.০ প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

৮.১ আর্থিক অগ্রগতি :

প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৫৪৭৭.০০ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সর্বশেষ প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন,২০১ ৮ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৪৬৮৫.৮০ লক্ষ টাকা (৮৫.৫৬%)। প্রকল্পটির অনুকূলে ২০১১-১২ থেকে ২০১৭-১৮ পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসুচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হল :

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			টাকা অবমুক্ত	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা (জিওবি)	প্রঃ সাঃ		মোট	টাকা (জিওবি)	প্রঃ সাঃ	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১১-১২	৩৫.০০	৩৫.০০	-	৩৫.০০	৩৫.০০	৩৫.০০	-	০.৬৪%
২০১২-১৩	৩৫.০৪৭	৩৫.০৪৭	-	৩৫.০৪৭	৩৫.০৪৭	৩৫.০৪৭	-	০.৬৪%
২০১৩-১৪	৬১.৪৭৬	৬১.৪৭৬	-	৬১.৪৭৬	৬১.৪৭৬	৬১.৪৭৬	-	১.১২%
২০১৪-১৫	২০৭৯.৭৭৯	২০৭৯.৭৭৯	-	২০৭৯.৭৭৯	২০৭৯.৭৭৯	২০৭৯.৭৭৯	-	৩৭.৯৬%
২০১৫-১৬	১১৭৯.১০৪	১১৭৯.১০৪	-	১১৭৯.১০৪	১১৭৯.১০৪	১১৭৯.১০৪	-	২১.৫৪%
২০১৬-১৭	৫০৩.৪৬১	৫০৩.৪৬১	-	৫০৩.৪৬১	৫০৩.৪৬১	৫০৩.৪৬১	-	৯.১৯%
২০১৭-১৮	১৫৮৩.১৩৩	১৫৮৩.১৩৩	-	১৫৮৩.১৩৩	৭৯১.৯৩৫	৭৯১.৯৩৫	-	১৪.৪৬%
মোট=	**৫৪৭৭.০০**	**৫৪৭৭.০০**	-	**৫৪৭৭.০০**	**৪৬৮৫.৮০**	**৪৬৮৫.৮০**	-	**৮৫.৫৫%**

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ৫৪৭৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি নভেম্বর, ২০১১ হতে জুন,২০১ ৮ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে আর্থিক অগ্রগতি ৪৬৮৫.৮০ লক্ষ টাকা (৮৫.৫৫%)। অব্যয়িত মোট ৭৯১.১৯ লক্ষ টাকা চালান নম্বর : টি-১৯, তারিখ : ২৪.০৭.২০১৮ খ্রি: মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করেছে মর্মে পিসিআর-এ উল্লেখ আছে।

৮.২ অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি :

প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী বাস্তব অগ্রগতি হয়েছে ১০০%। প্রকল্পটির প্রধান প্রধান অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৮.২.১ যানবাহন ঃ

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ০১ টি যানবাহন ক্রয়ের জন্য ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় হয়েছে ৩৭.০০ লক্ষ টাকা। এ খাতে আর্থিক অগ্রগতি ৯২.৫০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.২ ল্যাঙ্গুয়েজ ইকুইপমেন্ট, লাইব্রেরি অটোমেশন ইক্যুইপমেন্ট ঃ

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে থোক বরাদ্দ হিসেবে ৩০ ০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় হয়েছে ২৬৮.৯৩ লক্ষ টাকা। এ খাতে আর্থিক অগ্রগতি ৮৯.৬৪% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৩ আসবাবপত্র ঃ

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী এ খাতে ৫০০ টি আসবাবপত্র ক্রয়ের জন্য ২০ ০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় হয়েছে ১৪২.১৭ লক্ষ টাকা। এ খাতে আর্থিক অগ্রগতি ৭১.০৯% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৪ মিউজিয়াম এন্ড আর্কাইভ স্থাপনঃ

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে থোক বরাদ্দ হিসেবে ৫০০ .০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় হয়েছে ৫০০.০০ লক্ষ টাকা। এ খাতে আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৫ নির্মাণ ও পূর্ত ঃ

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী এ খাতে ৫২৬৭ ব:মি: পূর্ত নির্মাণ লক্ষ্যমাত্রার বিপরীতে বরাদ্দকৃত ৩৩২২.৯২ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয়েছে ৩৩২৭.৭০ লক্ষ টাকা এবং পরিকল্পিত লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে ১০০%। এ খাতে আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৯.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

	পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
১)	আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউটকে সকল প্রকার সহযোগিতা/ প্রয়োজনীয়তা প্রদান করা যার মাধ্যমে এ প্রতিষ্ঠানটি বাংলাদেশের মানুষের মাতৃভাষা সংরক্ষণ এবং পুনরুজ্জীবিতকরণের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করবে। এছাড়া জাতীয় ভাষা পরিকল্পনা এবং ভাষা ম্যানেজমেন্ট নীতিমালা প্রস্তুত করা ;	জাতীয় ভাষা পরিকল্পনা এবং ভাষা ম্যানেজমেন্ট নীতিমালা খসড়া প্রণয়ন করা হয়েছে ;
২)	বাংলা ভাষাকে দেশ ও বিদেশে পরিচিত করা এবং ছড়িয়ে দেয়ার জন্য প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ ;	পরিকল্পিত লক্ষ্যমাত্রা অনুযায়ী উদ্দেশ্য অজিত হয়েছে।
৩)	ভাষা ও তথ্য প্রযুক্তির ক্ষেত্রে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ;	
৪)	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন ;	
৫)	ক্ষুদ্র ও নৃতাত্ত্বিক সম্প্রদায়ের জন্য লিখন পদ্ধতি প্রচলন;	
৬)	আন্তর্জাতিক মাতৃভাষা আইন ২০১০ এর লক্ষ্য পূরনের জন্য বিশ্বের বিভিন্ন রাষ্ট্র, প্রতিষ্ঠান ও ইনস্টিটিউটের সাথে চুক্তিপত্র স্বাক্ষর ; এবং	
৭)	ভাষা ভিত্তিক মিডিয়া চ্যানেল চালু করা ।	ভাষা ভিত্তিক মিডিয়া চ্যানেল এখনও চালু করা হয়নি। বিটিভি'র সাথে সমন্বয় সাপেক্ষে এটা চালু করা হবে।

১০.০ <u>প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব</u> :

১) আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট বাংলাদেশের মানুষের মাতৃভাষা সংরক্ষণ এবং পুনরুজ্জীবিতকরণের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করছে ;

২) বাংলা ভাষাকে দেশ ও বিদেশে পরিচিত করা এবং ছড়িয়ে দেয়ার জন্য বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে ;

৩) ভাষা ও তথ্য প্রযুক্তির ক্ষেত্রে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করছে ;

৪) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনে পৃষ্ঠপোষকতা প্রদান করে যাচ্ছে ;

৫) ক্ষুদ্র ও নৃতাত্ত্বিক সম্প্রদায়ের জন্য লিখন পদ্ধতি প্রচলন ;

৬) আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউটে স্থাপিত আর্কাইভ থেকে জনসাধারণ বিশ্বের বিভিন্ন জাতিগোষ্ঠির ভাষার উৎপত্তি, ভাষার লিপি ও ব্যবহার সম্পর্কে জ্ঞান লাভের সুযোগ পাচ্ছে ;

৭) আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউটে স্থাপিত জাদুঘরে বিশ্বের বিভিন্ন দেশের ভাষা লিপি ও ভাষা সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করা হচ্ছে । এর মাধ্যমে জনসাধারণ বিভিন্ন দেশের ভাষার সম্পর্কিত জ্ঞান লাভ করতে পারছে।

১১.০ উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণ :

প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে স্থিরকৃত উদ্দেশ্যের মধ্যে বাংলা ভাষাকে দেশ ও বিদেশে পরিচিত করা এবং ছড়িয়ে দেয়ার জন্য প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ, ভাষা ও তথ্য প্রযুক্তির ক্ষেত্রে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন, ক্ষুদ্র ও নৃ তাত্ত্বিক সম্প্রদায়ের জন্য লিখন পদ্ধতি প্রচলন, আন্তর্জাতিক মাতৃভাষা আইন ২০১০ এর লক্ষ্য পূরনের জন্য বিশ্বের বিভিন্ন রাষ্ট্র, প্রতিষ্ঠান ও ইনস্টিটিউটের সাথে চুক্তিপত্র স্বাক্ষর-এ সমস্ত উদ্দেশ্য পরিকল্পিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয়েছে। তবে আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউটকে সকল প্রকার সহযোগিতা/ প্রয়োজনীয়তা প্রদান করা যার মাধ্যমে এ প্রতিষ্ঠানটি বাংলাদেশের মানুষের মাতৃভাষা সংরক্ষণ এবং পুনরুজ্জীবিতকরণের কেন্দ্রবিন্দু হিসেবে প্রতিষ্ঠানটি কাজ করছে। তবে জাতীয় ভাষা পরিকল্পনা এবং ভাষা ম্যানেজমেন্ট নীতিমালার খসড়া প্রস্তুত করা হয়েছে এবং ভাষা ভিত্তিক মিডিয়া চ্যানেল চালু করার জন্য বিটিভি'র সাথে সমন্বয়ের মাধ্যমে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১২.০ মনিটরিং ঃ

প্রকল্পটি আইএমইডি কর্তৃক বিগত ২৮.১০.২০১৪, ২৬.১১.২০১৫, ০৮.০৩.২০১৬, ০৩.০৫.২০১৭ এবং ২১.০৯.২০১৭ খ্রি: তারিখে পরিদর্শন করা হয়। তাছাড়া, প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC), স্টিয়ারিং কমিটিসহ বিভিন্ন সভায় অংশগ্রহণের মাধ্যমে পরিবীক্ষণ করার প্রয়াস নেয়া হয়েছে এবং পিসিআর প্রাপ্তির পর প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়েছে।

১৩.০ অডিট সম্পর্কিত তথ্য ঃ

(ক) অভ্যন্তরীণ অডিট : প্রকল্পটি জুন, ২০১৮-এ সমাপ্ত ঘোষণা হওয়া সত্ত্বেও এ পর্যন্ত (পরিদর্শনের তারিখ) কোন অভ্যন্তরীণ অডিট কার্যক্রম সম্পাদিত হয়নি।

(খ) এক্সটার্নাল অডিটঃ

প্রকল্পটি ২০১৬ ও ২০১৭ সালে এক্সটার্নাল অডিট পরিচালনা করা হয়েছে মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) সূত্রে জানা যায়। অডিটে কোন আপত্তি উত্থাপিত হয়নি।

১৪.০ <u>প্রকল্প পরিদর্শন</u> :

প্রকল্পটি আইএমইডি কর্তৃক ১৭.০৬.২০১৯ খ্রি: তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় মহাপরিচালক ও প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী ইইডি, ঢাকা জোন, সহকারী প্রকৌশলী, ইইডি, ঢাকা জোন এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

১৪.১ পরিদর্শনকালে আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউটের অত্র প্রকল্পের আওতায় স্থাপিত গ্রন্থাগার, আর্কাইভ, মিউজিয়াম, সম্মেলন কেন্দ্র, অফিস কার্যালয়, কম্পিউটার ল্যাব, মিডিয়া রুম ইত্যাদি ঘুরে দেখা হয়। স্থাপিত আর্কাইভে বিশ্বের বিভিন্ন দেশের ভাষা ও ভাষার উৎপত্তি সম্পর্কিত প্রায় ৪০০ টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। এ সমস্ত প্রদর্শনী হতে জনসাধারণ বিভিন্ন দেশের ভাষার লিপি, লিপির উৎপত্তি ইত্যাদি বিষয়ে জানতে পারবে। এছাড়া স্থাপিত মিউজিয়ামে বিশ্বের বিভিন্ন দেশভিত্তিক ভাষা ও ভাষার ইতিহাস, ব্যবহারকারীর সংখ্যা, বিভিন্ন আঞ্চলিক ভাষা, ভাষা বিলুপ্তি, বাংলাদেশের ভাষা আন্দোলনসহ ইত্যাদি বিষয় স্থান পেয়েছে ;

১৪.২ প্রকল্পের আওতায় নির্মিত আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট ভবনের ৪র্থ তলা হতে ৬ষ্ঠ তলা পর্যন্ত উর্দ্ধমুখী সম্প্রসারণ ও অভ্যন্তরীণ সাজ সজ্জা কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে মহাপরিচালক জানান, নির্মিত অংশের কোথাও কোন সমস্যা নেই। বর্ষা মৌসুমে ভবনের কোথায় পানি প্রবেশ করে না। দরজা, জানালা ইত্যাদি বিষয়ে কোন সমস্যা নেই মর্মে মহাপরিচালক জানান ;

১৪.৩ "আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি ১২ (বার) তলা ভিত বিশিষ্ট ভবনের ৪র্থ তলা হতে ৬ষ্ঠ পর্যন্ত নির্মাণের নিমিত্ত মোট ৫৪৭৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর, ২০১১ হতে অক্টোবর, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নিয়ে বিগত ১৮.১০.২০১১ খ্রি: তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। নির্মাণাধীন ভবনের স্থাপত্য ও অন্যান্য কারিগরী দিক ডিজাইন করার জন্য প্রকল্পের আওতায় পরামর্শক নিয়োগ করা র ক্ষেত্রে ১ম ও ২য় বার প্রাপ্ত দরপত্রসমূহ নন-রেসপনসিভ হওয়ায় তৃতীয় বার বিজ্ঞপ্তি প্রকাশ করতে হয়েছে। পরামর্শক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে নির্মাণ কাজ আরম্ভ করতে ০২ (দুই) বছর বিলম্ব হয়েছে। ফলে প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে ০১ (এক) বার সংশোধন এবং পর্যায়ক্রমে ০৪ (চার) বার মেয়াদ বৃদ্ধি করা হয় (সর্বশেষ ০১.১১.২০১১ হতে ৩০.০৬.২০১৮ পর্যন্ত)। প্রকল্পটি বাস্তবায়নে কষ্ট ওভার রান না হলেও টাইম ওভার রান হয়েছে ৪৪ মাস (১২৫%), যা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে দুর্বলতা রয়েছে মর্মে প্রতীয়মান হয় ;

১৪.৪ প্রকল্পের আওতায় নির্মিত ০৬ তলা ভবনটির ০৪ (চার) তলায় লাইব্রেরী এবং ০৫ (পঞ্চম) তলায় ভাষার ডিজিটাল আর্কাইভ গ্যালারী স্থাপন করা হয়েছে। লাইব্রেরী ও আর্কাইভ সর্বসাধারণের জন্য সর্বক্ষণ উম্মুক্ত থাকে। কিন্তু লাইব্রেরী ও আর্কাইভ চতুর্থ ও পঞ্চম তলায় হওয়ায় সর্বসাধারণের প্রবেশ এবং বহি:র্গমনে কিছু সমস্যা হয় মর্মে জানা যায়। কেননা বিশেষ করে বয়স্ক ও প্রতিবন্ধীদের জন্য লিফট্ বিড়ম্বনা কিংবা সিঁড়ি বেয়ে উঠা-নামা করা অনেক ক্ষেত্রেই কষ্টকর। এক্ষেত্রে লাইব্রেরী এবং ডিজিটাল আর্কাইভ গ্যালারী ভবনের গ্রাউন্ড ফ্লোর/ প্রথম তলায় স্থাপন করলে সর্বসাধারণের প্রবেশ ও বহি:র্গমন সহজতর হতো;

১৪.৫ প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রমগুলো প্রতিষ্ঠানটির মহাপরিচালকসহ ঘুরে ঘুরে দেখা হয়। তিনি জানান নির্মিত ভবনটিতে এ পর্যন্ত কোন সমস্যা পরিলক্ষিত হয়নি ;

১৪.৬ প্রকল্পের আওতায় কয়েকটি অংগ যেমন- ল্যাংগুয়েজ ল্যাব এবং কম্পিউটার ল্যাব এর যন্ত্রপাতি , কম্পিউটার সফটওয়্যার, টেলি কমিউনিকেশন এন্ড ডাটা বেইজ অংগের কাজ বাস্তবায়ন করা হয়নি এবং এ খাতগুলোর কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পের অব্যয়িত মোট ৭৯১.১৯৮ লক্ষ টাকা চালান নম্বর : টি-১৯, তারিখ : ২৪.০৭.২০১৮ খ্রি: এর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে ;

১৪.৭ প্রস্তাবিত আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট ভবনটি ১২ (বার) বিশিষ্ট হবে। কিন্তু এ পর্যন্ত ০৬ (ছয়) তলা পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৬ (ছয়) তলা নির্মাণ কাজ সম্পন্ন করতে হলে পুনরায় প্রকল্পের গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে মহাপরিচালক জানান। তিনি আরও জানান মাতৃভাষা ইনষ্টিটিউটকে স্বয়ং সম্পূর্ণ করতে হলে দেশি-

বিদেশী অতিথিদের জন্য হোটেল বা গেস্টরুম থাকতে হবে। যে সমস্ত প্রশিক্ষণার্থী এখানে প্রশিক্ষণ গ্রহণ করবে তাদের থাকার ব্যবস্থা থাকতে হবে ; এবং

১৪.৮ মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট জানান মাতৃভাষা সম্পর্কে দেশি-বিদেশী মানুষকে জানানোর জন্য ঢাকা শহরের গুরুত্বপূর্ণ উন্মুক্ত স্থানে একটি মাদার ল্যাংগুয়েজ মেমোরিয়ালস্ (টাওয়ার) নির্মাণ করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ টাওয়ারে দেশি-বিদেশী ভাষার উৎপত্তি, প্রসার এবং ভাষার লিপি সম্বলিত বিভিন্ন প্রদর্শনী থাকবে। আইফেল টাওয়ার কিংবা কুতুবমিনারের মতো উচ্চতা বিশিষ্ট হতে পারে। এটি করা হলে এর মাধ্যমে বাংলাদেশ বিশ্বে পরিচিতি লাভ করবে।



চিত্র-০১ : প্রকল্পের আওতায় স্থাপিত আর্কাইভ (একুশে কর্ণার)



চিত্র-০২ : প্রকল্পের আওতায় স্থাপিত আর্কাইভ (বংগবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার)



চিত্র-০৩ : প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে মত বিনিময়



চিত্র-০৪ : প্রকল্পের আওতায় স্থাপিত আর্কাইভ

১৬.০ <u>সুপারিশঃ</u>

১৬.১ আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট স্থাপন প্রকল্পের প্রধান উদ্দেশ্য ছিলো মাতৃভাষা সংরক্ষণ এবং পুনরুজ্জীবিতকরণের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করা এবং জাতীয় ভাষা পরিকল্পনা এবং ভাষা ম্যানেজমেন্ট নীতিমালা প্রণয়ন করা। কিন্তু এ পর্যন্ত এ দু'টি পরিকল্পনা ও নীতিমালা প্রণয়ন চূড়ান্ত করা হয়নি। প্রকল্পের শতভাগ উদ্দেশ্য অর্জনের নিমিত্ত জরুরী ভিত্তিতে জাতীয় ভাষা পরিকল্পনা এবং ভাষা ম্যানেজমেন্ট নীতিমালা প্রণয়ন চূড়ান্তকরণপূর্বব এ বিভাগকে অবহিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে তদাকরী নিশ্চিত করতে হবে;

১৬.২ প্রকল্পের আওতায় ভাষা ভিত্তিক মিডিয়া চ্যানেল চালু করার লক্ষ্যমাত্রা থাকলেও এটি এখনও বাস্তবায়ন করা হয়নি। প্রকল্পের কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জরুরী ভিত্তিতে ভাষা ভিত্তিক মিডিয়া চ্যানেল চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে ;

১৬.৩ প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে ০১ (এক) বার সংশোধন এবং পর্যায়ক্রমে ০৪ (চার) বার মেয়াদ বৃদ্ধি করা হয় (সর্বশেষ ০১.১১.২০১১ হতে ৩০.০৬.২০১৮ পর্যন্ত)। প্রকল্পটি বাস্তবায়নে কষ্ট ওভার রান না হলেও টাইম ওভার রান হয়েছে ৪৪ মাস (১২৫%), যা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে দুর্বল তা প্রতীয়মান হয়। ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বাস্তব ভিত্তিক নিরূপণের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে ;

১৬.৪ প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ছিল ৫৪৭৭.০০ লক্ষ টাকা। প্রকল্প সমাপ্তান্তে প্রকৃত ব্যয় ৪৬৮৫.৮০ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৮৫.৫৬%। কম্পিউটার সফটওয়্যার, টেলিকমিউনিকেশন ডাটা বেইজসহ কয়েকটি অংগ বাস্তবায়িত না হওয়ায় উক্ত খাতসমূহের অব্যয়িত মোট ৭৯১.১৯ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এ সমস্ত অংগের কার্যক্রম বাস্তবায়ন না হওয়ায় প্রকল্পের প্রকৃত উদ্দেশ্য ব্যাহত হবে কি-না সে বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখবে ; এবং

১৬.৫ প্রকল্পের আওতায় নির্মিত ভবন, স্থাপিত আর্কাইভ ও মিউজিয়ামসহ বিভিন্ন অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব খাত হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের ব্যবস্থা রাখতে হবে।

মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, লালমাটিয়া মহিলা কলেজ এবং আগারগাঁও তালতলা সরকারি কলোনী স্কুল এন্ড কলেজের উন্নয়ন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তি : জুন, ২০১৮)

১। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : শিক্ষা মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২। বাস্তবায়নকারী সংস্থা : শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

৩। প্রকল্প অনুমোদন	**বিষয়**	**অনুমোদনকারী কর্তৃপক্ষ**	**অনুমোদনের তারিখ**
	মূল	**একনেক সভা**	**০১/০১/২০১৩**
	সংশোধিত (১ম)	**মাননীয় পরিকল্পনা মন্ত্রী**	**১৩/১০/২০১৬**

৪। অর্থায়নের উৎস : সম্পূর্ণ জিওবি অনুদান

৫। প্রকল্পের অবস্থান : মোহাম্মদপুর, লালমাটিয়া এবং আগারগাঁও, ঢাকা।

বিষয়	প্রাক্কলিত ব্যয়	বাস্তবায়নকাল	মূল এর তুলনায়	
মূল	২৭৬১.৯২	জানুয়ারি ২০১৩ হতে জুন ২০১৫	ব্যয় বৃদ্ধি (%)	মেয়াদ বৃদ্ধি (%)
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম)	২৭৬১.৯২	জানুয়ারি ২০১৩ হতে জুন ২০১৬	-	০১ বছর
সংশোধিত (১ম)	৩০৩১.৯২	জানুয়ারি ২০১৩ হতে জুন ২০১৭	২৭০.০০	০২ বছর
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য়)	৩০৩১.৯২	জানুয়ারি ২০১৩ হতে জুন ২০১৮	-	০৩ বছর

৬। প্রকল্পের উদ্দেশ্য :

- ✓ **অধিক শিক্ষার্থীর আবাসনের জন্য ভৌত সুবিধা সৃষ্টি করা এবং শিক্ষার মান বৃদ্ধি করা;**
- ✓ **শিক্ষার অনুকুল পরিবেশ সৃষ্টি করা।**

৭। প্রকল্পের মূল কার্যক্রম :

- মুহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ এর জন্য ৬ তলা ভিতে ৬ তলাবিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ
- মুহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ এর বিদ্যমান একাডেমিক ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ (২য় হতে ৬ষ্ঠ তলা)
- লালমাটিয়া মহিলা কলেজে ছাত্রী হোস্টেল নির্মাণ (৬তলা ভিতে ৬তলা পর্যন্ত)
- আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজ ৬ তলাভিতে ৬ তলাবিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ
- আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে বিদ্যমান একাডেমিক ভবনের সম্প্রসারণ

৮। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন : (পিসিআর মোতাবেক)

লক্ষ টাকা

ক্রমিক	অঙ্গেরনাম	ডিডিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	সরবরাহ ও সেবা	থোক	৬.০০	থোক	৬.০০
২	আসবাবপত্র	থোক	৩০৯.৫৮	থোক	২৫২.৪০

ক্রমিক	অঙ্গোরনাম	ডিডিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
৩	৬ তলাভিতে ৬ তলাবিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ (মুহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ)	১৭২৮ ব:মি:	৩৩৮.৩৬	১৭২৮ ব:মি:	৩২৭.৩৬
৪	বিদ্যমান একাডেমিক ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ (২য় হতে ৬ষ্ঠ তলা) (মুহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ)	১৮০৮ ব:মি:	২৯৩.৮৫	১৮০৮ ব:মি:	২৭৪.৩৭
৫	বিদ্যমান অডিটরিয়াম ভবনের সম্প্রসারণ (২য় ও ৩য় তলা) (লালমাটিয়া মহিলা কলেজ)	১৪৫০ ব:মি:	২১১.৯৫	১৪৫০ ব:মি:	২১১.২৩
৬	বিদ্যমান হোস্টেল ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ (৪র্থ ও ৫ম তলা)) (লালমাটিয়া মহিলা কলেজ)	১১১২ ব:মি:	২০৫.০০	১১১২ ব:মি:	২০৪.৮১
৭	ছাত্রী হোস্টেল নির্মাণ (৬তলা ভিতে ৬তলা পর্যন্ত)) (লালমাটিয়া মহিলা কলেজ)	৩১৫৬ ব:মি:	৬৫৮.০২	৩১৫৬ ব:মি:	৬৯৫.০৩
৮	অডিটরিয়াম লাইটিং এবং সাউন্ড সিস্টেমের আধুনিকায়ন) (লালমাটিয়া মহিলা কলেজ)	থোক	৩০১.৫০	থোক	২৯৯.৯২
৯	ড্রেইনিজ সিস্টেম) (লালমাটিয়া মহিলা কলেজ)	থোক	৩০.০০	থোক	২৭.৪৬
১০	৬ তলাভিতে ৬ তলাবিশিষ্টএকাডেমিকভবননির্মাণ (আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজ)	৩২৫৮ ব:মি:	৬০৮.৬৬	৩২৫৮ ব:মি:	৫৮৫.৪৭
১১	বিদ্যমান একাডেমিক ভবনের সম্প্রসারণ (আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজ)	৪৫০ ব:মি:	৬৯.০০	৪৫০ ব:মি:	৬৮.২১
	সর্বমোট		৩০৩১.৯২		২৯৫২.২৬

৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য- (পিসিআর মোতাবেক)

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তর	দয়িত্বের ধরন
১	প্রধান প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	০১/০৭/২০১২	২১/১১/২০১৪	খন্ডকালীন
২	জনাব তৌহিদ উদ্দিন আহমেদ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	২২/১১/২০১৪	২১/০৩/২০১৭	খন্ডকালীন
৩	জনাব মীর মোয়াজ্জেম হোসেন নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	২২/০৩/২০১৭	৩০/০৬/২০১৭	খন্ডকালীন

১০। প্রশাসনিক মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক তদারকি:

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবি	দপ্তর	পরিদর্শনের তারিখ
-	-	-	-

নোট: প্রশাসনিক মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক তদারকির সুনির্দিষ্ট তথ্য পিসিআর-এ উল্লেখ করা হয়নি।

১১। বাস্তবায়নকালে আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ:

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবি	পরিদর্শনের তারিখ	প্রদত্ত সুপারিশ
১	**মশিউর রহমান, উপ-পরিচালক**	**১০/০৩/২০১৬**	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের ভিত্তিতে পরিবীক্ষণ করা হয় এবং প্রস্তাবে অনাপত্তি জানানো হয়।

২	**মশিউর রহমান, উপ-পরিচালক**	**২৪/০৪/২০১৭**	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের ভিত্তিতে পরিবীক্ষণ করা হয় এবং প্রস্তাবে অনাপত্তি জানানো হয়।
৩	**মুহাম্মদ মাহবুব হোসেন, মূল্যায়ন কর্মকর্তা**	**২০/১২/২০১৭**	একজন প্রকল্প পরিচালককে একাধিক প্রকল্পের পরিচালক নিয়োগ না দেয়া, কর্মপরিকল্পনা আইএমইডিতে প্রেরণ, সাইটবুক সংরক্ষণ ইত্যাদি বিষয়ে সুপারিশ করা হয়।

১২। অর্থবছরভিত্তিক ডিপিপির সংস্থান, এডিপি বরাদ্দ ও প্রকৃত ব্যয়: (ডিপিপি এবং পিসিআর এর আলোকে)

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত ডিপিপি সংস্থান	এডিপি বরাদ্দ	প্রকৃত ব্যয়
২০১২-১৩	**০.০০**	**০.০০**	**০.০০**
২০১৩-১৪	**৭০০.০০**	**৭০০.০০**	**৭০০.০০**
২০১৪-১৫	**৭৮১.০০**	**৭৮১.০০**	**৭৮১.০০**
২০১৫-১৬	**৫১৯.৯৮**	**৫১৯.৯৮**	**৫১৯.৯৮**
২০১৬-১৭	**১০৩০.৯৪**	**১০৩০.৯৪**	**৫৪৯.৪৮**
২০১৭-১৮	**০.০০**	**০.০০**	**৪০২.৪০**
মোট	**৩০৩১.৯২**	**৩০৩১.৯২**	**২৯৫২.২৬**

১৩। ক্রয় সম্পর্কিত তথ্য:

(লক্ষ টাকা)

নং	কাজের নাম	প্রাক্কলিত ব্যয়	চুক্তির তারিখ	চুক্তিমূল্য (লক্ষ টাকা)	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তির তারিখ	কাজ সমাপ্তির প্রকৃত তারিখ
১	সরবরাহ ও সেবা	৬.০০	-	৬.০০	-	-
২	আসবাবপত্র	৩০৯.৫৮	১৬.০৩.১৬	৩০৯.৫৮	-	-
৩	একাডেমিক ভবন নির্মাণ (মুহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ)	৩৩৮.৩৬	১৯.০১.১৪ ২২.০১.১৭	৩৩৮.৩৬	১৯.০৭.১৫ ২২.০৭.১৭	১৫.০৩.১৫ ২০.০৬.১৭
৪	বিদ্যমান একাডেমিক ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ (মুহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ)	২৯৩.৮৫	২৯.০৯.১৩ ২২.০১.১৭	২৯৩.৮৫	২৯.০৩.১৫ ২২.০৭.১৭	২৫.০৩.১৫ ২০.০৬.১৭
৫	বিদ্যমান অডিটরিয়াম ভবনের সম্প্রসারণ (লালমাটিয়া মহিলা কলেজ)	২১১.৯৫	২৩.০৯.১৩	২১১.৯৫	১৩.০৩.১৫	১৫.১২.১৪
৬	বিদ্যমান হোস্টেল ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ (লালমাটিয়া মহিলা কলেজ)	২০৫.০০	০২.০৩.১৩ ২০.০৬.১৭	২০৫.০০	০৯.০২.১৫ ২০.১২.১৭	২৫.০৩.১৫ ০৬.০৮.১৫
৭	ছাত্রী হোস্টেল নির্মাণ (লালমাটিয়া মহিলা কলেজ)	৬৫৮.০২	১৬.০১.১৪ ০২.০৩.১৭	৬৫৮.০২	১৬.০৭.১৫ ০৯.০২.১৭	১২.০১.১৫ ০১.১০.১৮
৮	অডিটরিয়াম লাইটিং এবং সাউন্ড সিস্টেমের আধুনিকায়ন (লালমাটিয়া মহিলা কলেজ)	৩০১.৫০	২৫.০৬.১৫	৩০১.৫০	২৪.১২.১৬	২৩.০৬.১৬
৯	ড্রেইনিজ সিস্টেম (লালমাটিয়া মহিলা কলেজ)	৩০.০০	০৩.০৫.১৭	৩০.০০	০৮.০৩.১৭	০৮.০৬.১৭

নং	কাজের নাম	প্রাক্কলিত ব্যয়	চুক্তির তারিখ	চুক্তিমূল্য (লক্ষ টাকা)	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তির তারিখ	কাজ সমাপ্তির প্রকৃত তারিখ
১০	৬ তলাভিতে ৬ তলাবিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ (আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজ)	৬০৮.৬৬	২২.০১.১৪ ০২.০৩.১৭	৬০৮.৬৬	২২.০৭.১৫ ০৯.০২.১৭	৩১.০৩.১৬ ৩১.১২.১৭
১১	বিদ্যমান একাডেমিক ভবনের সম্প্রসারণ (আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজ)	৬৯.০০	২৪.০৯.১৩	৬৯.০০	২৩.১২.১৫	২৯.০৬.১৬

১৪। আর্থিক কার্যক্রমের অডিট সম্পর্কিত তথ্য :পিসিআরএর আলোকে

ইন্টারনাল অডিট			
অর্থবছর	**অডিট সম্পাদনের তারিখ/অডিট রিপোর্ট দাখিলের তারিখ**	**প্রাপ্ত আপত্তির সংখ্যা**	**নিষ্পন্ন আপত্তির সংখ্যা**
২০১২-১৩	অডিট হয়নি	-	-
২০১৩-১৪	অডিট হয়নি	-	-
২০১৪-১৫	অডিট হয়নি	-	-
২০১৫-১৬	অডিট হয়নি	-	-
২০১৬-১৭	অডিট হয়নি	-	-
২০১৭-১৮	অডিট হয়নি	-	-

নোট: প্রকল্পের পিসিআর মোতাবেক প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত কোন অর্থ বছরের আর্থিক কার্যক্রমের ইন্টারনাল অডিট করা হয়নি।

এক্সটার্নাল অডিট			
অর্থবছর	**অডিট সম্পাদনের তারিখ/অডিট রিপোর্ট দাখিলের তারিখ**	**প্রাপ্ত আপত্তির সংখ্যা**	**নিষ্পন্ন আপত্তির সংখ্যা**
২০১২-১৩	২০/০৪/২০১৪	-	-
২০১৩-১৪	২০/০৪/২০১৪	-	-
২০১৪-১৫	২৮/০৩/২০১৬	-	-
২০১৫-১৬	৩১/০১/২০১৭	-	-
২০১৬-১৭	০৫/০২/২০১৮	-	-
২০১৭-১৮	অডিট হয়নি	-	-

১৫। পরিদর্শন সম্পর্কিত তথ্য :

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি : মুহাম্মদ মাহবুব হোসেন মূল্যায়ন কর্মকর্তা
পরিদর্শনের তারিখ : ১২.১২.২০১৯খ্রিস্টাব্দ
পরিদর্শনের স্থান : মোহাম্মদপুর, লালমাটিয়া এবং আগারগাঁও, ঢাকা।

১৬। পরিদর্শনের স্থিরচিত্র

১৬.১



লালমাটিয়া মহিলা কলেজে বিদ্যমান ছাত্রী হোস্টেল এর উর্ধ্বমুখী সম্প্রসারণ (৪র্থ-৫ম তলা)

১৬.২



নতুন একাডেমিক ভবন (আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজ)

১৬.৩




একাডেমিক ভবন (মুহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ)

১৬.৪



আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে প্রকল্পের আওতায় উর্ধ্বমুখী সম্প্রসারিত পুরাতন একাডেমিক ভবনে ওয়াশ রুমের ভাঙ্গা দরজা

১৬.৫



আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজ এর নবনির্মিত একাডেমিক ভবনের ওয়াশরুমের ভেসিনের জন্য নির্ধারিত স্থানে বেসিন অনুপস্থিত।

১৬.৬



আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে নতুন একাডেমিক ভবন ও পুরাতন একাডেমিক ভবনে প্রকল্পের আওতায় নির্মিত সংযোগ সেতুর ভাঙ্গা রেলিং

১৬.৭



আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে প্রকল্পের আওতায় উর্ধ্বমূখী সম্প্রসারিত পুরাতন একাডেমিক ভবনে ওয়াশ রুমের সামনের দেয়ালের টাইলস তুলে ফেলা

১৬.৮



আগারগাঁ ও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে প্রকল্পের আওতায় উর্ধ্বমূখী সম্প্রসারিত পুরাতন একাডেমিক ভবনে ওয়াশরুমের ভাঙ্গা দরজা

১৭। মূল্যায়ন পদ্ধতি/ মাধ্যম: মূল্যায়নের ক্ষেত্রে নিম্নের পদ্ধতি/মাধ্যম ব্যবহার করা হয়েছে-

ক. ডিপিপি পর্যালোচনা;
খ. পিসিআর পর্যালোচনা;
গ. পিসিআর প্রাপ্তির পর সরেজমিন পরিদর্শন; এবং
ঘ. প্রাপ্ত তথ্যের উপর প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৮। সার্বিকপর্যবেক্ষণ:

ক) জুন, ২০১৮ প্রকল্পটি সমাপ্ত হয়। উন্নয়ন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও প্রায় ০১ বছর ০৩ মাস পর (০৭ অক্টোবর, ২০১৯) পিসিআর প্রেরণ করা হয়;

খ) প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের ৭৯.৬৬ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে;

গ) পিসিআর এ প্রকল্প পরিদর্শনের সুনির্দিষ্ট তথ্য নেই। মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তরএবংআইএমইডি কর্তৃক একাধিকবার পরিদর্শন করা
হয়েছে উল্লেখ করা হলেও পরিদর্শনকারী কর্মকর্তার নাম, পদবি, পরিদর্শনের তারিখ, প্রাপ্ত সমস্যা এবং সুপারিশের উল্লেখ নেই;

ঘ) প্রকল্পের আর্থিক কার্যক্রমের ইন্টারনাল অডিট করা হয়নি। অন্যদিকে ২০১৩-২০১৬ অর্থবছর পর্যন্ত এক্সটারনাল অডিট করা হয়েছে
তবে ২০১৭-১৮ অর্থবছরের এক্সটারনাল অডিট করা হয়নি;

ঙ) আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধা রক্ষণাবেক্ষণে অব্যবস্থাপনা পরিলক্ষিত হয়েছে। যেমন নবনির্মিত একাডেমিক ভবনের ওয়াশরুমের ভেসিনের জন্য নির্ধারিত স্থানটি ফাকা পাওয়া গেছে, প্রকল্পের আওতায় উর্ধ্বমূখী সম্প্রসারিত পুরাতন একাডেমিক ভবনে দুটি ওয়াশরূমের দরজা ভাঙ্গা অবস্থায় পাওয়া যায়,তাছাড়া ওয়াশরূমের সামনের দেয়ালের টাইলস তুলে ফেলা হয়েছে। প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধা রক্ষণাবেক্ষণে এরূপ অব্যবস্থাপনা গ্রহনযোগ্য নয়; (স্থিরচিত্র: ১৬.৪-১৬.৮ দ্রষ্টব্য)

চ) আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে নতুন একাডেমিক ভবন ও পুরাতন একাডেমিক ভবনে প্রকল্পের আওতায় নির্মিত সংযোগ সেতুর রেলিংটি ভাঙ্গা পাওয়া গেছে। পর্যবেক্ষণে দেখা যায় রেলিংটি সঠিকভাবে স্থাপন করা হয়নি;

১৯। মতামত/ সুপারিশ

ক) ভবিষ্যতে, যে কোন উন্নয়ন প্রকল্প সমাপ্তির তিনমাসের মধ্যেই পিসিআর প্রেরণ করতে হবে;

খ) আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধা রক্ষণাবেক্ষণে অব্যবস্থাপনা পরিলক্ষিত হয়েছে। যেমন নবনির্মিত একাডেমিক ভবনের ওয়াশরুমের ভেসিনের জন্য নির্ধারিত স্থানে ভেসিন নাথাকা, প্রকল্পের আওতায় উর্ধ্বমূখী সম্প্রসারিত পুরাতন একাডেমিক ভবনে দুটি ওয়াশরুমের দরজা ভাঙ্গা থাকা ও ওয়াশরুমের সামনের দেয়ালের টাইলস তুলে ফেলা ইত্যাদি। সংশ্লিষ্ট বিভাগ প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধা টেকসই করার লক্ষ্যে এর রক্ষণাবেক্ষণের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে; (অনুচ্ছেদ ১৮ ঙ দ্রষ্টব্য)

গ) আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল এন্ড কলেজে নতুন একাডেমিক ভবন ও পুরাতন একাডেমিক ভবনে প্রকল্পের আওতায় নির্মিত সংযোগ সেতুর রেলিংটি ভাঙ্গা পাওয়া গেছে। পর্যবেক্ষণে দেখা যায় রেলিংটি সঠিকভাবে স্থাপন করা হয়নি। দ্রুত এর মেরামত করতে হবে। এছাড়া নির্মাণ সংশ্লিষ্ট অন্যান্য ত্রুটি রয়েছে কিনা তা যাচাই করার জন্য একটি টেকনিক্যাল টিম প্রেরণ করে প্রাপ্ত সমস্যার ভিত্তিতে সমাধানের উদ্যোগ নিতে হবে;

ঘ) প্রকল্পের আর্থিক কার্যক্রমের ২০১৩-২০১৬ অর্থবছর পর্যন্ত এক্সটারনাল অডিট করা হয়েছে তবে ২০১৭-১৮ অর্থবছরের এক্সটারনাল অডিট করা হয়নি। এ অর্থবছরের এক্সটারনাল অডিট করতে হবে;

ঙ) প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের অব্যয়িত ৭৯.৬৬ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দিতে হবে;

চ) উপর্যুক্ত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী এক মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে;

শেখ হাসিনা একাডেমি এন্ড উইমেন্স কলেজ, কালকিনি, মাদারীপুর এর অবকাঠামো উন্নয়ন **শীর্ষক প্রকল্পের** সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তি : জুন, ২০১৮)

১। প্রশাসনিক মন্ত্রণালয় : শিক্ষা মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ

২। বাস্তবায়নকারী সংস্থা : শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

৩। প্রকল্পের পটভূমি :

শেখ হাসিনা একডেমি এন্ড উইমেন্স কলেজ ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয় এবং ২০০৪ সালে বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত হয়। প্রকল্পটি গ্রহণকালে কলেজের শিক্ষার্থীর সংখ্যা ছিল ২২০০ জন এবং শিক্ষক/ শিক্ষিকার সংখ্যা ছিল ৫৫ জন। কলেজের ১৮টি শ্রেণিকক্ষবিশিষ্ট একটি তিনতলা একাডেমিক ভবন, ১০৪ আসনবিশিষ্ট একটি দ্বিতল হোস্টেল ভবন ছিল যা প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধাপ্রদাণে বর্ণিত শিক্ষার্থী ও শিক্ষক / শিক্ষিকার জন্য যথেষ্ঠ ছিল না। এরূপ প্রেক্ষাপটে প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা সৃষ্টির লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে বলে প্রকল্পের পিসিআর এবং ডিপিপিতে উল্লেখ রয়েছে।

৪। প্রকল্প অনুমোদন : অনুমোদনের তারিখ : ২১/০৭/২০১৪

অনুমোদনকারী কর্তৃপক্ষ : মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

৫। প্রাক্কলিত ব্যয় : ১৮১২.০০ লক্ষ টাকা

৬। অর্থায়নের উৎস : সম্পূর্ন জিওবি অনুদান

৭। প্রকল্পের অবস্থান : কালকিনি উপজেলা, মাদারীপুর

৮।	বাস্তবায়নকাল	:		
	বিষয়	:	বাস্তবায়নকাল	মূল এর তুলনায় বৃদ্ধি
	মূল	:	জুলাই ২০১৪ হতে জুন ২০১৬	-
	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম)	:	জুলাই ২০১৪ হতে জুন ২০১৭	০১ বছর (৫০%)
	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য়)	:	জুলাই ২০১৪ হতে জুন ২০১৮	০২ বছর (১০০%)

৯। প্রকল্পেরউদ্দেশ্য :

- অবকাঠামো সুবিধা বৃদ্ধির মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে অধিক সংখ্যক শিক্ষার্থীর শিক্ষার সুযোগ সৃষ্টি করা ;
- ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করা;
- শিক্ষার্থী ও শিক্ষকদের আবাসিক ব্যবস্থা নিশ্চিত করা;
- শিক্ষার গুণগত মান বৃদ্ধি করা;

১০। প্রকল্পের মূল কার্যক্রম :

- ০১টি একাডেমিক-কাম-প্রশাসনিক ভবন নির্মাণ (৫-তলা ভিতের উপর ৪-তলা)
- ০১টি একাডেমিক ভবন নির্মাণ (৫-তলা ভিতের উপর ৪-তলা)
- ০১টি ১০০ আসনের ছাত্রী হোষ্টেল নির্মাণ (৫-তলা ভিতের উপর ৫-তলা)
- ০১টি প্রিন্সিপাল ও সুপার কোয়াটার (৩-তলা ভিতের উপর ৩-তলা)
- অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ
- ০১টি গভীর নলকূপ স্থাপন

১১। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন : (পিসিআর মোতাবেক) লক্ষ টাকা

ক্রমিক	অঙ্গোরনাম	ডিডিপি/ টিপিপিঅনুযায়ীঅনুমোদিতব্যয়		প্রকৃতব্যয়	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
রাজস্ব					
১	কন্টিনজেন্সি (পিআইইউ এর জন্য)	থোক	১৭.০০	থোক	৭.৫০
মূলধনঃ					
২	আসবাবপত্র	থোক	-	১৮৬৮টি	১৪৬.৬৮
৩	ক) একাডেমিক-কাম-প্রশাসনিক ভবন নির্মাণ (৫-তলা ভিতের উপর ৪-তলা)	১৫৫৩ ব:মি	৪১১.০০	১৫৫৩ ব:মি	৩৮৭.০১
৪	খ) একাডেমিক ভবন নির্মাণ (৫-তলা ভিতের উপর ৪-তলা)	২১১০ ব:মি	৫২২.০০	২১১০ ব:মি	৪৭৭.২০
৫	গ) ১০০ আসনের ছাত্রী হোস্টেল নির্মাণ (৫-তলা ভিতের উপর ৫-তলা)	১৭০০ ব:মি	৪৭৩.০০	১৭০০ ব:মি	৪৩৫.৯৯
৬	ঘ) প্রিন্সিপাল ও সুপার কোয়ার্টার (৩-তলা ভিতের উপর ৩-তলা)	৩০০ব:মি	১২৩.৫০		৮৮.৪৪
৭	ঙ) অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ	২৮০ ব:মি	১৮.০০		-
৮	চ) গভীর নলকূপ স্থাপন	থোক	১৫.০০	-	-
৯	প্রাইসকন্টিনজেন্সি	থোক	৩৫.১৯	-	-
১০	ফিজিক্যালকন্টিনজেন্সি	থোক	১৭.৩১	-	-
মোট		-	১৮১২.০০	-	১৫৪২.৮২

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য- (পিসিআর মোতাবেক)

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তর	দয়িত্বের ধরন
১	জনাব মোঃ আলী আজম নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,	২৭/০৩/২০১২	১১/০২/২০১৪	পূর্ণকালীন
২	জনাব মোঃ রায়হান বাদশা নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,	১২/০২/২০১৪	১৮/১২/২০১৪	পূর্ণকালীন
৩	জনাব মো: আবুল হাশেম সরদার নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,	১৮/১২/২০১৪	৩০/০৬/২০১৮	পূর্ণকালীন

১৩। প্রশাসনিক মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক তদারকি

ক্রমিক	কর্মকর্তারনাম, পদবি	দপ্তর	পরিদর্শনেরতারিখ
-	-	-	-

নোট: প্রশাসনিক মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক তদারকির বিস্তারিত তথ্য পিসিআর-এ উল্লেখ করা হয়নি।

১৩। বাস্তবায়নকালে আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ:

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবি	পরিদর্শনের তারিখ	প্রদত্ত সুপারিশ
১	মো: মশিউর রহমান, উপ-পরিচালক	০৮/১১/২০১৬	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের ভিত্তিতে পরিবীক্ষণ করা হয় এবং প্রস্তাবে অনাপত্তি জানানো হয়।
২	মো: মশিউর রহমান, উপ-পরিচালক	২৯/০৪/২০১৭	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের ভিত্তিতে পরিবীক্ষণ করা হয় এবং প্রস্তাবে অনাপত্তি জানানো হয়।

৩	মুহাম্মদ মাহবুব হোসেন, মূল্যায়ন কর্তকর্তা	০৫/১২/২০১৭	-প্রকল্প সাইটে সাইবোর্ড ও সাইটবুক সংরক্ষণ -পিআইসি ও পিএসসি সভার কার্যপত্র প্রেরণ -মন্ত্রণালয়ের তদারকি বৃদ্ধি ইত্যাদি

১২। অর্থবছরভিত্তিক ডিপিপির সংস্থান,এডিপি বরাদ্দ ও প্রকৃত ব্যয়: (ডিপিপি এবং পিসিআর এর আলোকে)

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি সংস্থান	এডিপি বরাদ্দ	প্রকৃত ব্যয়
২০১৪-১৫	৪৭৮.০০	-	-
২০১৫-১৬	১৩৩৪.০০	৩৫১.৭৫	৩৫১.৭৫
২০১৬-১৭	-	৭০২.০০	৭০২.০০
২০১৭-১৮	-	৪৮৯.০৫	৪৮৯.০৫
মোট	১৮১২.০০	১৫৪২.৮০	১৫৪২.৮০

১৩। ক্রয় সম্পর্কিত তথ্য: ডিপিপির ক্রয় পরিকল্পনা মোতাবেক পূর্ত কাজের মোট প্যাকেজ সংখ্যা ০৬টি । প্রকল্পের পিসিআর এ ২০০ লক্ষ টাকা বা তার উর্দ্ধমূল্যের নিচের তিনটি প্যাকেজ ক্রয়ের তথ্য দেয়া হয়েছে-

নং	কাজের নাম	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	টেন্ডার আহ্বানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তির তারিখ	কাজ সমাপ্তির প্রকৃত তারিখ
১	একাডেমিক-কাম-প্রশাসনিক ভবন নির্মাণ	৪১১.০০	১৭/০৯/১৪	০৭/০৪/১৫	৩৬৭.০৮	০৬/১০/১৬	২৬/০৬/১৮
২	একাডেমিক ভবন নির্মাণ	৫২২.০০	১৭/০৯/১৪	০৭/০৪/১৫	৪৫৮.৫৯	০৬/১০/১৬	২৬/০৬/১৮
৩	ছাত্রী হোস্টেল নির্মাণ	৪৭৩.০০	১৮/০৯/১৪	০৭/০৪/১৫	৪২৭.২৭	০৬/১০/১৬	২৬/০৬/১৮

১২। আর্থিক কার্যক্রমের অডিট সম্পর্কিত তথ্য :

ইন্টারনাল অডিট			
অর্থবছর	অডিট সম্পাদনের তারিখ	প্রাপ্ত আপত্তির সংখ্যা	নিষ্পন্ন আপত্তির সংখ্যা
২০১৪-১৫	-	-	-
২০১৫-১৬	-	-	-
২০১৬-১৭	-	-	-
২০১৭-১৮	-	-	-

এক্সটার্নাল অডিট			
অর্থবছর	অডিট সম্পাদনের তারিখ	প্রাপ্তআপত্তিরসংখ্যা	নিষ্পন্নআপত্তিরসংখ্যা
২০১৪-১৫	-	-	-
২০১৫-১৬	-	-	-
২০১৬-১৭	-	-	-
২০১৭-১৮	-	-	-

নোট: পিসিআর মোতাবেক প্রকল্পের আর্থিক কার্যক্রমের কোনরূপ অডিট করা হয়নি।

১৩। পরিদর্শন সম্পর্কিত তথ্য:

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি	:	মুহাম্মদ মাহবুব হোসেন, মূল্যায়ন কর্মকর্তা
পরিদর্শনের তারিখ	:	০৩ ডিসেম্বর, ২০১৯
পরিদর্শনের স্থান	:	ডাসার, কালকিনি উপজেলা মাদারীপুর।

১৪। পরিদর্শনের স্থিরচিত্র :

১৪.১



প্রশাসনিক-কাম-একাডেমিক ভবন

১৪.২



প্রিন্সিপাল ও সুপার কোয়ার্টার

১৪.৩



একাডেমিক ভবন

১৪.৪



প্রশাসনিক-কাম-একাডেমিক ভবনে অযত্নে ফেলে রাখা বেঞ্চ এবং ভবনের দেয়ালে জমে থাকা ময়লার চিত্র

১৪.৫



প্রশাসনিক-কাম-একাডেমিক ভবনের বারান্দায় অযত্নে ফেলে রাখা বেঞ্চ

১৪.৬



ভাঙ্গা টেবিল

১৪.৭



একাডেমিক ভবনের একটি কক্ষে স্তুপ করে রাখা বেঞ্চ

১৪.৮



ঘুনে ধরা বেঞ্চ

১৪.৯



একাডেমিক ভবনের নিচ তলায় অবস্থিত টয়লেটের দরজা দেয়াল হতে কিছুটা সরে পড়েছে (ভিতরের দৃশ্য)

১৪.১০



একাডেমিক ভবনের নিচ তলায় অবস্থিত টয়লেটের দরজা দেয়াল হতে কিছুটা সরে পড়েছে (বাহিরের দৃশ্য)

১৪.১১



একাডেমিক ভবনে ক্লাস রুমের বৃষ্টির পানিতে ভেজা মেঝে

১৫। মূল্যায়ন পদ্ধতি/মাধ্যম: মূল্যায়নের ক্ষেত্রে নিম্নের পদ্ধতি/মাধ্যম ব্যবহার করা হয়েছে-

ক) ডিপিপি পর্যালোচনা;
খ) পিসিআর পর্যালোচনা;
গ) পিসিআর প্রাপ্তির পর সরেজমিন পরিদর্শন; এবং
ঘ) প্রাপ্ত তথ্যের উপর প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৬। সার্বিক পর্যবেক্ষণ:

ক) জুন, ২০১৮ প্রকল্পটি সমাপ্ত হয়। উন্নয়ন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও প্রায় ০১ বছর ০২ মাস পর (১৬ সেপ্টেম্বর, ২০১৯) পিসিআর প্রেরণ করা হয়;

খ) পিসিআর এ অঙ্গভিত্তিক অগ্রগতি অংশে ইন্টারনাল রোড নির্মাণ এবং ডিপ টিউবওয়েল অঙ্গের কোন ব্যয় দেখানো হয়নি;

গ) পিসিআর এ প্রকল্প পরিদর্শনের সুনির্দিষ্ট তথ্য নেই। মন্ত্রণালয় , বিভাগ, অধিদপ্তর এবং আইএমইডি কর্তৃক একাধিকবার পরিদর্শন করা হয়েছে উল্লেখ করা হলেও পরিদর্শনকারী কর্মকর্তার নাম, পদবি, পরিদর্শনের তারিখ, প্রাপ্ত সমস্যা এবং সুপারিশের উল্লেখ নেই;

ঘ) প্রকল্পটি অনুমোদন লাভ করে ২১/০৭/২০১৪ তারিখে। পিসিআর এর প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য ছক বিশ্লেষণে দেখা যায় জনাব মোঃ আলী আজম, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ২৭/০৩/২০১২ হতে ১১/০২/২০১৪ তারিখ পর্যন্ত এবং জনাব মোঃ রায়হান বাদশা, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ১২/০২/২০১৪ হতে ১৮/১২/২০১৪ তারিখ পর্যন্ত প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। প্রকল্প গ্রহণের পূর্বেই কিভাবে দুইজন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন তা বোধগম্য নয়;

ঙ) পিসিআর এর অধ্যায়-G এর ০৫ নং অনুচ্ছেদে (উপ-অনুচ্ছেদ ৫.৬ এবং ৫.১৪) বলা হয় কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় প্রকল্প সমাপ্তি বিলম্বিত হয়েছে/ সময় ও ব্যয় বৃদ্ধি পেয়েছে । কিন্তু প্রকল্পের নথি, ডিপিপিএবং পিসিআর বিশ্লেষণে দেখা যায় প্রকল্পের কাজের পরিধি বৃদ্ধি পায়নি। উক্ত দাবি অসামঞ্জস্যপূর্ণ পরিলক্ষিত হয়েছে;

চ) পিসিআর এর অধ্যায়-G এর ০৫ নং অনুচ্ছেদে (উপ-অনুচ্ছেদ ৫.৫) বলা হয় কনসালটেন্সি সার্ভিস সন্তোষজনক নয়। অথচ প্রকল্পে কনসালটেন্সি সার্ভিসের সংস্থান নেই;

ছ) ০১টি ৪-তলা একাডেমিক-কাম-প্রশাসনিক ভবন, ০১টি ৪-তলা একাডেমিক ভবন, ০১টি ৫-তলা ছাত্রী হোস্টেল, ০১টি ৩-তলা প্রিন্সিপাল ও সুপার কোয়াটার, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ এবং ০১টি গভীর নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে;

জ) প্রকল্পের আর্থিক কার্যক্রমের সচ্ছতানিশ্চিত করতে অর্থবছরভিত্তিক ইন্টারনাল ও এক্সটারনাল অডিট করা প্রয়োজন। কিন্তু পিসিআর মোতাবেক প্রকল্পের চারটি অর্থবছর (২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮) এর ইন্টারনাল ও এক্সটারনাল অডিট করা হয়নি;

ঝ) প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৮১২.০০ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় ১৫৪২.৮০ লক্ষ টাকা। অর্থাৎ ২৬৯.২০ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে;

ঞ) একাডেমিক ভবনের নিচতলায় অবস্থিত টয়লেটের দরজা দেয়াল হতে কিছুটা সরে পড়েছে। অর্থাৎ দরজাটি সঠিকভাবে স্থাপন করা হয়নি। (চিত্র ১৪.৮, ১৪.১০)

ট) প্রকল্পের আওতায় প্রদত্ত আসবাবপত্রের কিছু অংশ একটি কক্ষে ফেলে রাখা হয়েছে (চিত্র: ১৪.৭-১৪.৮) এবং কিছু আসবাবপত্র বিভিন্ন স্থানে অযত্নে ফেলে রাখা হয়েছে (চিত্র: ১৪.৪-১৪.৬)। তাছাড়া ভবনের দেয়ালে ময়লা জমে আছে। আবার প্রশাসনিক ভবন এবং প্রশাসনিক-কাম-একাডেমিক ভবনে অনেক কক্ষ অব্যবহৃত পড়ে আছে। ফলে দেখা যায়, প্রকল্পের আওতায় সৃষ্ট/প্রদত্ত সুবিধাদির উপযুক্ত ব্যবহার ও রক্ষণাবেক্ষণে সার্বিক ব্যবস্থাপনার অভাব রয়েছে;

ঠ) প্রশাসনিক-কাম-একাডেমিক ভবনে পশ্চিম দিক হতে বৃষ্টির পানি প্রবেশ করে। এতে ভবনের কক্ষে থাকা আসবাবপত্র নষ্ট হওয়ার আশংঙ্কা রয়েছে;

১৭। মতামত/ সুপারিশ:

ক) ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যেই পিসিআর প্রেরণে মন্ত্রণালয় সচেতন থাকবে;

খ) আলোচ্য প্রকল্পের পিসিআর-এ বাস্তবায়ন তদারকি, পিএসসি/পিআইসি আয়োজনসহ কিছু তথ্যের ঘাটতি (যেমন প্রকল্পের দুটি অঙ্গের ব্যয় উল্লেখ না করা, মন্ত্রণালয় ও সংস্থা কর্তৃক তদারকির সুনির্দিষ্ট তথ্য না দেয়া ইত্যাদি) রয়েছে। তাছাড়াপিসিআর -এ কিছু অসমাঞ্জস্যপূর্ণ তথ্য (প্রকল্প গ্রহণের পূর্বেই প্রকল্প পরিচালক হিসেবে দুজন কর্মকর্তার দায়িত্ব পালন, প্রকল্পেরকাজের পরিধি বৃদ্ধিনা পেলেও ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কারণ হিসেবে কাজের পরিধি বৃদ্ধির উল্লেখ করা ইত্যাদি) পরিলক্ষিত হয়েছে।; (অনুচ্ছেদ ১৬ এর খ -চ দ্র ষ্টব্য)। পিসিআর প্রয়োজনীয় এবং সামঞ্জস্যপূর্ণ তথ্য সমৃদ্ধ হওয়া বাঞ্চনীয়। পিসিআর এ এমন অসামঞ্জস্য পূর্ণ তথ্য ও তথ্য ঘাটতির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং গৃহীত ব্যবস্থার প্রতিবেদন/তথ্য আইএমইডিতে প্রেরণ করতে হবে;

গ) প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত সকল অর্থবছরের অডিট করতে হবে;

ঘ) প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের অব্যয়িত ২৬৯.২০ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দিতে হবে;

ঙ) প্রকল্পের আওতায় সৃষ্ট/প্রদত্ত সুবিধাদির উপযুক্ত ব্যবহার ও রক্ষণাবেক্ষণে সার্বিক ব্যবস্থাপনার অভাব পরিলক্ষিত হয়েছে। প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধার উপযুক্ত ব্যবহার নিশ্চিত করাসহ এটি টেকসই করার লক্ষ্যে এর নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;(অনুচ্ছেদ ১৬ এরঞ-ঠ দ্রষ্টব্য)

চ) উপর্যুক্ত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২০ কার্য দিবসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।